16.	08-08-2024	Shariatpur	1. Faruk Mollah (45) 2. Farhad Mollah (35)	Awami League supporters	Hacked to death	2	ANNEX-16

17.	10-08-2024	Meherpur	Alam Hossain (35)	Awami League supporter	Hacked to death	1	ANNEX-17
18.	09-08-2024	Moulvibazar	Shirajul Islam Sana (50)	General secretary Awami League	Murdered	1	ANNEX-18
19.	13-08-2024	Bogura	Babor Ali (50)	Awami League Member	Hacked to death	1	ANNEX-19
20.	13-08-2024	Chandpur	Bacchu Khan	General Secretary Awami League	Hacked to death	1	ANNEX-20
21.	14-08-2024	Sylhet	Monirujzaman Lilu (48)	Awami League	Hacked to death	1	ANNEX-21
22.	24-08-2024	Munshiganj	Nasir Sheikh (45)	Jubo League leader	Shot dead	1	ANNEX-22
23.	25-08-2024	Ujirpura, Barisal	Idris Hawladar (40) and Sagor Hawladar (27)	Shalta Union, Awami League 2 no ward President, Awami League Member	Hacked to death	2	ANNEX-23
24.	28-08-2024	Patuakhali	Shaila Shikder (22)	Upazila, Chatra League Vice President	Murder	1	ANNEX-24
25.	29-08-2024	Rangamati	Abdul Mannan (27)	General Secretary Sramika League	Hacked to death	1	ANNEX-25
26.	29-08-2024	Chittagong	Md Anis (38) and Masud Kaiser (32)	Awami League Member	Shot dead	2	ANNEX-26
27.	31-08-2024	Narsingdi	Lijon Mulla (30)	Narsingdi District, Motshogbi League Member	Hacked to death	1	ANNEX-27
28.	31-08-2024	Dhanmondi-32, Dhaka,	MA Momin Patoari (58)	Awami League leader, Lakshmipur, Ramganj	Murder	1	ANNEX-28
29.	07-09-2024	Rajshahi	Abdullah Al Masud	Rajshahi University Branch, Former Secretary Chatra League and Section Officer Rajshahi University, Rajshahi	Lynched to death	1	ANNEX-29
30.	19-09-2024	Savar, Dhaka	Shamim Ahmed	Former Organizing Secretary, Jahangirnagar University Chatra League	Murder	1	ANNEX-30
31.	19-09-2024	Barguna	Tofazzal	President, Chhatra League	Murder	1	ANNEX-31

32.	25-09-2024	Barisal	Mohammod Momin Mia (32)	18 no ward Jubo League Convener	Murder	1	ANNEX-32
33.	27-09-2024	Damuda, Shariatpur	Rasel Sardar (38)	Jubo League Member	Hacked to death	1	ANNEX-33
34.	29-09-2024	Noakhali	Md Abdus Shahid (43)	Vice President, Jubo League	Lynched to death	1	ANNEX-34
35.	30-09-2024	Kushtia	Naim Uddin Sentu (70)	Awami League leader	Shot dead	1	ANNEX-35
36.	30-09-2024	Sylhet	Fakar Uddin (38)	Village Jubo league leader	Lynched to death	1	ANNEX-36
37.	01-10-2024	Chandpur	Nazrul Islam Dhali	Secretary, Union Awami League	Murder	1	ANNEX-37
38.	07-10-2024	Dhaka	Jahangir Hossain (47)	Shampur Thana Awami League member	Hacked to Death	1	ANNEX-38
39.	08-10-2024	Gaibandha	Mostak Ahmed (45)	President, Awami League and UP member	Murder	1	ANNEX-39
40.	08-10-2024	Munshiganj	Shahjahan Sheikh	Publication Secretary, Awami League	Murder	1	ANNEX-40
41.	08-10-2024	Jhalkathi	Jafor Ali Khan (45)	Awrabunia Union 3 no word Awami League Secretary	Hacked to Death	1	ANNEX-41
42.	09-10-2024	Rajshahi	Sahabul Islam (42)	Keshorhat Municipality 9 no word Awami League member	Murder	1	ANNEX-42
43.	18-10-2024	Chattragram	Md Firoz Khan (35)	Jubo League leader	Hacked to Death	1	ANNEX-43
44.	21-10-2024	Chattragram	Aftab UddinTahsin (26)	Chadgao Thana Chatro League activist	Shot Dead	1	ANNEX-44
45.	25-10-2024	Chattragram	Abu Taher Bhuiya (52)	Mirsaraisadar Union Ward Awami League President	Murder	1	ANNEX-45
46.	28-10-2024	Rajsahi	Md Meem (29	Ramchandrapur area Jubo League activist	Murder	1	ANNEX-46
47.	30-10-2024	Chowgacha, Jessore	Anisur Rahman (55)	Awami League leader	Hacked to death	1	ANNEX-47

48.	31-10-2024	Daulatpur, Kushtia	1. Hamidul Islam (48) 2. Nazrul Islam (45)	Aria Union Awami League leader	Hacked to death	2	ANNEX-48
49.	04-11-2024	Rajshahi	Shaidur Rahman (45)	President of 8N. Dorappur Union Jubo League	Lynched to death	1	ANNEX-49
50.	13-11-2024	Rajshahi	Dulal Sarkar (46)	President , Jubo League	Hacked to death	1	ANNEX-50
51.	13-11-2024	Rabari, Binodpur	Tanbir Sheikh (20)	General Secretary, Chhatra league, Binodpur	Hacked to death	1	ANNEX-51
52.	14-11-2024	Chattagram	Nazmul Hasan Roni (35)	Ex General Secretary, Charkakra Union, Jubo League	Hacked to death	1	ANNEX-52
53.	18-11-2024	Pabna, Iswardi	Manik Hossain (45)	Member of Jubo League	Hacked to death	1	ANNEX-53
54.	25-11-2024	Chattagram	Delwar Hossain (45)	Member, Awami League	Hacked to death	1	ANNEX-54
55.	28-11-2024	Dhaka	Ferdous Sheikh (45)	Jubo League leader	Murder	1	ANNEX-55
56.	06-12-2024	Panchagarh, Boda Upazilla	Arina Begam (45)	Mother of Chhatra League Member	Murder	1	ANNEX-56
57.	07-12-2024	Moulvi Bazar, Syleth	Sheikh Meherunnisa (65) and Fulesha Begam (60)	Mother and aunt of a Jubo League Member	Murder	2	ANNEX-57
58.	17-12-2024	Chapainawabganj	Md. Masud Rana (21) and Md. Raihan (12)	Chapainawabganj Vice-President, Vice-General Secretary, Chhatra League	Hacked to death	2	ANNEX-58
59.	21-12-2024	Narayanganj	Ahmed Siam (18)	Chhatra League Member Potulia, Narayanganj	Hacked to death	1	ANNEX-59
60.	23-12-2024	Kaptai Upazilla, Rangamati	Obayed Ullah (43)	Vice President Jubo League, Raikhali Union	Hacked to death	1	ANNEX-60
61.	29-12-2024	Jessore	Zia Udin Palash (45)	General Secretary, Nawapara Councillor	Hacked to death	1	ANNEX-61
62.	09-01-2025	Daulotpur, Cox's Bazar	Golam Rabbani Tipu (55)	Ex Councillor, Awami league	Shot dead	1	ANNEX-62
63.	27-01-2025	Potuakhali, Bauphal	Sujan Hacladar (30)	Member of Jubo League	Hacked to death	1	ANNEX-63

64.	13-02-2025	Rangpur	Abdullha Al Mamun (29)	Gaibandha Ex. Chhatra League leader	Hacked to death	1	ANNEX-64
65.	18-02-2025	Dinajpur	Bharat Chandra Roy (48)	Organizing Secretary, Dinajpur, Awami League	Hacked to death	1	ANNEX-65
66.	21-03-2025	Narsingdi, Roypur	Amin (23) and Bashar (35)	Awami League Supporter	Shot dead	2	ANNEX-66
Total						102	

5. List of the Awami League members hacked to death

Sl No	Date	Place of murder	Name of the murdered Awami League activists	Political affiliation	Number of persons killed	ANNEX NO.
1.	05-08-2024	Noakhali	1. Md. Tanvir (30) 2. Md. Yasin (32) 3. Md. Rayhan (18) 4. Maksudul Alam Roni (28)	1. Md. Tanvir (30) of Hossainpur, Bargaon Union, Sonaimuri, Noakhali Local Awami League Leader 2. Md. Yasin (32), Shimulia village and a local Awami League Leader 3. Md. Rayhan (18), Sonaimuri Municipality and a Chhatra League leader 4. Maksudul Alam Roni, Juba League leader	4	ANNEX-5
2.	05-08-2024	Patuakhali, Bawfol	Monirul Islam Shahin	Jubo League Member	1	ANNEX-9
3.	06-08-2024	Chuadanga	Golam Faruk Jowaddar (57)	President, District Farmer League	1	ANNEX-10
4.	06-08-2024	Bagura	1. Rana Paikor (38) 2. Nur Alam (28)	Members of Jubo League	2	ANNEX-11
5.	07-08-2024	Feni	Payer Ahmed (46) Sadar	Businessman and local Awami League activist	1	ANNEX-13
6.	07-08-2024	Feni, Sonagaji	1. Musfikur Rahaman Mishu (43) 2. Badsha Mia (40)	Jubo League Leader, Jubo League Member	2	ANNEX-14
7.	08-08-2024	Shariatpur	1. Faruk Mollah (45) 2. Farhad Mollah (35)	Awami League supporters	2	ANNEX-16
8.	10-08-2024	Meherpur	Alam Hossain (35)	Awami League supporter	1	ANNEX-17
9.	13-08-2024	Bogura	Babor Ali (50)	Awami League Member	1	ANNEX-19
10.	13-08-2024	Chandpur	Bacchu Khan	General secretary Awami League	1	ANNEX-20
11.	14-08-2024	Sylhet	Monirujzaman Lilu (48)	Awami League	1	ANNEX-21

12.	25-08-2024	Ujirpura, Barisal	Idris Hawladar (40) and Sagor Hawladar (27)	Shalta Union, Awami League 2 no ward President, Awami League Member	2	ANNEX-23
13.	29-08-2024	Rangamati	Abdul Mannan (27)	General Secretary Sramika League	1	ANNEX-25
14.	31-08-2024	Narsingdi	Lijon Mulla (30)	Narsingdi District, Motshogibi League Member	1	ANNEX-27
15.	27-09-2024	Damuda, Shariatpur	Rasel Sardar (38)	Jubo League Member	1	ANNEX-33
16.	07-10-2024	Dhaka	Jahangir Hossain (47)	Shampur Thana Awami League member	1	ANNEX-38
17.	08-10-2024	Jhalkathi	Jafor Ali Khan (45)	Awrabunia Union 3 no word Awami League secretary	1	ANNEX-41
18.	18-10-2024	Chattagram	Md Firoz Khan (35)	Jubo League Leader	1	ANNEX-43
19.	30-10-2024	Chowgacha, Jessore	Anisur Rahman (55)	Awami League Leader	1	ANNEX-47
20.	31-10-2024	Daulatpur, Kushtia	1. Hamidul Islam (48), 2. Nazrul Islam (45)	Aria Union Awami League leader	2	ANNEX-48
21.	13-11-2024	Rajshahi	Dulal Sarkar (46)	President , Jubo League	1	ANNEX-50
22.	13-11-2024	Rabari, Binodpur	Tanbir Sheikh (20)	General Secretary, Chhatra league, Binodpur	1	ANNEX-51
23.	14-11-2024	Chattagram	Nazmul Hasan Roni (35)	Ex General Secretary, Charkakra Union, Jubo League	1	ANNEX-52
24.	18-11-2024	Pabna, Iswardi	Manik Hossain (45)	Member of Jubo League	1	ANNEX-53
25.	25-11-2024	Chattagram	Delwar Hossain (45)	Member, Awami League	1	ANNEX-54
26.	17-12-2024	Chapainawabganj	Md. Masud Rana (21) and Md. Raihan (12)	Chapainawabganj Vice-President, Vice-General Secretary, Chhatra League	2	ANNEX-58
27.	21-12-2024	Narayanganj	Ahmed Siam (18)	Chhatra League Member Potulla, Narayanganj	1	ANNEX-59

28.	23-12-2024	Kaptai Upazilla, Rangamati	Obayed Ullah (43)	Vice President Jubo League, Raikhali Union	1	ANNEX-60
29.	29-12-2024	Jessore	Zia Udin Palash (45)	General Secretary, Nawapara Councillor	1	ANNEX-61
30.	27-01-2025	Potuakhali, Bauphal	Sujan Haoladar (30)	Member of Jubo League	1	ANNEX-63
31.	13-02-2025	Rangpur	Abdullha Al Mamun (29)	Gaibandha Ex. Chhatra League Leader	1	ANNEX-64
32.	18-02-2025	Dinajpur	Bharat Chandra Roy (48)	Organizing Secretary, Dinajpur, Awami League	1	ANNEX-65
	Total				**41**	

samakal.com/banglades

সমকাল

ANNEX-1

6. Original news reports on the list of the Awami League members murdered under the Interim Government

» বাংলাদেশ » দেশজুড়ে রক্তক্ষয়ী সংঘাত, নিহত ১০১

দেশজুড়ে রক্তক্ষয়ী সংঘাত, নিহত ১০১

অসহযোগ কর্মসূচিতে অগ্নিগর্ভ দেশ



ছবি-সমকাল

সমকাল

সিরাজগঞ্জে পুলিশসহ নিহত ২২

সিরাজগঞ্জের এনায়েতপুর থানা ঘেরাও করে কমপক্ষে ১৩ পুলিশ সদস্যকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এদিকে রায়গঞ্জ ও সদর উপজেলায় উপজেলায় আন্দোলনকারীর সঙ্গে পুলিশ ও ক্ষমতাসীন দলের নেতাকর্মীদের সংঘর্ষে ৯ জন নিহত হয়েছেন। রায়গঞ্জে নিহতরা হলেন– দৈনিক খবরপত্রের রায়গঞ্জ উপজেলা প্রতিনিধি সাংবাদিক প্রদীপ কুমার ভৌমিক, ব্রক্ষগাছা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সারোয়ার লিটন ও তাঁর আপন ছোট ভাই ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম হোসেন টিটো, রায়গঞ্জ উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মেহেদী হাসান ইলিয়াস ও সাধারণ সম্পাদক আলামিন সরকার। সিরাজগঞ্জ সদরে নিহত তিনজন হলেন– শহরের মাছিমপুর দক্ষিণপাড়ার যুবদল নেতা রঞ্জুর শেখ, কর্মী গয়লা মহল্লার সুমন শেখ ও আব্দুল লতিফ।

ANNEX-2

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও | ছবি | ভিডিও



জেলা

বরিশালে সাবেক মেয়র সাদিকের বাড়িতে আগুন, ৩ পোড়া লাশ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক বরিশাল

প্রকাশ: ০৫ আগস্ট ২০২৪, ২২: ৫৬

অ+ অ−



ফলো করুন



বরিশালের সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহর বাসভবনে হামলা চালিয়ে আগুন ধরিয়ে দেওয়া হয়। সোমবার বিকেলে বরিশাল নগরের কালীবাড়ি রোডে। *ছবি: সাইয়ান*

বরিশাল মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহর বাসভবনে আগুন দিয়েছেন বিক্ষুব্ধ লোকজন। পরে ওই বাড়ি থেকে তিনটি লাশ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস।

আজ সোমবার সন্ধ্যায় নগরের কালীবাড়ি রোডে সাদিক আবদুল্লাহর পৈতৃক বাড়িতে ভাঙচুর করে আগুন দেওয়া হয়। এতে দোতলা বাসভবনের অনেকাংশ পুড়ে যায়। এ সময় সাদিক আবদুল্লাহ বাড়িতে ছিলেন না।

বিজ্ঞাপন



বেলা আড়াইটার দিকে নগরের ২০ নম্বর ওয়ার্ড কাউন্সিলর জিয়াউর রহমানের (বিপ্লব) কার্যালয় ভাঙচুর করা হয়। কার্যালয়ের সব মাল বাইরে বের করে অগ্নিসংযোগ করা হয়। এরপর সাবেক সিটি মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহর বাসভবন, সদর রোডে মহানগর আওয়ামী লীগের কার্যালয়, সিটি করপোরেশনের অ্যানেক্স ভবন, কাকলীর মোড় পুলিশ বক্স, কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে বঙ্গবন্ধু অডিটরিয়াম, বর্তমান সিটি মেয়র আবুল খায়ের আবদুল্লাহর নগরের কালুশাহ সড়কের ভাড়া বাসা, নবগ্রাম রোডে পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুকের বাসভবনে তৃতীয়বারের মতো হামলা-ভাঙচুর করে অগ্নিসংযোগ করা হয়। ব্যাপক ভাঙচুর ও লুটপাট হয় বরিশাল ক্লাবে।


ANNEX-3
শরীয়তপুরে যুবলীগ কর্মী হত্যা
jamuna tv

প্রচ্ছদ

ANNEX-4



বাংলারজমিন

শাহরাস্তিতে ইউপি চেয়ারম্যানের লাশ উদ্ধার

শাহরাস্তি (চাঁদপুর) প্রতিনিধি

৭ আগস্ট ২০২৪, বুধবার



চাঁদপুরের শাহরাস্তি উপজেলা আওয়ামী লীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ইউপি চেয়ারম্যান মোস্তফা কামাল মজুমদারের মরদেহ পুকুর থেকে উদ্ধার করেছে তার স্বজনরা। জানা যায়, সোমবার শাহরাস্তি উপজেলার শুচিপাড়া উত্তর ইউপি'র বর্তমান চেয়ারম্যান আওয়ামী লীগ নেতা মোস্তফা কামাল মজুমদার তার নির্বাচনী এলাকায় অবস্থান করছিলেন। পরে সন্ধ্যায় স্থানীয় শোরসাক বাজার এলাকার লোকজনের সঙ্গে কথা বলে তিনি বাড়িতে ফিরে যান। ওই সময় তিনি তার ঘরের সামনে দাঁড়িয়ে থাকা অবস্থায় তার ওপর একদল দুর্বৃত্ত অতর্কিত হামলা চালায়। ওই দৃশ্য দেখে চেয়ারম্যান মোস্তফার ছোট ভাই হুমায়ুন কবির হামলাকারীদের বাধা দেয়ার চেষ্টা করেন। এতে হামলাকারী দুর্বৃত্তের দল হুমায়ুনকে বেদম প্রহার করে। এতে চেয়ারম্যান প্রাণের ভয়ে পার্শ্ববর্তী পুকুরে ঝাঁপ দিয়ে আত্মরক্ষার চেষ্টা করেন। একপর্যায়ে দুর্বৃত্তদের দল সেখান থেকে কেটে পড়ে। পরে তার স্বজনরা ও স্থানীয়রা চেয়ারম্যানকে বিভিন্ন জায়গায় খোঁজ করেন। মঙ্গলবার সকালে চেয়ারম্যানের বাসগৃহের পশ্চিম পাশের পুকুরে তার মরদেহ স্বজনরা খুঁজে পান। এ ছাড়া বিক্ষিপ্ত ঘটনায় শাহরাস্তি পৌরসভা মেয়র আলহাজ আব্দুল লতিফের বাসগৃহ অগ্নিসংযোগ, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জেড এম আনোয়ারের বাড়ি, আওয়ামী লীগ নেতা আব্দুল মান্নান বেপারীর বাড়ি, আব্দুল গফুরের বাড়ি, ফারুক হোসেনের বেকারি ভাঙচুর করে দুর্বৃত্তরা। বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সেনাবাহিনীর দু'টি টহল গাড়ি নিয়োজিত রয়েছে। একইসঙ্গে শাহরাস্তি উপজেলা নি[redacted] অফিসার মোহাম্মদ ইয়াসির আরাফাত, ওসি আলমগীর

ANNEX-5

CHANNEL 24
সব সময় | সব সিকের | সব খবর

সারাদেশ

সোনাইমুড়ীতে নিহতের সংখ্যা বেড়ে ৮, হদিস নেই ৯ পুলিশ সদস্যের



সুমন ভৌমিক, স্টাফ রিপোর্টার, নোয়াখালী

প্রকাশিত : ১৪:০৭, ০৭ আগস্ট ২০২৪ | আপডেট: ১৪:৩৩, ০৭ আগস্ট ২০২৪




ছবি : চ্যানেল 24

নগদ অ্যাপে সেন্ড মানি ফ্রি নগদ

LIVE
CHANNEL 24
সব সময়। সব দিকের। সব খবর

নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলায় সহিংস ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে আটজন হয়েছে। তাদের মধ্যে তিনজন পুলিশ সদস্য রয়েছেন। এ ছাড়া পুলিশের ৯ জন সদস্য এখনো নিখোঁজ রয়েছেন বলে জানা গেছে।



সোমবার (৫ আগস্ট) বিকেল থেকে মধ্য রাত পর্যন্ত সোনাইমুড়ী উপজেলা সদরে ও আমিশাপাড়া ইউনিয়নে এসব সহিংস ঘটনা ঘটে। এ সময় লুট হয় থানার বেশির ভাগ অস্ত্র ও গুলি। উদ্ভূত পরিস্থিতিতে উপজেলাজুড়ে থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

নগদ অ্যাপে সেন্ড মানি ফ্রি
নগদ

নিহত ব্যক্তিরা হলেন- পুলিশের তিন সদস্য উপ-পরিদর্শক মো. বাছির, দুই কনস্টেবল মো. মোশারফ ও মো. ইব্রাহিম। এ ছাড়াও এলাকার বাসিন্দাদের মধ্যে বারগাঁও ইউনিয়নের হোসেনপুর গ্রামের মো. তানভির (৩০), সোনাইমুড়ী পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা ইয়াছির আরাফাত (১৪), শিমুলিয়া গ্রামের মো. ইয়াছিন (৩২) ও সোনাইমুড়ী পৌর এলাকার মো. রায়হান (১৮)। আমিশাপাড়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের সদস্য মাকসুদুল আলম রনিকে (২৮) এক দল দুর্বৃত্ত পিটিয়ে ও কুপিয়ে হত্যা করে। রনি স্থানীয় আইছপাড়া গ্রামের বাসিন্দা।

প্রসঙ্গত, শেখ হাসিনার পদত্যাগ এবং দেশ ত্যাগের সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে বিক্ষুব্ধ জনতা লাঠি-সোঠা নিয়ে কাদের মির্জার বড় রাজাপুর গ্রামের বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। বিক্ষুব্ধরা একে একে বসুরহাট পৌরসভা কার্যালয়, মির্জা টাওয়ার, উপজেলা আওয়ামী লীগ অফিসসহ বেশ কয়েকস্থানে ভাঙচুর ও অগ্নিসংযোগ চালায়। এছাড়াও বসুরহাট জিরো পয়েন্ট, উপজেলা পরিষদ চত্বরে থাকা বিভিন্ন ম্যুরাল ভেঙে গুঁড়িয়ে দেয়।

আরও পড়ুন: ঝিনাইদহ শহর পরিষ্কার ও ট্রাফিকের দায়িত্বে শিক্ষার্থীরা

নগদ অ্যাপে সেন্ড মানি ফ্রি
নগদ

Jagonews24.com ভিডিও EN

ANNEX-6

লক্ষ্মীপুরে যুবলীগ নেতাসহ নিহত ৩

জেলা প্রতিনিধি | লক্ষ্মীপুর | প্রকাশিত: ০৮:৪৪ পিএম, ০৬ আগস্ট ২০২৪



লক্ষ্মীপুরের রামগঞ্জে আলাদা ঘটনায় দুজনকে পিটিয়ে হত্যা করা হয়েছে। নিহতদের মধ্যে একজন যুবলীগ নেতাও রয়েছেন। সেইসঙ্গে আগুন দেওয়ার কারণে ভয়ে এমপি আনোয়ার হোসেন খানের বাণিজ্যিক ভবনের ছাদ থেকে লাফ দিয়ে পড়ে এক শিশুর মৃত্যু হয়েছে। সোমবার (৫ আগস্ট) এসব ঘটনা ঘটে।

স্থানীয় সূত্র জানায়, রামগঞ্জে গত দুদিনে থানা, উপজেলা পরিষদের অন্তত ১২টি কার্যালয় এবং আওয়ামী লীগের আট নেতার কার্যালয়-বাড়িতে হামলা-ভাঙচুর, অস্ত্র লুটসহ আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। সবশেষ মঙ্গলবার (৬ আগস্ট) সকালে উপজেলা ছাত্রলীগের সহসভাপতি মেহেদী মঞ্জুর বাড়িতে ভাঙচুর করা হয়।



বিজ্ঞাপন

সন্ধ্যায় রামগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা স্বেচ্ছাসেবকলীগের সাংগঠনিক সম্পাক ইমতিয়াজ আরাফাত তিনজনের মৃত্যু ও হামলা-ভাঙচুরের বিষয়টি নিশ্চিত করেছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছাড়ার খবরে সোমবার বিকেলে আন্দোলনকারীরা উপজেলার ভোলাকোটের আথাকরা গ্রামের যুবলীগ নেতা মো. নাসিরকে আটক করেন। এসময় তাকে প্রকাশ্যে পিটুনি দিয়ে হত্যা করা। সারারাত মরদেহ রাস্তার ওপর পড়ে থাকলেও কেউ এগিয়ে আসেননি। মঙ্গলবার সকালে জানাজা ছাড়াই নিহতের বোনরা মরদেহ দাফন করে।

বিজ্ঞাপন

ADVERTISEMENT



নিহত নাসির জেলা যুবলীগের বিলুপ্ত কমিটির সদস্য ও ভোলাকোট ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বশির আহমেদ মানিকের ছোট ভাই।



বিজ্ঞাপন

একই সময় লক্ষ্মীপুর-১ (রামগঞ্জ) আসনের এমপি আনোয়ার হোসেন খানের মালিকানাধীন খান টাওয়ারে ভাঙচুর করে আগুন দেন আন্দোলনকারীরা। জীবন বাঁচাতে ভবনের ছাদ থেকে লাফিয়ে পড়ে ১২ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। তবে তার নাম-পরিচয় জানা যায়নি। পৌরসভার কাউন্সিলর কামরুল হাসান ফয়সাল মাল বিষয়টি নিশ্চিত করেছেন।

এছাড়া জমি নিয়ে বিরোধের জেরে সোমবার রাতে রামগঞ্জ পৌর শহরের সোনাপুর এলাকায় মনির হোসেন আটিয়া (৬০) নামের এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করেছে প্রতিপক্ষরা। নিহতের পরিবারের ভাষ্যমতে, একই জসিম, নাছির ও কামাল হামলা চালিয়ে পরিকল্পিতভাবে এ হত্যাকাণ্ড ঘটিয়েছে।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ANNEX-7

হোম >> দেশ >> খুলনা বিভাগ

খুলনায় বিক্ষুব্ধদের হামলায় উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ নিহত ৩

খুলনা প্রতিনিধি

০৫ আগস্ট ২০২৪, ২১:০৩



জি এম মহসিন রেজা (ছবি: সংগৃহীত)

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

খুলনার কয়রায় বিক্ষুব্ধ আন্দোলনকারীদের পিটুনিতে কয়রা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জি এম মহসিন রেজাসহ তিন জন নিহত হয়েছেন। নিহত অপর দুজন হলেন জি এম মহসিন রেজার গাড়িচালক আলমগীর হোসেন ও ব্যক্তিগত সহকারী মফিজুল ইসলাম।

সোমবার (৫ আগস্ট) বিকাল ৩টার দিকে এ ঘটনা ঘটে। ঘটনাস্থলে বর্তমানে থমথমে পরিস্থিতি বিরাজ করছে। কয়রা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শেখ হাসিনার পদত্যাগ ও দেশত্যাগের খবর পেয়ে বিজয় উৎসবের মিছিল বের করে বিক্ষুব্ধ আন্দোলনকারীরা। মিছিলটি জি এম মহসিন রেজার বাসভবনের সামনে গেলে মহসিন রেজা ব্যক্তিগত পিস্তল দিয়ে ৭ রাউন্ড গুলি করেন। এতে সাত জন গুলিবিদ্ধ হয়। পরে বিক্ষুব্ধ জনতা জি এম মহসিন রেজার বাসভবনে ঢুকে তাকে ও তার দুই সহযোগীকে ব্যাপক মারধর ও বাড়ির মালামালে আগুন ধরিয়ে দেয়। আগুনে পুড়ে জিএম মহসিন রেজাসহ তিন জন ঘটনাস্থলে নিহত হন।

Share


ANNEX-8

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও ভিডিও ভিডিও



জেলা

সাতক্ষীরায় আওয়ামী লীগ নেতার ৫ স্বজনসহ নিহত ১৪

নিজস্ব প্রতিবেদক সাতক্ষীরা

আপডেট: ০৬ আগস্ট ২০২৪, ১৭: ১৭



প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng



সাতক্ষীরা জেলা ট্রাফিক কার্যালয়ে আগুন দেয় দুর্বৃত্তরা। সোমবার সন্ধ্যায় | *ছবি: সংগৃহীত*

প্রধানমন্ত্রীর পদ থেকে শেখ হাসিনার পদত্যাগ ও দেশত্যাগের খবরে সাতক্ষীরায় হামলা ও সহিংসতায় ১৪ জন নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের মধ্যে বিএনপির দুজন আছেন। বাকিদের অধিকাংশই আওয়ামী লীগের নেতা-কর্মী। এ সময় একাধিক আওয়ামী লীগ নেতা-কর্মীর বাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটে।

সাতক্ষীরা সদর ও শ্যামনগর থানা এবং ট্রাফিক কার্যালয়ে অগ্নিসংযোগ ও লুটপাটের কথা জানিয়েছে পুলিশ।

বিজ্ঞাপন

প্রথম আলো
Login
সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng
A FILM BY SHIHAB SHAHEEN
চলছে আপনার কাছের সিনেমা হল-এ

নিহত ব্যক্তিদের মধ্যে আছেন জেলার আশাশুনি উপজেলার প্রতাপনগর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও কল্যাণপুর গ্রামের বাসিন্দা জাকির হোসেন, তাঁর ভাই জাহাঙ্গীর হোসেন, ভাইপো সজিব হোসেন, ভাগনে আশিকুর রহমান, স্বজন সাকের আলী ও গাড়িচালক শাহিন হোসেন।

এ ছাড়া আশাশুনি থানার কল্যাণপুর গ্রামের আদম আলী (২৮), কোলা গ্রামের আনাজ বিল্লাহ (১৭) ও কুড়িকাউনিয়া গ্রামের আনাজ আলী (১৮), সদর উপজেলার বৈকারি গ্রামের আওয়ামী লীগের কর্মী আসাফুর রহমান (৪০), মৃগাডাঙ্গা গ্রামের তৌহিদ ইসলাম (৩০), সাইফুল ইসলাম (২৫), বিএনপির কর্মী জাহিদ হোসেন (২৮) ও ফারুক হোসেন (৩৫) নিহত হয়েছেন।

বিজ্ঞাপন



ফলো করুন



প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্র জানায়, শেখ হাসিনার দেশত্যাগের খবর ছড়িয়ে পড়ার পর প্রতাপনগর ইউনিয়নের কয়েক হাজার লোক এক জোট হয়ে সন্ধ্যা ছয়টার দিকে আওয়ামী লীগ নেতা জাকির হোসেনের কল্যাণপুরের বাড়িতে হামলা করে। এ সময় জাকির বন্দুক দিয়ে গুলি করেন। গুলিতে ঘটনাস্থলেই আদম আলী, আনাজ বিল্লাহ ও আনাজ আলী (১৮) মারা যান। এরপর জাকিরের বাড়িতে আগুন ধরিয়ে দেয় হামলাকারীরা। তারা রাত আটটার দিকে জাকিরসহ তার পাঁচ স্বজনকে পিটিয়ে হত্যা করে। প্রতাপনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু দাউদ বিষয়টি নিশ্চিত করেন।

একইভাবে গতকাল রাতে সদর উপজেলার বৈকারি গ্রামের আওয়ামী লীগ কর্মী আসাফুর রহমানকে পিটিয়ে হত্যা করে। রাত নয়টার দিকে মৃগাডাঙ্গা আওয়ামী লীগ ও বিএনপির কর্মীদের মধ্যে সংঘর্ষে মৃগাডাঙ্গা গ্রামের আওয়ামী লীগ কর্মী তৌহিদ ইসলাম, সাইফুল ইসলাম, বিএনপির কর্মী জাহিদ হোসেন (২৮) ও ফারুক হোসেন নিহত হন। বৈকারি ইউপির চেয়ারম্যান আবু মোহাম্মদ মোস্তফা কামাল বিষয়টি নিশ্চিত করেন।

বিজ্ঞাপন

Accounting software guide

Findyourwayhere

Open

ANNEX-9

কালের কণ্ঠ

ই-পেপার

10	ACFL	17.50	ACI	197.50	ACIFOR	
)%	-0.50	-2.78%	13.60	7.40%	7.30	

/ সারাবাংলা

প্রকাশ: ০৫ আগস্ট, ২০২৪ ২৩:৩৬

পটুয়াখালীতে যুবলীগ কর্মীকে কুপিয়ে হত্যা

পটুয়াখালী প্রতিনিধি

অ + অ -



পটুয়াখালীর বাউফলে মনিরুল ইসলাম শাহীন নামে যুবলীগের এক কর্মীকে কুপিয়ে হত্যা করেছে বিক্ষুব্ধ ছাত্র-জনতা।

সোমবার (৫ আগস্ট) সন্ধ্যা ৬টার দিকে উপজেলার মদনপুরা ইউনিয়নের চন্দপাড়া এলাকায় এ ঘটনাটি ঘটে। নিহত শাহীনের আপন খালাতো বোন জায়েদা বেগম বিষয়টি নিশ্চিত করেছেন। এ ঘটনায় ওই এলাকায় এখন থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

শাহীন মদনপুরা ইউনিয়ন যুবলীগের সদস্য।

এদিকে একই উপজেলার কালিশুরি বাজার এলাকায় যুবলীগ কর্মী গৌতম দাসের চক্ষু উৎপাটন করে ছাত্র-জনতা। আজ সোমবার বিকেল ৫টার দিকে এ ঘটনা ঘটেছে।

প্রথম আলো

Login

ANNEX-10

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

জেলা

চুয়াডাঙ্গায় জেলা কৃষক লীগের সভাপতিকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা

প্রতিনিধি চুয়াডাঙ্গা

প্রকাশ: ০৬ আগস্ট ২০২৪, ২০: ৫০



প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng



চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সভাপতিগোলাম ফারুক জোয়ার্দ্দার। *ছবি: সংগৃহীত*

চুয়াডাঙ্গা জেলা কৃষক লীগের সভাপতি সদর উপজেলার মোমিনপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দারকে (৫৭) ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।

আজ মঙ্গলবার বিকেলে দুর্বৃত্তরা মোমিনপুর ইউনিয়নের নীলমণিগঞ্জ বাজারে প্রকাশ্যে হত্যা করে চলে যায়।

বিজ্ঞাপন

ফলো করুন

স্থানীয় বেশ কয়েকজন প্রত্যক্ষদর্শী জানান, গোলাম ফারুক জোয়ার্দ্দার আজ বিকেল পাঁচটার দিকে বাজার থেকে বাড়ির জন্য কিছু ফল কেনেন। ফল কিনে মোটরসাইকেলে সরিষাডাঙ্গা গ্রামের বাড়িতে যাওয়ার সময় পথে দুর্বৃত্তরা দেশি অস্ত্রশস্ত্র নিয়ে নীলমণিগঞ্জ মসজিদের ফটকের সামনে তাঁর গতি রোধ করে। এরপর তারা তাঁকে এলোপাতাড়ি কুপিয়ে ও ছুরিকাঘাতে রক্তাক্ত জখম করে ঘটনাস্থল ত্যাগ করে।

বিজ্ঞাপন



ADVERTISEMENT



ধারালো অস্ত্রের আঘাতে কৃষক লীগের এই নেতার মাথা, কপাল, ঘাড় ও কোমরে বড় ধরনের ক্ষতের সৃষ্টি হয়। স্থানীয় লোকজন তাঁকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে সদর উপজেলার বোয়ালমারী গ্রামে তিনি মারা যান।

নীলমণিগঞ্জ বাজারের কয়েকজন বলেন, কবিখালী গ্রামের একজন মাংস বিক্রেতার নেতৃত্বে দুর্বৃত্তরা এই হামলা চালিয়েছেন।

বিজ্ঞাপন

3/23/25, 9:53 AM Jugantor Epaper | যুগান্তর ইপেপার

সত্যের সন্ধানে নিরন্তর THE DAILY JUGANTOR
যুগান্তর

ANNEX-11

Publish-Date: 2024-08-07 Edition: দ্বিতীয় সংস্করণ

বগুড়ায় দুই যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা

বগুড়া ব্যুরো

বগুড়ায় আধিপত্য বিস্তার ও মাদক ব্যবসা নিয়ে যুবলীগের দুই নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। সোমবার রাতে শহরের মালগ্রাম দীঘিরপাড় এবং শাজাহানপুর উপজেলার খরনা বাজারে দুটি হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। জেলা যুবলীগের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম ডাবলু নিহত দুজনের রাজনৈতিক পরিচয় নিশ্চিত করেছেন।

নিহতরা হলেন—বগুড়া পৌর যুবলীগের ১৪ নম্বর ওয়ার্ড শাখার সদস্য ও মালগ্রাম চাপড়পাড়ার রানা পাইকার (৩৪) এবং শাজাহানপুর উপজেলার খরনা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড যুবলীগের সহসভাপতি ও শাজাহানপুরের দেশমা গ্রামের নূর আলম (২৮)।

স্থানীয়রা জানান, মাদক ব্যবসা নিয়ে বিরোধের জেরে একদল দুর্বৃত্ত সোমবার রাত ৮টার দিকে বগুড়া শহরের মালগ্রাম দীঘিরপাড় এলাকায় যুবলীগ নেতা রানা পাইকারকে কুপিয়ে হত্যা করে। আগুনে পুড়িয়ে দেওয়ায় সদর থানার কার্যক্রম নেই। তাই পুলিশ এ হত্যাকাণ্ডের ব্যাপারে কিছু জানাতে পারেনি। একই রাতে শাজাহানপুর উপজেলার খরনা বাজারে দুর্বৃত্তরা আধিপত্য বিস্তার নিয়ে যুবলীগ নেতা নূর আলমকে কুপিয়ে হত্যা করে। শাজাহানপুর থানার ওসি শহিদুল ইসলাম জানান, এ হত্যাকাণ্ডের কথা শুনেছেন। তবে কেউ থানায় অভিযোগ করেনি। বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের উপ-পরিচালক ডা. আবদুল ওয়াদুদ জানান, সোমবার রাতে নূর আলমকে রক্তাক্ত অবস্থায় আনা হয়। চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। স্বজনরা মরদেহ বাড়িতে নিয়ে গেছেন। আর রানা পাইকার নামে একজনের লাশ মর্গে আছে।

Developed by The Daily Jugantor © 2025

যুগান্তর

ANNEX-12

Publish-Date: 2024-08-07 Edition: দ্বিতীয় সংস্করণ



ইসমাইল

টঙ্গীতে গণপিটুনিতে যুবলীগ নেতা ইসমাইল নিহত

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের টঙ্গীতে গণপিটুনিতে ইসমাইল নামে এক যুবলীগ নেতা নিহত হয়েছেন। সরকারের পতনের খবরে উত্তপ্ত ও বিক্ষুব্ধ জনতা সোমবার রাত ৯টায় ইসমাইলকে টঙ্গী আউচপাড়া সুরতরঙ্গ রোডে ধাওয়া করে পিটুনি দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার বিরুদ্ধে হত্যাকাণ্ড, চাঁদাবাজি, ছিনতাই, মাদক কারবারসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে একাধিক মামলা রয়েছে। ইসমাইল গাজীপুর মহানগরীর টঙ্গী ৫৩ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি পদে ছিলেন।

এলাকাবাসী জানান, ইসমাইল যুবলীগে যোগ দেওয়ার পর খুব বেশি বেপরোয়া হয়ে উঠেন। এলাকার সাধারণ মানুষ ছিল তার কাছে জিম্মি। তিনি টঙ্গী কলেজ গেট ও চেরাগআলী এলাকায় কয়েকটি ফুটপাত নিয়ন্ত্রণ করতেন। এছাড়াও এলাকার সাধারণ ব্যবসায়ী, মার্কেট ও বাড়ির মালিকরা তার চাঁদাবাজিতে অতিষ্ঠ হয়ে পড়েছিল। বাসা-বাড়ির নির্মাণ কাজে বাধা দিয়ে চাঁদাবাজি এবং অনীয় প্রভাব খাটিয়ে এলাকায় বিচার-সালিশের নামে মানুষকে হয়রানি ও জিম্মি করে মোটা অঙ্কের টাকা আদায় করত। পেশাদার সন্ত্রাসী ইসমাইলকে নিয়ে টঙ্গীর অভিজাত এলাকা আউচপাড়া নিয়ন্ত্রণ করায় স্থানীয় সংসদ সদস্য ও তার চাচার প্রতিও এলাকাবাসী ক্ষুব্ধ।

Developed by The Daily Jugantor © 2025

প্রথম আলো **ANNEX-13** Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও ভিডিও ভিডিও



জেলা

ফেনীতে আওয়ামী লীগ কর্মীকে কুপিয়ে হত্যা

প্রতিনিধি ফেনী

প্রকাশ: ০৭ আগস্ট ২০২৪, ১৭: ৪৪



কুপিয়ে হত্যা | *প্রতীকী ছবি*

ফেনীতে পেয়ার আহমেদ (৪৬) নামের একজন আওয়ামী লীগ কর্মীকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। তিনি ফেনী সদর উপজেলার শর্শদি ইউনিয়নের উত্তর জাহানপুর গ্রামের একজন ক্ষুদ্র ব্যবসায়ী ও স্থানীয় আওয়ামী লীগের কর্মী ছিলেন। এ ছাড়া তাঁর দোকান ও বাড়িতে হামলা ভাঙচুর ও লুটপাট চালান দুর্বৃত্তরা।

বিজ্ঞাপন



ফলো করুন

স্থানীয় গ্রামবাসী সূত্রে জানা যায়, সদর উপজেলার ইউনিয়নের উত্তর জাহানপুর গ্রামের পেয়ার আহমেদ একজন আওয়ামী লীগ কর্মী ছিলেন। গ্রামে তাঁর বাড়ির সামনে একটি ছোট্ট দোকান ছিল। গত মঙ্গলবার বেলা ১১টার দিকে পেয়ার আহমেদ ও তাঁর ছেলে কাউসার আহমেদ (২০) দোকানে বসেছিলেন। এ সময় সাত-আটজন দুর্বৃত্ত অস্ত্র নিয়ে তাঁর দোকানে হানা দেন। দুর্বৃত্তরা দোকানে ঢুকেই পেয়ার আহমেদ ও তাঁর ছেলেকে জাপটে ধরে মারধর শুরু করেন। পরে বাবা ও ছেলেকে পাশের একটি পরিত্যক্ত খামারে নিয়ে যান। একপর্যায়ে ছেলে কাউছার কৌশলে ওই দুর্বৃত্তদের হাত থেকে ছুটে দৌড়ে পালিয়ে যান। এরপর দুর্বৃত্তরা পেয়ার আহমেদকে এলোপাতাড়ি কুপিয়ে মৃত্যু নিশ্চিত করে সেখানে তাঁর মরদেহ ফেলে রেখে চলে যান।

বিজ্ঞাপন



ফলো করুন



খবর পেয়ে স্বজন ও গ্রামের লোকজন মঙ্গলবার বিকেলে ওই খামারে গিয়ে লাশ উদ্ধার করে বাড়িতে নিয়ে যান এবং রাতেই পারিবারিক কবরস্থানে লাশ দাফন করা হয়েছে।

প্রসঙ্গত, শেখ হাসিনার পদত্যাগ ও দেশ ছেড়ে চলে যাওয়ার পর থেকে গত তিন দিনে এই নিয়ে ফেনী সদর উপজেলার তিন ইউনিয়নে তিনজন আওয়ামী লীগ ও যুবলীগের কর্মী নিহত হয়েছেন।

বিজ্ঞাপন

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

জেলা থেকে আরও পড়ুন

সময়

ANNEX-14

রবিবার, ৬ এপ্রিল ২০২৫, ২৩শে চৈত্র ১৪৩১

সর্বশেষ EN LIVE

বাংলাদেশ

১৭ টা ৪১ মিনিট, ৭ আগস্ট ২০২৪

ফেনীতে যুবলীগের ২ নেতাকর্মীর মরদেহ উদ্ধার

ফেনীতে খাল ও করাতকলের সামনে থেকে দুই যুবলীগ নেতাকর্মীর মরদেহ উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (৬ আগস্ট) ফেনী সদর ও সোনাগাজী উপজেলা থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়। নিহত দুই যুবলীগ নেতাকর্মীকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়েছে বলে জানান স্বজনরা।



বখতেয়ার মুন্না

১ মিনিটে পড়ুন

নিহতদের একজন হলেন- মুশফিকুর রহমান মিশু (৩৫)। তিনি ফেনী সদর উপজেলার ধলিয়া ইউনিয়ন যুবলীগের দফতর সম্পাদক ছিলেন।

অপরজন বাদশা মিয়া প্রকাশ কানা ওরফে বাদশা (৪০)। তিনি বালিগাঁও ইউনিয়নের মধুয়্যাই গ্রামের ব্যাপারী বাড়ির আবুল খায়েরের ছেলে। তিনি উপজেলার বালিগাঁও ইউনিয়নে যুবলীগকর্মী ছিলেন বলে জানা গেছে।

স্থানীয়রা জানান, সকালে সোনাগাজী উপজেলার সাহেবেরহাট এলাকায় খালের পানিতে একটি ভাসমান মরদেহ দেখা যায়। খবর পেয়ে দুপুরে স্বজনরা মরদেহ উদ্ধার করে নিয়ে যান।

আরও পড়ুন: খুলনায় ১০ মামলার আসামি যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা

তবে স্বজনদের দাবি, যুবলীগের দুই নেতাকর্মীকেই পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়েছে।

এ দিকে সোনাগাজী উপজেলার নবাবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জহিরুল আলম বলেন, মরদেহ উদ্ধারের বিষ আইনশৃঙ্খলা বাহিনীকে জানানো হলেও কেউ উদ্ধার কর আসেননি। পরে তিনি স্বজনদের ডেকে মরদেহ বুঝিয়ে দেন।

আরও পড়ুন: খুলনায় যুবলীগ নেতা আরিফ হত্যা

আরও পড়ুন: খুলনায় যুবলীগ নেতা আরিফ হত্যা

অপর দিকে ফেনী সদর উপজেলার বালিগাঁও ইউনিয়নে বাদশা মিয়া প্রকাশ কানা ওরফে বাদশা নামে যুবলীগের এক কর্মীর মরদেহ উদ্ধার করা হয়েছে। তার মাথায় ও হাতে জখমের চিহ্ন রয়েছে। তাকেও পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলার বালিগাঁও ইউনিয়নের আফতাব বিবি বাজারে একটি করাত কলের সামনে থেকে বাদশার মরদেহ উদ্ধার করা হয়।

ফেনী | যুবলীগ নেতা | ভাসমান মরদেহ | কুপিয়ে হত্যা

আরও সময় সংবাদ



সুনামগঞ্জে আ. লীগ ও যুবলীগর নেতা গ্রেফতার



মাদারীপুরে যুবলীগ ইলিয়াসসহ ৩ জন

সমকাল

ANNEX-15

» বাংলাদেশ
» আট জেলায় বাড়িঘরে হামলা ভাঙচুর লুট পিটুনিতে নিহত ১

আট জেলায় বাড়িঘরে হামলা ভাঙচুর লুট পিটুনিতে নিহত ১



প্রতীকী ছবি

সমকাল

সমকাল ডেস্ক

প্রকাশ: ০৮ আগস্ট ২০২৪ | ০৪:২১

আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে দেশের বিভিন্ন স্থানে দলটির নেতাকর্মীর বাড়িঘরে হামলা-ভাঙচুর ও লুটপাট করেছে দুর্বৃত্তরা। মঙ্গলবার রাত থেকে গতকাল বুধবার সন্ধ্যা পর্যন্ত অন্তত আট জেলায় এমন ঘটনা ঘটেছে। হামলা হয়েছে আদালতেও।

মেহেরপুরের গাংনীতে আওয়ামী লীগের এক কর্মীকে পিটিয়ে হত্যা করা হয়েছে। ঝালকাঠির কাঁঠালিয়ায় লাঞ্ছিত করা হয় বীর মুক্তিযোদ্ধাকে। পালিয়ে ভারতে যাওয়ার চেষ্টাকালে চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে আটক হয়েছেন রাজশাহী সিটির ওয়ার্ড কাউন্সিলর ও তাঁর ভাতিজা।

সমকাল

হবিগঞ্জের আজমিরীগঞ্জ আদালতে মঙ্গলবার ভোরে আগুন দেয় দুর্বৃত্তরা। এতে গুরুত্বপূর্ণ নথি ও দুটি কম্পিউটার পুড়ে গেছে। পেশকার ঝলক দাস জানান, দুর্বৃত্তরা আদালত এলাকায় ঢুকে জানালা দিয়ে দুটি কক্ষে আগুন দেয়। পিরোজপুরের মঠবাড়িয়ার টিকিকাটা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে গতকাল সকালে ভাঙচুর, অগ্নিসংযোগ ও লুটের ঘটনা ঘটে। নৈশপ্রহরী ফারুক প্যাদা জানান, দু'জন চেয়ারম্যানের কার্যালয় থেকে চার লাখ টাকা লুট করে পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয়।

রাজবাড়ী সদরের মিজানপুর ইউনিয়নের গঙ্গপ্রসাদপুর গ্রামে মঙ্গলবার রাত ২টার দিকে যুব মহিলা লীগের কর্মী তাপসী বিশ্বাস অন্তরার বাড়িতে হামলা ও লুটপাট করে দুর্বৃত্তরা। তাপসী জানান, একদল দুর্বৃত্ত তাদের বাড়ি থেকে নগদ টাকা, স্বর্ণালংকার, এমনকি গ্যাস সিলিন্ডারও নিয়ে গেছে।

মাদারীপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী লিটন, মাদারীপুর-২ আসনের এমপি ও আওয়ামী লীগ সভাপতিমণ্ডলীর সদস্য শাজাহান খান, ঢাকা-৮ আসনের সাবেক সংসদ সদস্য ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাছিম ও তাদের স্বজনের বাড়ি এবং বিভিন্ন স্থাপনায় সোমবার সন্ধ্যায় ভাঙচুর ও আগুন দিয়েছে

সমকাল

ANNEX-16

» সারাদেশ
» শরীয়তপুরে স্বেচ্ছাসেবক লীগ নেতাকে কুপিয়ে হত্যা

শরীয়তপুরে স্বেচ্ছাসেবক লীগ নেতাকে কুপিয়ে হত্যা



ফাইল ছবি

সমকাল

শরীয়তপুর প্রতিনিধি

প্রকাশ: ০৮ আগস্ট ২০২৪ | ০৯:৫৬ | আপডেট: ০৮ আগস্ট ২০২৪ | ১০:১৫

শরীয়তপুরের ভেদরগঞ্জে ফারুক মোল্লা (৪৫) নামের এক স্বেচ্ছাসেবক লীগ নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। এসময় কুপিয়ে জখম করা হয় তার ছোট ভাই ফরহাদ মোল্লাকে (৩৫)। বুধবার রাতে উপজেলার চরকুমারীয়া ইউনিয়নের গনি মোল্লার কান্দি এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত ফারুক ওই ইউনিয়নের স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি ।

সমকাল

স্বজন ও স্থানীয়রা জানান, বুধবার রাতে দেশীয় অস্ত্র নিয়ে স্থানীয় স্বেচ্ছাসেবক লীগ নেতা ফারুক মোল্লার বসতবাড়িতে হামলা চালায় দুর্বৃত্তরা। তারা বাড়িতে ঢুকে ফারুক মোল্লা ও তার ছোট ভাই ফরহাদ মোল্লাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর জখম করে। এসময় পরিবারের লোকজন এগিয়ে এলে তাদেরকেও মারধর করা হয়। এরপর দুর্বৃত্তরা তাদের ১২টি বসত ঘরে আগুন ধরিয়ে দিয়ে চলে যায়। পরে স্বজনরা ফারুক ও ফরহাদকে উদ্ধার করে ডামুড্যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এসময় কর্তব্যরত চিকিৎসক ফারুককে মৃত ঘোষণা করেন। আর ফরহাদকে উন্নত চিকিৎসার জন্য শরীয়তপুর সদর হাসপাতালে পাঠানো হয়।

নিহতের ভাই ও স্থানীয় ইউপি সদস্য সিরাজ মোল্লা বলেন, 'আমরা রাজনীতি করার সময়ে কারো কোনো ক্ষতি করিনি। সম্রাট, অশ্রু, অনিক আমার ভাইকে ধারালো অস্ত্র দিয়া কোপাইছে। আমার আরেক ভাইয়ের অবস্থাও খুব খারাপ, মনে হয় সেও বাঁচব না। ওরা আমাগো বাড়িঘর সব জ্বালাই দিছে। আমরা ওগো বিচার চাই।'

সমকাল


ডামুড্যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আনিকা বলেন, স্বজনরা ফারুককে গুরুতর আহত অবস্থায় নিয়ে এসেছিল। চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তার শরীরে ধারালো অস্ত্রের আঘাত ছিল।

দৈনিক কালবেলা

ANNEX-17

মেহেরপুর প্রতিনিধি
প্রকাশ : ১০ আগস্ট ২০২৪, ০২:৪০ পিএম
অনলাইন সংস্করণ

মেহেরপুরে আ.লীগ সমর্থককে কুপিয়ে হত্যা



গ্রাফিক্স : কালবেলা।

মেহেরপুরের মুজিবনগরে মাদক পাচারের টাকা ভাগাভাগির দ্বন্দ্বে এক আ.লীগ সমর্থককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। হত্যাকাণ্ডের শিকার আলম হোসেন (৩৫) তারানগর গ্রামের আগবত হোসেনের ছেলে।

শুক্রবার (৯ আগস্ট) রাতে তারনগর গ্রামে আলম হোসেনের নিজ বাড়িতে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, আলম বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সমর্থক। এ ছাড়াও সে একজন মাদক পাচারকারী।

জানা যায়, শুক্রবার রাতে নিজ বাড়িতেই ঘুমিয়ে ছিল আলম হোসেন। মধ্যরাতে ৬-৭ জনের একদল দুর্বৃত্ত দেশীয় অস্ত্র নিয়ে তার বাড়িতে প্রবেশ করে। পরে তারা ঘুমন্ত অবস্থায় আলমকে উপর্যুপরি কুপিয়ে মৃত্যু নিশ্চিত করে স্থান ত্যাগ করে।

মুজিবনগর থানার ওসি সাইফুল আলম বলেন, ‘আলম হোসেন মাদক পাচারের সঙ্গে জড়িত। মাদকের টাকা ভাগাভাগি করাকে কেন্দ্র করে এ হত্যাকাণ্ড ঘটেছে বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তারে থানা পুলিশ ও সেনা সদস্যরা যৌথভাবে কাজ করছে।’

Ad

সম্পাদক ও প্রকাশক : সন্তোষ শর্মা । বিভাগীয় প্রধান (অনলাইন): পলাশ মাহমুদ

কালবেলা মিডিয়া লিমিটেডের পক্ষে প্রকাশক কর্তৃক নিউমার্কেট সিটি কমপ্লেক্স, ৪৪/১, রহিম স্কয়ার, নিউমার্কেট, ঢাকা থেকে প্রকাশিত এবং ২৮/বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা, শরীয়তপুর প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত।

ফোন : +৮৮ ০২ ৫৫১৬১৬৬২, +৮৮ ০২ ৫৫১৬১৬৬৩ ।
ফ্যাক্স : +৮৮ ০২ ৫৫১৬১৬৬৪ । ই-মেইল: news@kalbela.com.
বিজ্ঞাপন বিভাগ: ফোন: +৮৮০-২-৫৫১৬১৬৭৭, ০১৭৩০ ০৯৩৩২৮ । ই-মেইল: ads@kalbela.com.
সার্কুলেশন : ফোন: ০১৭৩০ ০৯৩৩৪৭ । বিশ্বাস বিল্ডার্স লিমিটেডের একটি প্রকাশনা।

স্বত্ব © কালবেলা মিডিয়া লিমিটেড ২০২৫ | ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

সমকাল

ANNEX-18

» সারাদেশ
» মৌলভীবাজারে সংঘর্ষে নিহত ইউপি চেয়ারম্যান

মৌলভীবাজারে সংঘর্ষে নিহত ইউপি চেয়ারম্যান



পাচগাঁও ইউনিয়নের চেয়ারম্যান সিরাজুল ইসলাম ছানা। ছবি: সংগৃহীত

সমকাল

মৌলভীবাজার প্রতিনিধি

প্রকাশ: ০৯ আগস্ট ২০২৪ | ২২:৩২

মৌলভীবাজারের রাজনগর উপজেলার মধুর বাজারে দু'পক্ষের সংঘর্ষে পাঁচগাঁও ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম ছানা (৫০) নিহত এবং অর্ধশতাধিক মানুষ আহত হয়েছেন। শুক্রবার বেলা ১১টা থেকে দফায় দফায় দুপুর ২টা পর্যন্ত চলে সংঘর্ষ। পরে সেনা সদস্যরা গিয়ে পরিস্থিতির নিয়ন্ত্রণ নেন। সিরাজুল পাঁচগাঁও ইউনিয়নের সাধারণ সম্পাদক এবং রাজনগর উপজেলা আওয়ামী লীগের সদস্য ছিলেন।

স্থানীয়রা জানান, শেখ হাসিনার পতনের পর মধুর বাজারের মহেশ দাসের একটি দোকান লুট করে দুর্বৃত্তরা। শুক্রবার সকালে বাজারে রক্তা গ্রামের কয়েকজনের সঙ্গে এ নিয়ে স্থানীয় আওয়ামী লীগ নেতা দেওয়ান মিয়ার ভাই ছুনু মিয়ার কথা কাটাকাটি হয়। পরে কেওলা, সারমপুর ও রক্তা গ্রামের বাসিন্দারা সংঘর্ষে জড়িয়ে পড়েন। এক পর্যায়ে রক্তা গ্রামের

সমকাল

স্থানীয়রা জানান, শেখ হাসিনার পতনের পর মধুর বাজারের মহেশ দাসের একটি দোকান লুট করে দুর্বৃত্তরা। শুক্রবার সকালে বাজারে রক্তা গ্রামের কয়েকজনের সঙ্গে এ নিয়ে স্থানীয় আওয়ামী লীগ নেতা দেওয়ান মিয়ার ভাই ছুনু মিয়ার কথা কাটাকাটি হয়। পরে কেওলা, সারমপুর ও রক্তা গ্রামের বাসিন্দারা সংঘর্ষে জড়িয়ে পড়েন। এক পর্যায়ে রক্তা গ্রামের বিএনপি নেতা পিন্টু সুলতানের লোকজনের সঙ্গে কেওলা গ্রামের আওয়ামী লীগ নেতা দেওয়ান মিয়া ও চেয়ারম্যান সিরাজুল ইসলামের সমর্থকদের সংঘর্ষ এবং গুলি বিনিময় হয়। গুলিবিদ্ধ সিরাজুলকে প্রথমে মৌলভীবাজার ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

সমকাল

নিহতের চাচাতো ভাই দেওয়ান মিয়া জানান, তাঁর ভাইকে প্রতিপক্ষ গুলি করে হত্যা করেছে। পরে তারা সব দোকানে লুট করে।

তবে বিএনপি নেতা পিন্টু সুলতানের দাবি, ঘটনার সময় তিনি নিজের আইসক্রিম ফ্যাক্টরিতে ছিলেন। শুনেছি, সারমপুর ও কেওলা গ্রামের লোকজন বাজারে হামলা করলে সবাই মিলে প্রতিহত করেন।

ANNEX-19

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও ভিডিও ভিডিও



জেলা

বগুড়ায় বাসার সামনে থেকে তুলে নিয়ে আ.লীগ কর্মীকে গলা কেটে হত্যা

নিজস্ব প্রতিবেদক বগুড়া

আপডেট: ১৩ আগস্ট ২০২৪, ১৬: ০৩

অ+ অ−



প্রথম আলো

বগুড়ায় বাসার সামনে থেকে তুলে নিয়ে বাবর আলী (৫০) নামের আওয়ামী লীগের এক কর্মীকে গলা কেটে হত্যা করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ৯টার দিকে বারুনী সেতুর ওপর থেকে তাঁর লাশ উদ্ধার করে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠায় ফুলবাড়ি ফাঁড়ির পুলিশ।

বাবর আলী বগুড়া শহরের ২০ নম্বর ওয়ার্ডের আকাশতারা এলাকার বাসিন্দা। একই ওয়ার্ডের ধাওয়াপাড়া বটতলা এলাকায় 'রাহিম স্টোর' নামে একটি মুদিদোকান ছিল তাঁর। এই ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

বিজ্ঞাপন

ফলো করুন

ফুলবাড়ি ফাঁড়ি পুলিশের উপপরিদর্শক আবদুর রহমান প্রথম আলোকে বলেন, বাবর আলী পেশায় ব্যবসায়ী ছিলেন। পাশাপাশি জেলা যুবলীগের এক নেতার সঙ্গে ওঠাবসা ছিল তাঁর। লাশ ময়নাতদন্ত শেষে পরিবারের নিকট হস্তান্তর করা হবে। বাবর আলীকে হত্যায় জড়িত ব্যক্তিদের শনাক্ত ও গ্রেপ্তারের চেষ্টা চলছে।'


বগুড়া জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদক মাশরাফি হিরো প্রথম আলোকে বলেন, বাবর আলী আওয়ামী লীগের সক্রিয় কর্মী এবং জেলা যুবলীগের সহসভাপতি লতিফুল করিমের ঘনিষ্ঠ সহচর ছিলেন।

বিজ্ঞাপন



ADVERTISEMENT

prothomalo.com/bangla
ফলো করুন



বগুড়া জেলা যুবলীগের সহসভাপতি লতিফুল করিম বলেন, ‘৫ আগস্ট শেখ হাসিনার পদত্যাগের পর বিএনপির লোকজন আমার বাসায় হামলা-অগ্নিসংযোগ করে। সপরিবারে হত্যার চেষ্টা করে। সেনাবাহিনীকে খবর দেওয়ার পর তাঁরা আমাকে উদ্ধার করে নিরাপদ স্থানে পৌঁছে দেন। বাবর আলী আওয়ামী লীগের কর্মী ছিলেন। আমার সঙ্গে তাঁর ভালো সম্পর্ক ছিল। তাঁর ব্যবসাপ্রতিষ্ঠানে গিয়ে আড্ডা দিতাম। আমার সঙ্গে সখ্য কাল হলো তাঁর জন্য।’ তিনি আরও বলেন, ৫ আগস্টের পর থেকেই বিএনপির লোকজন তাঁর ব্যবসাপ্রতিষ্ঠান দখলের পাঁয়তারা করছিলেন। ওই নেতাদের ইন্ধনেই সন্ত্রাসীরা বাবর আলীকে তুলে নিয়ে গিয়ে হত্যা করেছে।

বিজ্ঞাপন



কালের কণ্ঠ ই-পেপার

/ সারাবাংলা

ANNEX-20

প্রকাশ: ১৩ আগস্ট, ২০২৪ ২০:৫৭

চাঁদপুরে আওয়ামী লীগ নেতা বাচ্চু মারা গেছেন

চাঁদপুর প্রতিনিধি

অ + অ -



আওয়ামী লীগ নেতা বাচ্চু খান। ছবি : সংগৃহীত

কালের কণ্ঠ ই-পেপার

দুর্বৃত্তদের হামলায় গুরুতর আহত আওয়ামী লীগ নেতা বাচ্চু খান মারা গেছেন। মঙ্গলবার (১৩ আগস্ট) দুপুরে রাজধানী ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

বাচ্চু খান চাঁদপুরের হাইমচর উপজেলার আলগী উত্তর ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ছিলেন। তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন ইউনিয়ন গ্রাম পুলিশের সদস্য আরিফ খান।

জানা যায়, গত ৫ আগস্ট বিকেলে হহাইমচর উপজেলা পরিষদ চেয়ারম্যান নূর হোসেন পাটোয়ারীর বাড়ি হামলাকারীদের হাত থেকে রক্ষা করতে বাচ্চু খানসহ আরো কয়েকজন অবস্থান করেন। এ সময় ওই বাড়িতে হামলা শুরু হলে বাচ্চু খানসহ অন্যরা তা প্রতিহতের চেষ্টা করেন।

এ ঘটনার সময় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নূর হোসেন পাটোয়ারী কৌশলে আত্মগোপনে গা ঢাকা দিতে পারলেও হামলাকারীদের হাতে ধরা পড়েন বাচ্চু খানসহ আরো দুজন।

এক পর্যায়ে হামলাকারীরা কুপিয়ে মারাত্মকভাবে আহত করে তাদের।

পরবর্তীতে আহতদের উন্নত চিকিৎসার জন্য ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হলে মঙ্গলবার দুপুরে চিকিৎসাধীন মারা যান বাচ্চু খান।

এ ছাড়া গুরুতর আহত মফিজুর রহমান মনা শিকদার ও শাহজাহান ভুইয়া নামের আরো দুজন ঢাকার ওই হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছেন।

কালের কণ্ঠ

ই-পেপার

প্রকাশ: ১৩ আগস্ট, ২০২৪ ২০:৫৭

চাঁদপুরে আওয়ামী লীগ নেতা বাচ্চু মারা গেছেন

চাঁদপুর প্রতিনিধি

অ + অ -



আওয়ামী লীগ নেতা বাচ্চু খান। ছবি : সংগৃহীত

কালের কণ্ঠ ই-পেপার



আওয়ামী লীগ নেতা বাচ্চু খান। ছবি : সংগৃহীত

দুর্বৃত্তদের হামলায় গুরুতর আহত আওয়ামী লীগ নেতা বাচ্চু খান মারা গেছেন। মঙ্গলবার (১৩ আগস্ট) দুপুরে রাজধানী ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

বাচ্চু খান চাঁদপুরের হাইমচর উপজেলার আলগী উত্তর ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ছিলেন। তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন ইউনিয়ন গ্রাম পুলিশের সদস্য আরিফ খান।

কালের কণ্ঠ ই-পেপার

জানা যায়, গত ৫ আগস্ট বিকেলে হবিগঞ্জ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান নূর হোসেন পাটোয়ারীর বাড়ি হামলাকারীদের হাত থেকে রক্ষা করতে বাচ্চু খানসহ আরো কয়েকজন অবস্থান করেন। এ সময় ওই বাড়িতে হামলা শুরু হলে বাচ্চু খানসহ অন্যরা তা প্রতিহতের চেষ্টা করেন।

এ ঘটনার সময় উপজেলা পরিষদ চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নূর হোসেন পাটোয়ারী কৌশলে আত্মগোপনে গা ঢাকা দিতে পারলেও হামলাকারীদের হাতে ধরা পড়েন বাচ্চু খানসহ আরো দুজন।

এক পর্যায়ে হামলাকারীরা কুপিয়ে মারাত্মকভাবে আহত করে তাদের।

পরবর্তীতে আহতদের উন্নত চিকিৎসার জন্য ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হলে মঙ্গলবার দুপুরে চিকিৎসাধীন মারা যান বাচ্চু খান।

এ ছাড়া গুরুতর আহত মফিজুর রহমান মনা শিকদার ও শাহজাহান ভুইয়া নামের আরো দুজন ঢাকার ওই হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছেন।



যুগান্তর

ANNEX-21

প্রিন্ট: ২৩ মার্চ ২০২৫, ১১:০৭ এএম

খবর

বিশ্বনাথে আ.লীগ নেতাকে কুপিয়ে হত্যা

বিশ্বনাথ (সিলেট) প্রতিনিধি

প্রকাশ: ১৬ আগস্ট ২০২৪, ১২:০০ এএম
প্রন্ট সংস্করণ

সিলেটের বিশ্বনাথে মনিরুজ্জামান লিলু (৪৮) নামে এক আওয়ামী লীগ নেতাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করেছে দুবৃত্তরা। বুধবার রাত সাড়ে ৮টার দিকে উপজেলার নওধার পূবপাড়া এলাকায় এ ঘটনা ঘটে বলে জানান বিশ্বনাথ থানার ভারপ্রাপ্ত কমকতা (ওসি) রমা প্রসাদ চক্রবর্তী। নিহত লিলু উপজেলার রামপাশা ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি ও নওধার পূবপাড়া গ্রামের মৃত আরজু মিয়ার ছেলে।

নিহতের ভাতিজা বাবুল মিয়া বলেন, গ্রামের মসজিদে এশার নামাজ আদায় করে বাড়িতে ফিরছিলেন লিলু। এ সময় সিএনজিচালিত অটোরিকশায় কয়েকজন সন্ত্রাসী এসে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাকে গুরুতর আহত করে চলে যায়। সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিলে চিকিৎসক লিলুকে মৃত ঘোষণা করেন।

ওসি রমা প্রসাদ বলেন, আমরা ঘটনাস্থল পরিদশনে সেনাবাহিনীসহ একদল পুলিশ পাঠিয়েছি। সুরতহাল প্রতিবেদন শেষে ও অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ANNEX-22

মানবজমিন

ঢাকা, ৬ এপ্রিল ২০২৫, রবিবার, ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ, ৬ শাওয়াল ১৪৪৬ হিঃ

প্রচ্ছদ



বাংলারজমিন

সিরাজদিখানে যুবলীগ নেতাকে গুলি করে হত্যা

সিরাজদিখান (মুন্সীগঞ্জ) প্রতিনিধি

২৬ আগস্ট ২০২৪, সোমবার

মুন্সীগঞ্জের সিরাজদিখানে দুর্বৃত্তের গুলিতে নাসির শেখ (৪৫) নামে এক যুবলীগ নেতা নিহত হয়েছেন। গত শনিবার রাত সাড়ে ১১টার দিকে উপজেলার মালখানগর ইউনিয়নের মালামত নামক এলাকায় এই ঘটনা ঘটে। তিনি মালামত গ্রামের আব্দুস সামাদের ছেলে ও ইউনিয়ন যুবলীগের সদস্য। জানা যায়, শনিবার রাতে নিহত নাছির নিজ বাড়িতে যাওয়ার পথে মালামত জামে মসজিদের সামনে তাকে গুলি করা হয়। পরে স্থানীয়রা তাকে দ্রুত ইছাপুরা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে জরুরি বিভাগের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চিকিৎসক মুশফিকুর রহমান রাজিব জানান, হাসপাতলে আনার আগেই তিনি মারা গেছেন। তার গলায় গুলির চিহ্ন রয়েছে বলেও জানান তিনি।

নিহতের স্বজনদের দাবি, জমি সংক্রান্ত বিরোধের জেরে নাসিরকে গুলি করে হত্যা করা হয়েছে। নিহতের ভাই সেলিম শেখ জানান, জমি নিয়ে বিরোধের জেরে আমাদের গ্রামের নুরু শেখের দুই ছেলে বাবু (২৭) ও নয়ন (২২) আমার ভাইকে গুলি করে হত্যা করেছে।

সিরাজদিখান থানার ওসি মুজাহিদুল হোসেন জানান, লাশ ময়নাতদন্তের জন্য মুন্সীগঞ্জে মর্গে পাঠানো হয়েছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

UNIBOTS

দৈনিক ইত্তেফাক

ANNEX-23

সর্বশেষ বিশেষ সংবাদ জাতীয় সার Eng

সারাদেশ

> সারাদেশ

ঘের নিয়ে দ্বন্দ্বের জেরে বরিশালে দুজনকে কুপিয়ে হত্যার অভিযোগ

বরিশাল অফিস

প্রকাশ : ২৫ আগস্ট ২০২৪, ১৬:৩৬



Share

নিহত ইদ্রিস হাওলাদার। ছবি: সংগৃহীত

দৈনিক ইত্তেফাক



বরিশালের উজিরপুর উপজেলার সাতলা বাজারের ফিড ব্যবসায়ী ইদ্রিস হাওলাদার ও তার চাচাতো ভাই সাগর হাওলাদারকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। ধারণা করা হচ্ছে, মাছের ঘের নিয়ে বিরোধের জেরে এ হত্যাকাণ্ড চালানো হয়েছে।

Share

দৈনিক ইত্তেফাক

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার (২৫ আগস্ট) রাত সাড়ে ১০টার দিকে উপজেলার সাতলা বাজার থেকে বাড়ি ফেরার পথে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করা হয় তাদের। বিষয়টি নিশ্চিত করেছেন পূর্ব সাতলা ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রবিউল ইসলাম। নিহত ইদ্রিস হাওলাদার পশ্চিম সাতলা গ্রামের সোহরাব হাওলাদারের পুত্র এবং সাগর হাওলাদার একই বাড়ির শাহাদাত হাওলাদারের পুত্র।

Share

দৈনিক ইত্তেফাক

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, শনিবার রাত ১১টার দিকে ব্যবসায়ী ইদ্রিস হাওলাদার (৪০) ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে তার চাচাতো ভাই সাগর হাওলাদারের (২৭) মোটরসাইকেলে করে বাড়ি ফিরছিলেন। রাস্তায় সাতলা বড় ব্রিজের পশ্চিম পাড়ের ঢালে গেলে দুর্বৃত্তরা তাদের গতিরোধ করে ব্যবসায়ী ইদ্রিসকে কুপিয়ে পায়ের রগ কেটে দেয়। এ সময় মোটরসাইকেল চালক তার চাচাতো ভাই সাগর বাঁধা দিলে তাকেও এলোপাথাড়ি কুপিয়ে গুরুতর জখম করে। আহতদের চিৎকারে স্থানীয়রা ঘটনাস্থলে এসে তাদের উদ্ধার করে প্রথমে আগৈলঝারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। পরে উন্নত চিকিৎসার জন্য তাদেরকে বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। রাত পৌনে ২টায় চিকিৎসাধীন অবস্থায় ব্যবসায়ী ইদ্রিস হাওলদার মৃত্যুবরণ করেন এবং কয়েক ঘণ্টা পর সাগরেরও মৃত্যু হয়।

নিহতদের চাচা সাবেক ইউপি সদস্য মোনাফছের হাওলাদার বলেন, সাতলা ইউনিয়ন চেয়ারম্যান শাহিন হাওলাদার ও তার চাচাতো ভাই যুবলীগ নেতা [illegible]দ হাওলাদারের নেতৃত্বে এই হত্যাকাণ্ড ঘটেছে।

Share



দৈনিক ইত্তেফাক

সর্বশেষ বিশেষ সংবাদ জাতীয় সার Eng



তিনি আরও বলেন, গত ১৭ মার্চ গভীর রাতে ইদ্রিস হাওলাদারের মালিকানাধীন মাছের ঘের, মুরগির খামার ও পানি সেচ পাম্পে অগ্নিসংযোগের ঘটনায় ইদ্রিস হাওলাদার ও সাতলা ইউনিয়ন চেয়ারম্যান শাহীন হাওলদারের ও তার চাচাতো ভাই আসাদ হাওলাদারসহ ৪০-৪৫ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এ ঘটনায় শাহীন চেয়ারম্যানকে জেল খাটতে হয়। তার প্রতিশোধ নিতেই এই হত্যাকাণ্ড ঘটতে পারে।

উজিরপুর মডেল থানার ওসি জাফর আহমেদ জানান, নিহত ইদ্রিস হাওলাদারের সঙ্গে একটি মাছের ঘের নিয়ে দ্বন্দ্বের জেরে এই জোড়া হত্যাকাণ্ড সংঘটিত হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা যাচ্ছে। অপরাধীদের গ্রেপ্তার ও মামলার প্রস্তুতি চলছে।

Share

একুশে সংবাদ কম

ANNEX-24

রাজধানী

ইডেন কলেজ ছাত্রলীগ নেত্রীর মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক
০২:৩৫ পিএম, ২৯ আগস্ট, ২০২৪



রাজধানীর লালবাগে একটি সাবলেট বাসা থেকে শায়লা শিকদার (২২) নামে ইডেন কলেজের এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি ইডেন কলে[illegible]খা ছাত্রলীগের নেত্রী ছিলেন।

একুশে সংবাদ.কম

বুধবার (২৮ আগস্ট) ওই শিক্ষার্থীর বান্ধবীর মাধ্যমে খবর পেয়ে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।



বৃহস্পতিবার (২৯ আগস্ট) সকালে ঢাকা মেডিকেল কলেজ মর্গে মরদেহের ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে বলে জানা গেছে। তবে ময়নাতদন্তের প্রতিবেদন এখনও পুলিশের হাতে না পৌঁছানোয় মৃত্যুর সঠিক কারণ নিশ্চিত করে বলা যাচ্ছে না।

শায়লা ইডেন কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী ছিলেন। তার বাড়ি পটুয়াখালীর [illegible] উপজেলার ধানখালি গ্রামে। তার বাবার নাম আল[illegible]মিন শিকদার এবং মা লাকি বেগম।

একুশে সংবাদ.কম





ইডেন কলেজ শাখা ছাত্রলীগের নেত্রী হওয়ার পাশাপাশি শায়লা কলাপাড়া উপজেলা ছাত্রলীগেরও সহসভাপতি ছিলেন। এ ছাড়া, পটুয়াখালী সরকারি মহিলা কলেজ ছাত্রীনিবাস ছাত্রলীগের প্রতিষ্ঠাতা সাংগঠনিক সম্পাদক ছিলেন তিনি।

মরদেহের সুরতহাল প্রতিবেদনে লালবাগ থানার উপপরিদর্শক (এসআই) অজয় কৃষ্ণ পাল উল্লেখ করেন, রসূলবাগ লালবাগ রোডের ১৬৭/২/এ নম্বর একটি বাড়ির ষষ্ঠ তলায় একটি সাবলেট রুমে থাকতেন শায়লা। ২৭ আগস্ট রাত ১১টার দিকে বাইরে থেকে তিনি বাসায় ফেরেন। এরপর ২৮ আগস্ট সকাল ১০টার দিকে তার বান্ধবী খুশবু আক্তার তার ওই বাসায় গিয়ে দেখেন, ফ্যানের হুকের সঙ্গে বাঁধা ওড়নায় গলায় ফাঁস লাগানো অবস্থায় ঝুলছেন শায়লা। পরবর্তীতে খুশবুর মাধ্যমে খবর পেয়ে বিকাল পৌনে ৪টার দিকে শায়লার মরদেহ উদ্ধার করে পুলিশ।

প্রথম আলো

ANNEX-25

জেলা

রাঙামাটির শ্রমিক লীগ নেতাকে ধাওয়া করে রাউজানে এনে কুপিয়ে হত্যা

প্রতিনিধি রাউজান, চট্টগ্রাম

প্রকাশ: ২৯ আগস্ট ২০২৪, ১৮: ২০



কাউখালীর শ্রমিক লীগ নেতা আব্দুল মান্নান *ছবি সংগৃহীত*

রাঙামাটি জেলার কাউখালীর শ্রমিক লীগ নেতা আবদুল মান্নানকে (২৭) কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়েছে। তাঁর রাজনৈতিক প্রতিপক্ষ এই হত্যার সঙ্গে জড়িত বলে পরিবারের দাবি। গতকাল বুধবার বিকেলে রাঙামাটির কাউখালী থেকে অটোরিকশায় পালানোর সময় তাঁকে ধাওয়া দিয়ে পাশের উপজেলা চট্টগ্রামের রাউজান পৌরসভার চারা বটতল বাজারে এনে কুপিয়ে হত্যা করা হয়। নিহত আবদুল মান্নান রাঙামাটির কাউখালী উপজেলার বেতবুনিয়া ইউনিয়ন শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ওই ইউনিয়নের সুগার মিল ডাকবাংলো এলাকার কবির আহাম্মদের ছেলে।

গতকাল সন্ধ্যায় বটতল বাজারের রাস্তার পাশের ঝোপ থেকে স্বজনরা তাঁর লাশ উদ্ধার করে বাড়িতে নিয়ে যায়। খবর পেয়ে কাউখালী থানা-পুলিশ বাড়ি থেকে লাশ নিয়ে ময়নাতদন্তের জন্য রাঙামাটি জেনারেল হাসপাতালে পাঠায়।

আজ বৃহস্পতিবার দুপুরে লাশের ময়নাতদন্ত শেষে পরিবারকে হস্তান্তর করে পুলিশ । এরপর আজ বেলা তিনটায় জানাজা শেষে স্থানীয় পারিবারিক কবরস্থানে লাশ দাফন করা হয়।

প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলে জানা গেছে, গতকাল কাউখালীর চায়েরী বাজারের সাপ্তাহিক হাটের দিন ছিল। এ দিন বাজার করতে আসা বেশ কয়েকজনকে মারধর করে দুর্বৃত্তরা।

বাজারে লোকজনকে মারধর করার খবর শুনে বাড়ি থেকে একটি অটোরিকশায় নিরাপদ জায়গায় যাচ্ছিলেন আবদুল মান্নান। তিনি চায়েরীবাজার হয়ে রাউজানে উপজেলার গোদার পাড়ে আসেন। এ সময় তাঁকে অটোরিকশায় দেখে একদল মোটরসাইকেলে পিছু নেয়। রাউজান পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের চারা বটতল বাজার এলাকায় পৌঁছালে ১০ থেকে ১৫ জন ব্যক্তি আবদুল মান্নানকে অটোরিকশা থেকে নামিয়ে মারধরের পর কোপায়। এরপর সড়কের পাশের ঝোপে তাকে ফেলে পালিয়ে যায় হামলাকারীরা।

পরে স্থানীয় লোকজনের মাধ্যমে খবর পেয়ে নিহত ব্যক্তির পরিবারের সদস্যরা সেখান থেকে আবদুল মান্নানকে উদ্ধার করে রাউজান গহিরার জে কে মেমোরিয়াল হাসপাতালে নিলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

এর আগে ৬ আগস্ট কাউখালীর শহীদুল ইসলাম নামে ছাত্রলীগের আরেক কর্মীকে কুপিয়ে হত্যা করা হয় রাঙ্গুনিয়া উপজেলার পাইন বাগান ত্রিপুরা দিঘি এলাকায়। এ নিয়ে সরকার পতনের পর কাউখালীর ছাত্রলীগ ও শ্রমিক লীগের দুজন নেতাকে হত্যা করা হলো।

নিহত আবদুল মান্নানের ভায়রা কোরবান আলী জানিয়েছেন, মান্নানের বুকে এবং বাম হাতে ধারালো অস্ত্রের জখমের চিহ্ন আছে। কারা তাঁকে হত্যা করেছে, এ ব্যাপারে তিনি সঠিক বলতে পারছেন না।

বেতবুনিয়া ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি মুহাম্মদ মনির উদ্দিন আজ বিকেলে প্রথম আলোকে বলেন, সরকার পতনের পর থেকে তাঁরা আর এলাকায় নেই। থাকতেও পারছেন না। প্রতিপক্ষ রাজনৈতিক দলের কর্মীরা আবদুল মান্নানকে হত্যা করেছেন বলে তিনি দাবি করেন।

কাউখালী উপজেলা বিএনপির সভাপতি জাহাঙ্গীর হোসেন ও সাধারণ সম্পাদক আবদুল মোতালেবের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁরা কাউখালীর শ্রমিক লীগ নেতাকে হত্যার নিন্দা জানান। তাঁরা বলেন, শান্তিপূর্ণ এলাকায় যাঁরা অশান্তি সৃষ্টি করার পাঁয়তারা করছে, তাঁদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে।

এ ব্যাপারে জানতে রাউজান থানার ওসি জাহিদ হোসাইনকে ফোন করা হলে তিনি ছুটিতে আছেন বলে জানান। ঘটনা জানতে দায়িত্বরত কর্মকর্তাদের সঙ্গে কথা বলতে বলেন। এরপর দায়িত্বরত একাধিক পুলিশ কর্মকর্তাকে ফোন করা হলেও কেউই ধরেননি।

রাঙামাটির কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রাজীব চন্দ্র কর প্রথম আলোকে বলেন, ‘হত্যাকাণ্ডটি রাউজান থানার অধীনে হওয়ায় সে থানাকেই এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নিতে হবে। তবে লাশ বাড়িতে আনার খবর পেয়ে গতকাল রাতে আমরা লাশের ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠাই। আজ দুপুরে ময়নাতদন্ত শেষে পরিবারকে লাশ দাফনের জন্য হস্তান্তর করি।’

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো



ANNEX-26

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

ফটো গ্যালারি | ই-পেপার | নাইট মোড

জাতীয়

চট্টগ্রামে দুই যুবককে গুলি করে হত্যা

চট্টগ্রাম ব্যুরো

৩১ আগস্ট ২০২৪, ১২:০৬ এএম | আপডেট: ৩১ আগস্ট ২০২৪, ১২:০৬ এএম





নগরীর বায়েজিদ বোস্তামী থানাধীন অনন্যা আবাসিক এলাকার অক্সিজেন-কুয়াইশ সড়কে দুর্বৃত্তের গুলিতে দুই যুবক নিহত হয়েছেন। বৃহস্পতিবার রাত ৮টার দিকে এ জোড়া খুনের ঘটনা ঘটে। হত্যাকাÐরে শিকার দুই জন হলেন হাটহাজারীর শিকারপুরের পশ্চিম কুয়াইশ এলাকার ওসমান আলী মেম্বারের বাড়ির মৃত মো. ইসহাকের ছেলে মো. আনিস (৩৮) ও মাসুদ কায়সার (৩২) একই এলাকার বিল্লা বাড়ির মৃত মো. রফিকের ছেলে। তারা স্থানীয় রাজনীতিতে হাটহাজারী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা ইউনুস গণি চৌধুরীর অনুসারী হিসেবে পরিচিত।

জানা গেছে, সন্ধ্যা সাড়ে সাতটার দিকে অক্সিজেন-কুয়াইশ সড়ক ধরে হেঁটে যাচ্ছিলেন আনিস ও কায়সার। সড়কের নাহার কমিউনিটি সেন্টার এলাকায় পৌঁছালে মোটরসাইকেলে আসা দুই অস্ত্রধারী তাদের লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছোড়ে। এ সময় গুলিবিদ্ধ হয়ে দুজনই মাটিতে লুটিয়ে পড়েন। দুর্বৃত্তরা দ্রুত সময়ের মধ্যে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। এ ঘটনায় মোহাম্মদ আনিস ঘটনাস্থলে মারা যান। এছাড়া অপর গুরুতর আহত মাসুদ কায়সারকে স্থানীয়রা উদ্ধার করে পার্শ্ববর্তী একটি বেসরকারি হাসপাতালে নিয়ে গেলে সেখানে তিনি মারা যান। চট্টগ্রাম জেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার ওয়াসিম ফিরোজ সাংবাদিকদের বলেন, অক্সিজেন-কুয়াইশ সড়কে পূর্ব শত্রুতার জেরে মোটসাইকেল থেকে গুলি করে দুইজন দুর্বৃত্ত। এ ঘটনায় আনিস নামের এক যুবক ঘটনাস্থলে মারা যান। এছাড়া মাসুদ নামের অপর এক যুবককে [illegible] আহত অবস্থায় উদ্ধার করে একটি বেসরকারি হাস[illegible]লে নেয়া হলে সেখানে তার মৃত্যু হয়।

প্রথম আলো

Login

ANNEX-27

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও | ভিডিও | ভিডিও



জেলা

নরসিংদীতে মৎস্যজীবী লীগ নেতাকে কুপিয়ে হত্যা

প্রতিনিধি নরসিংদী

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৪, ১২: ৩৭

অ+ অ−





নরসিংদীতে নিহত মৎস্যজীবী লীগ নেতা লিজন মোল্লা | ছবি: সংগৃহীত

নরসিংদীতে লিজন মোল্লা (৩০) নামের এক মৎসজীবী লীগ নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল শনিবার রাত ১২টার দিকে শহরের বাসাইল এলাকার শাহি ঈদগাহ মাঠে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।

নিহত লিজন মোল্লা নরসিংদী শহরের বাসাইল এলাকার আলমগীর মোল্লার ছেলে। নরসিংদী জেলা মৎস্যজীবী লীগের কার্যকরী সদস্য ছিলেন লিজন। তাঁর বিরুদ্ধে হত্যা, ডাকাতি ও চাঁদাবাজির ১৬টি মামলা আছে বলে পুলিশ জানিয়েছে।

বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

ফলো করুন

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল রাত ১২টার দিকে শহরের বাসাইল এলাকার ঈদগাহে একদল দুর্বৃত্ত লিজনকে কুপিয়ে চলে যায়। গুরুতর আহত লিজনকে স্থানীয় লোকজন উদ্ধার করে নরসিংদী সদর হাসপাতালের দিকে রওনা হন। পথেই তাঁর মৃত্যু হয়। পরে হাসপাতালটির জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

নরসিংদী সদর হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা মাহমুদুল কবির বাসার জানান, লিজন মোল্লাকে রাত ১২টা ৫ মিনিটে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছিল। তাঁর শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের একাধিক আঘাতের চিহ্ন আছে। তাঁর লাশ ময়নাতদন্তের জন্য রাতেই মর্গে পাঠানো হয়েছে।

বিজ্ঞাপন





ফলো করুন



নরসিংদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তানভীর আহমেদ বলেন, কে বা কারা ঠিক কী কারণে লিজনকে এভাবে কুপিয়ে হত্যা করল, এখনো নিশ্চিত হওয়া যায়নি। ধারণা করা হচ্ছে, পূর্বশত্রুতার জেরে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে থাকতে পারে। লিজনের বিরুদ্ধে নরসিংদী সদর থানাসহ বিভিন্ন থানায় ১৬টি মামলা ছিল।

বিজ্ঞাপন

বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

দৈনিক ইত্তেফাক

সর্বশেষ বিশেষ সংবাদ জাতীয় সার Eng

> সারাদেশ

ANNEX-28

১৫ আগস্ট ধানমন্ডিতে হামলায় আহত আওয়ামী লীগ নেতার মৃত্যু

রামগঞ্জ (লক্ষ্মীপুর) সংবাদদাতা

প্রকাশ : ৩০ আগস্ট ২০২৪, ১৭:২৮




নিহত আওয়ামী লীগ নেতা এম এ মমিন পাটোয়ারি। ছবি: সংগৃহীত

Share

দৈনিক ইত্তেফাক

সর্বশেষ বিশেষ সংবাদ জাতীয় সার Eng



১৫ আগস্ট রাজধানীর ধানমন্ডি ৩২ এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানাতে গিয়ে বিক্ষুব্ধ জনতার হামলায় আহত আওয়ামী লীগ নেতা এম এ মমিন পাটোয়ারি (৫৪) মারা গেছেন।

Share

নিহত মমিন পাটোওয়ারী উপজেলার নোয়াগাঁও ইউনিয়নের হোটাটিয়া গ্রামের আবদুল আজিজ মাষ্টারের ছেলে। তিনি কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সমাজসেবা বিষয়ক সম্পাদক এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের উপ-কমিটির সহ-সম্পাদক ও রামগঞ্জ উপজেলা আওয়ামী লীগের নির্বাহী কমিটির সদস্য ছিলেন।

পারিবারিক এবং আওয়ামী লীগের একাধিক সূত্র জানায়, গত ১৫ আগস্ট শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানাতে যান এম এ মমিন পাটোওয়রী। সেখানে তিনি হামলার শিকার হন। এতে পায়ে ও শরীরের বিভিন্ন অংশে গুরুতর জখম হয়। পরে তাকে গ্রিন লাইফ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার লাশ রামগঞ্জ উপজেলার নোয়াগাঁও ইউনিয়নের গ্রামের বাড়িতে পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।



ANNEX-29

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও ভিডিও ভিডিও



জেলা


রাজশাহীতে পা হারানো সাবেক ছাত্রলীগ নেতা মাসুদকে পিটিয়ে হত্যা

নিজস্ব প্রতিবেদক রাজশাহী

আপডেট: ০৮ সেপ্টেম্বর ২০২৪, ১১: ৩৯



প্রথম আলো



রাজশাহীতে শনিবার দিবাগত রাতে পিটিয়ে হত্যা করা হয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা আবদুল্লাহ আল মাসুদকে।
ছবি: মাসুদের ফেসবুক আইডি থেকে নেওয়া

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ছাত্রলীগের সাবেক নেতা আবদুল্লাহ আল মাসুদকে পিটিয়ে হত্যা করা হয়েছে। গতকাল শনিবার রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়-সংলগ্ন বিনোদপুর বাজারে তাঁর ওপর হামলা হয়। পরে তাঁকে গুরুতর আহত অবস্থায় থানায় সোপর্দ করা হয়। এরপর হাসপাতালে নেওয়া হলে রাত সাড়ে ১২টার দিকে তিনি মারা যান।

নগরের বোয়ালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম মাসুদ পারভেজ বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি প্রথম আলোকে বলেন, গত ৫ আগস্ট ছাত্র-জনতার ওপর হামলার অভিযোগে রাতে বিনোদপুর বাজারে মাসুদের ওপর হামলা হয়। পরে একদল শিক্ষার্থী তাঁকে প্রথমে মতিহার থানায় নিয়ে যান। কিন্তু মতিহার থানায় ৫ আগস্টের সহিংসতার কোনো মামলা নেই। তাই তাঁকে বোয়ালিয়া থানায় আনা হয়, যেন তাঁকে কোনো সহিংসতার মামলায় গ্রেপ্তার দেখানো হয়।

বিজ্ঞাপন

বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

প্রথম আলো
Login
সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ওসি বলেন, গণপিটুনিতে গুরুতর আহত হয়েছিলেন মাসুদ। তাঁর শারীরিক অবস্থা দেখে সেনাবাহিনীর সহায়তায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তাঁর মৃত্যু হয়। এখন পরিবার চাইলে এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মাসুদের মৃত্যুর তথ্য নিশ্চিত করেছেন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের মুখপাত্র শংকর কুমার বিশ্বাস। তিনি বলেন, কী কারণে মাসুদ মারা গেছেন, সেটি ময়নাতদন্তের পর বলা যাবে।

আবদুল্লাহ আল মাসুদ রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সহসম্পাদক ও কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য। তিনি নগরের বুধপাড়ার বাসিন্দা ছিলেন। ২০১৪ সালের ২৯ এপ্রিল সকালে ক্লাসে যাওয়ার পথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জিয়া হলের সামনে হামলার শিকার হন আবদুল্লাহ আল মাসুদ। এ সময় মাসুদের ডান পায়ের নিচের অংশ গোড়ালি থেকে বিচ্ছিন্ন করা হয়। বাঁ পা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। কেটে দেওয়া হয়েছিল তাঁর হাতের রগ।

বিজ্ঞাপন
বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

ওই হামলায় পা হারিয়ে মাসুদ একটি প্লাস্টিকের পা লাগিয়ে চলাচল করতেন। তাঁর অন্য পা শনিবার রাতে ভেঙে দেওয়া হয়। মাসুদকে আহত অবস্থায় বোয়ালিয়া থানায় আনার পরে তাঁর কথাবার্তার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

বোয়ালিয়া থানা-হাজতে শুয়ে থাকা অবস্থায় মাসুদকে বলতে দেখা যায়, 'আমি বিনোদপুরে ওষুধ নিতে এসেছিলাম ভাই। আমি ছাত্রলীগ করতাম ওই জন্য ধরেছে। কিন্তু আমার পা ২০১৪ সালে কেটেছে ভাই। রগটগ সব কাটা ভাই। আমি তো অনেক দিন আগে থেকেই ছাত্রলীগ করা বাদ দিয়েছি ভাই।'

মাসুদকে যখন আনা হয়, তখন বোয়ালিয়া থানায় ছিলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্যতম সমন্বয়ক সালাহউদ্দিন আম্মার। ৫ আগস্ট এক ছাত্রীকে ধর্ষণ ও হত্যার অভিযোগে দুই যুবককে ধরে থানায় এনেছিলেন তিনি। থানায় তিনিও মাসুদকে দেখেন।

বিজ্ঞাপন
বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

ফলো করুন

মাসুদের মৃত্যুর ব্যাপারে জানতে চাইলে আজ রোববার সকালে সালাহউদ্দিন আম্মার প্রথম আলোকে বলেন বলেন, 'আমরা যে দুজনকে নিয়ে গিয়েছিলাম, তাঁদের নিয়েই ব্যস্ত ছিলাম। তার মধ্যেই আহত অবস্থায় একজনকে আনতে দেখলাম। কিন্তু কারা তাঁকে এনেছিল, তা চিনতে পারিনি। শুধু শুনলাম ছাত্রলীগের কর্মী ধরা পড়েছে, বিভিন্ন জায়গায় যে রকম ধরা পড়ছে।' তিনি আরও বলেন, এরপর কেউ যাতে না মারে, সে জন্য সালাহউদ্দিন মাসুদকে ভেতরে ঢুকিয়ে দিয়েছেন। এ ছাড়া তিনি আর কিছুই জানেন না। ওই ব্যক্তি যে মাসুদ ছিলেন, এটাও তিনি জানতেন না তখন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন বেকার থাকার পর নিজের দুর্দশার কথা জানিয়ে একটি চাকরি চেয়ে ২০২২ সালের শেষ দিকে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে চিঠি লেখেন আবদুল্লাহ আল মাসুদ। এরপর ওই বছরের ৬ ডিসেম্বর প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-৭ মীর তাফেয়া সিদ্দিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে পাঠানো চিঠিতে বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার পদে আবদুল্লাহ আল মাসুদকে নিয়োগ দিতে বলেন।

বিকাশ বান্ডেল
সেন্ড মানি বান্ডেল কিনে
জিতুন প্রতি লেনদেনে
বিকাশ

ফলো করুন

রাজশাহী বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন বেকার থাকার পর নিজের দুর্দশার কথা জানিয়ে একটি চাকরি চেয়ে ২০২২ সালের শেষ দিকে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে চিঠি লেখেন আবদুল্লাহ আল মাসুদ। এরপর ওই বছরের ৬ ডিসেম্বর প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-৭ মীর তাফেয়া সিদ্দিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে পাঠানো চিঠিতে বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার পদে আবদুল্লাহ আল মাসুদকে নিয়োগ দিতে বলেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের চিঠির পরিপ্রেক্ষিতে ২০২২ সালের ২০ ডিসেম্বর আবদুল্লাহ আল মাসুদকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে স্টোর অফিসার পদে নিয়োগ দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। নিয়োগপত্র পেয়ে ২২ ডিসেম্বর চাকরিতে যোগ দেন তিনি। সেই থেকে তিনি এ পদেই চাকরি করতেন। ৩ সেপ্টেম্বর মেয়ের বাবা হন মাসুদ।

শনিবার নবজাতক শিশুর ছবি ফেসবুকে পোস্ট করে মাসুদ লেখেন, 'আলহামদুলিল্লাহ। সকল প্রশংসা মহান আল্লাহ তাআলার। গত ৩-৯-২০২৪ তারিখে কন্যাসন্তানের পিতা হয়েছি। মহান আল্লাহ তাআলার কাছে নেক হায়াত ও সুস্থতা কামনা করি। সব আত্মীয়স্বজন, শুভাকাঙ্ক্ষী ও বন্ধুবান্ধবের কাছে আমার ও আমার মেয়ের জন্য দোয়া প্রার্থনা করছি।'

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

ANNEX-30

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও ভিডিও ভিডিও



বাংলাদেশ

জাহাঙ্গীরনগরে হামলার শিকার সাবেক ছাত্রলীগ নেতার মৃত্যু

প্রতিনিধি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ১৯ সেপ্টেম্বর ২০২৪, ০১: ৩৩

অ+ অ−



প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng




ছাত্রলীগের সাবেক নেতা শামীম আহমেদ ওরফে শামীম মোল্লা।
ছবি: ভিডিও থেকে সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে একদল শিক্ষার্থীর হামলায় আহত বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক নেতা শামীম আহমেদ ওরফে শামীম মোল্লা মারা গেছেন। সাভারের গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বুধবার রাতে তাঁর মৃত্যু হয়। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ডা. সেলিমুজ্জামান সুজন প্রথম আলোকে এ তথ্য নিশ্চিত করেন।

ডা. সেলিমুজ্জামান বলেন, 'তাঁকে রাত সোয়া নয়টার দিকে হাসপাতালে নিয়ে আসা হয়। আমরা পরীক্ষা করে জানতে পারি, উনি মারা গেছেন। মূলত উনি আগেই মারা গিয়েছিলেন। কী কারণে তাঁর মৃত্যু হয়েছে, তা ময়নাতদন্ত করে নিশ্চিত হওয়া যাবে।'

বিজ্ঞাপন



ফলো করুন

আশুলিয়া থানা-পুলিশের পরিদর্শক (তদন্ত) মো. কামাল হোসেনও শামীমের মৃত্যুর বিষয়টি প্রথম আলোকে নিশ্চিত করেছেন।

এর আগে বুধবার বিকেলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একদল শিক্ষার্থী শামীম মোল্লাকে পিটিয়ে আহত করেন। পরে তাঁকে প্রথমে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি এবং পরে পুলিশের কাছে সোপর্দ করা হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, শামীম মোল্লা বিশ্ববিদ্যালয়ের পাশের এলাকায় থাকেন। গত ১৫ জুলাই রাতে উপাচার্যের বাসভবনে অবস্থানরত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগ ও বহিরাগত সন্ত্রাসীদের হামলায় তিনি যুক্ত ছিলেন বলে অভিযোগ রয়েছে।

বিজ্ঞাপন





ফলো করুন




প্রত্যক্ষদর্শী ও নিরাপত্তা কর্মকর্তাদের সূত্রে জানা যায়, বুধবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের জয় বাংলা ফটকসংলগ্ন একটি দোকানে অবস্থান করছিলেন শামীম মোল্লা। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী সেখানে গিয়ে তাঁকে আটক করে মারধর করেন। পরে ঘটনাস্থলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিম উপস্থিত হয়। একপর্যায়ে নিরাপত্তাকর্মীদের সহায়তায় তাঁকে নিরাপত্তা শাখায় নিয়ে আসা হয়। এরপর প্রক্টরিয়াল টিমের খবরে আশুলিয়া থানা-পুলিশের একটি দল নিরাপত্তা শাখায় আসে। এ সময় পুলিশ ও প্রক্টরিয়াল টিম শামীমকে ১৫ জুলাই রাতে উপাচার্যের বাসভবনে হামলার ঘটনার বিষয়ে জিজ্ঞাসাবাদ করে। পরে তাঁকে আশুলিয়া থানা-পুলিশের কাছে সোপর্দ করা হয়।

আরও পড়ুন

জাবিতে আন্দোলনে হামলায় জড়িত অভিযোগে ছাত্রলীগের সাবেক নেতাকে শিক্ষার্থীদের মারধর



১৮ সেপ্টেম্বর ২০২৪



বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ANNEX-31

হোম >> দেশ >> বরিশাল বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের হাতে নিহত এই তোফাজ্জল কে?

ইবরাহীম সোহেল, বরগুনা

১৯ সেপ্টেম্বর ২০২৪, ১৪:৩৩



বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

কাকচিড়া সাংগঠনিক থানা ছাত্রলীগের সাবেক ১ নম্বর যুগ্ম আহ্বায়ক তকদির হাওলাদার বলেন, 'তোফাজ্জল পাথরঘাটা উপজেলার কাঁঠালতলী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ছিলেন। তবে ৩/৪ বছর ধরে প্রেম সংক্রান্ত একটি ঘটনায় মানসিক ভারসাম্যহীন হয়ে পড়েন। পরে মা-বাবা ও ভাইকে হারিয়ে পুরোপুরি মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেন। এখন তার পরিবারে আপন বলতে কেহ নাই। মানসিক ভারসাম্যহীন হয়েও বেঁচে থাকতে পারলো না, তাকে যারা এমন নির্মমভাবে হত্যা করেছে- আমরা তাদের বিচার চাই। এমন ঘটনায় যেন আর কারও জীবন দিতে না হয়।'



বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

এ বিষয়ে তোফাজ্জলের ফুফাতো বোন আসমা আক্তার তানিয়া বলেন, 'রাত সাড়ে ১১টার দিকে আমার বাবাকে একজন ফোন দিয়ে বলেন, তোফাজ্জল চুরি করতে এসে ধরা পড়েছেন- এখন ৩০ হাজার টাকা পাঠিয়ে দিলে তাকে ছেড়ে দেওয়া হবে। আমার বাবা তার কথা বুঝতে না পেরে আমাকে ওই নম্বরটি দেন। আমি ওই নম্বরে কল দিলে আমার কাছেও একই দাবি করেন। তখন আমি তাদের অনুরোধ করে বলি, তোফাজ্জল মানসিক ভারসাম্যহীন তাকে আপনারা মাইরেন না- তাকে সন্দেহ হলে থানা পুলিশের কাছে দিয়ে দিন। তারা আমার ভাইকে নির্মমভাবে হত্যা করে হাসপাতালে রেখে পালিয়ে গেছে।'

তিনি আরও বলেন, 'আমার ভাইকে যারা হত্যা করেছেন, তাদের বিচারের জন্য আদালতে যতদিন লড়তে হয় আমরা লড়বো। আশা করি, আমরা সঠিক বিচার পাবো।'



বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর



পাথরঘাটা উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও পাথরঘাটা উপজেলা চেয়ারম্যান এনামুল হোসেন বলেন, 'তোফাজ্জল কাঁঠালতলী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ছিলেন, পরিবারের সবাইকে হারিয়ে মানসিক ভারসাম্যহীন হয়ে যান। তবে বেশ কয়েক বছর ধরে আমি ওর ভরণপোষণ দিয়ে আসছিলাম। তোফাজ্জলকে চিকিৎসার মাধ্যমে মোটামুটি সুস্থ করেছিলাম, ওকে আমার আপন ভাইয়ের মতো দেখতাম। তবে হঠাৎ আবার অসুস্থ হয়ে গত মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) সকালে ঢাকায় চলে যায়। ঢাকায় গিয়ে ঢাকা বিদ্যালয়ের আশেপাশে থাকতো। তার পরিচিত যারা ছিল তাকে খাবার কিনে দিতো। বুধবার (১৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় তোফাজ্জল ঢাকা বিশ্ব বিদ্যালয়ের হলে ঢুকে পড়লে রাত ৯টার দিকে একজন আমাকে ফোন দিয়ে বলেন, তোফাজ্জলের সঙ্গে কথা বলেন। তখন তোফাজ্জল হাউমাউ করে কেঁদে উঠে বলে, ভাইয়া আমাকে বাঁচান। তখন আমি ছাত্রদের সঙ্গে কথা বলি। তারা বলেন, তোফাজ্জল ৭টা মোবাইল চুরি করছে [illegible] জরিমানা পাঠিয়ে দেন।'

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

তিনি আরও বলেন, 'আমি তাদের বলি, তোফাজ্জল মানসিক ভারসাম্যহীন, ওকে আপনারা মাইরেন না। তখন ছাত্ররা ক্ষিপ্ত হয়ে আমাকে গালিগালাজ শুরু করে বলে তুইও ওর সঙ্গে চুরি করছ, পরে আমি ফোন কেটে দেই। এরপর ছাত্ররা তাকে পিটিয়ে হত্যা করে। এমন নির্মম হত্যাকাণ্ড আমরা কীভাবে মেনে নেবো, আমরা দোষীদের বিচার চাই। এভাবে যেন আর কোনও তোফাজ্জলের জীবন দিতে না হয়।'



তোফাজ্জলের নিজ এলাকার প্রতিবেশী আরিফুজ্জামান ইমরান বলেন, 'আমি রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসিন হলের ছোট ভাই সাংবাদিক কবির কাননের ফেসবুক ওয়ালে তোফাজ্জলকে নিয়ে একটি স্ট্যাটাস দেখি। ক চোর সন্দেহে মসলিম হলে আটক করেছে। দেখা মা

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

তোফাজ্জলের নিজ এলাকার প্রতিবেশী আরিফুজ্জামান ইমরান বলেন, 'আমি রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসিন হলের ছোট ভাই সাংবাদিক কবির কাননের ফেসবুক ওয়ালে তোফাজ্জলকে নিয়ে একটি স্ট্যাটাস দেখি, তাকে চোর সন্দেহে মুসলিম হলে আটক করেছে। দেখা মাত্রই কাননকে ফোন করে তোফাজ্জলের বিষয়ে জানাই, ও আমার এলাকার ছেলে, আমি তাকে ব্যক্তিগতভাবে জানি, বর্তমানে ও মানসিকভাবে ভারসাম্যহীন। হয়তো খাবারের সন্ধানে হলে গেছে। আমি কাননকে বলেছিলাম, তুমি ওখানে যাও- যারা ওরে আটকে রেখেছে তাদের সঙ্গে কথা বলো, তোফাজ্জল মানসিক ভারসাম্যহীন- যাতে তাকে শারীরিকভাবে টর্চার না করে।'

তিনি বলেন, 'কানন কিছুক্ষণ পরে আমাকে ফোন দিয়ে জানায়, ভাই ওরে আর কেউ টর্চার করবে না- তবে আপনি ওর কোন অভিভাবক পাঠান যার কাছে তাকে দিয়ে দেবে, আমি সেই ব্যবস্থা করতেছি। এরপর আমি আমাদের এলাকার বেশ কয়েকজনের সঙ্গে যোগাযোগ করে হলে পাঠাই তোফাজ্জলকে নিয়ে আসার জন্য, কিন্তু শেষ পর্যন্ত কাউকে ম্যানেজ করতে পারা যায়নি।'

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

আরিফুজ্জামান বলেন, 'দুই ঘন্টার ব্যবধানে ফেসবুকে দেখি, তোফাজ্জল হলের শিক্ষার্থীদের নির্মম নির্যাতনে মারা গেছে।' এ বিষয়ে আরিফুজ্জামান নিজের ফেসবুক আইডিতে একটি স্ট্যাটাস দিয়ে নিহতের সম্পর্কে বিস্তারিত লেখেন-

আরিফুজ্জামান ইমরানের নিজের ফেসবুক ওয়ালে লেখেন, 'প্রিয় তোফাজ্জেল আর নেই। এই ছেলেটির নাম তোফাজ্জল। আমার জন্মস্থান বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার সন্তান। পাথরঘাটা উপজেলার কাঁঠালতলী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি। ব্যক্তিগত জীবনে প্রেম সংক্রান্ত একটি বিষয় নিয়ে আঘাতপ্রাপ্ত হওয়ায় প্রথমে কিছুটা মানসিক ভারসাম্য হারায়। এর কিছুদিনের মধ্যে খুব অল্প সময়ের ব্যবধানে তোফাজ্জলের মা, বাবা ও একমাত্র বড় ভাই মারা যান। গত ৩/৪ বছরে তোফাজ্জল পরিবার ও অবিভাবকশূন্য হয়ে পুরোপুরি মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে। বিগত ২/৩ বছর তোফাজ্জল প্রায়ই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঘুরে বেড়াতো। আমাদের এলাকার যারা ওরে চিনতো সবাই সহযোগিতা করতো। ক্যাম্পাসে আমাকে দেখলেই দৌড়ে এসে কুশল বিনিময় করতো। আমি দেখা হলে তাকে খাবার খেতে বলতাম বা [illegible]র জন্য টাকা দিতাম অথবা ও মাঝেমধ্যে চেয়ে নিত। খা

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

‘হয়তো আজকেও খাবারের জন্য ওই হলে গিয়েছিল। আহা ঢাকা বিশ্ববিদ্যালয়। ছাত্র নামধারী বিবেকহীন এই নরপিশাচদের জন্য আজকে একটি নিরপরাধ প্রাণ চলে গেলো, আর ঢাকা বিশ্ববিদ্যালয় কলঙ্কিত হলো।’


‘তোফাজ্জল হত্যার বিচার চাওয়ার মতো ওর পরিবারে অবশিষ্ট আর কেউ নেই। তবে দেশে আইনের শাসন প্রতিষ্ঠা হলে আমি ব্যক্তিগতভাবে এই হত্যাকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্টদের বিচার নিশ্চিত করতে আইনি প্রক্রিয়ায় লড়ে যাবো।’



এ বিষয়ে শাহবাগ থানার ওসি খালিদ মুনসুর বলেন, ‘রাতে ঢাকা বিশ্ব বিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তাদের [illegible] মে জানতে পারি, তোফাজ্জল নামের একজনকে [illegible]

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর



এ বিষয়ে শাহবাগ থানার ওসি খালিদ মুনসুর বলেন, 'রাতে ঢাকা বিশ্ব বিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তাদের মাধ্যমে জানতে পারি, তোফাজ্জল নামের একজনকে ঢাকা মেডিক্যালে হাসপাতালের জরুরি বিভাগে আহত অবস্থায় নিয়ে আসা হয়েছে। পরে হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। লাশ ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিক্যাল হাসপাতালের মর্গে রাখা হয়েছে। তবে আইনি প্রক্রিয়া শেষে স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।'

তিনি আরও বলেন, 'এ বিষয়ে যদি কেউ লিখিত অভিযোগ দেন তাহলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।'

Share



ANNEX-32

সম্পূর্ণ নিউজ সময়

বাংলাদেশ

১৫ টা ৩৮ মিনিট, ২৫ সেপ্টেম্বর ২০২৪

বরিশালে ড্রেনে পড়ে ছিল যুবলীগ নেতার ভাইয়ের মরদেহ

বরিশাল নগরীর ড্রেন থেকে মোহাম্মদ মোমিন মিয়া নামে (৩২) এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (২৫ সেপ্টেম্বর) সকালে নগরীর বটতলা বাজার এলাকার একটি ড্রেন থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।



শাকিল মাহমুদ

১ মিনিটে পড়ুন

মৃত মোহাম্মদ মোমিন মিয়া (৩২) নগরীর রুইয়ার পোল এলাকার



মৃত মোহাম্মদ মোমিন মিয়া (৩২) নগরীর রুইয়ার পোল এলাকার বাসিন্দা আবুল খায়ের ধলু মিয়ার ছেলে। তিনি নগরীর ১৮ নম্বর ওয়ার্ড যুবলীগের আহবায়ক শহিদুল ইসলাম মুন্নার ছোট ভাই।

কোতোয়ালি মডেল থানার এসআই এইচএম সজল মিয়া এ তথ্য নিশ্চিত করেছেন।

আরও পড়ুন: প্রেমের বিয়ের ৯ মাস না পেরোতেই লাশ হলো আনিকা।

তিনি জানান, গত রাতে বাসা থেকে বের হয়ে আর ফেরেননি মোমিন। সকালে নগরীর বটতলা বাজারসংলগ্ন এলাকায় আব্দুর হামিদ মিয়া সড়কের ড্রেনের তার মরদেহ পাওয়া যায়। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। প্রতিবেদন পেলে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।

আরও পড়ুন: প্রতিবেশীর সেপটিক ট্যাংকে মিলল নারীর মরদেহ

মৃত মোমিনের ভাই যুবলীগ নেতা শহিদুল ইসলাম মুন্না বলেন, 'শরীরে কোনো আঘাতের চিহ্ন নেই। ধারণা করা হচ্ছে, হৃদরোগে আক্রান্ত হয়েও ভাইয়ের মৃত্যু হতে পারে। ময়নাতদন্ত কর[illegible] প্রতিবেদনে যদি হত্যার বিষয় আসে, তাহলে মামলা করা হবে।

বরিশাল | ময়নাতদন্ত | যুবলীগ নেতা | মরদেহ উদ্ধার

ANNEX-33

শরীয়তপুরে যুবলীগ কর্মীকে কুপিয়ে হত্যা

জেলা প্রতিনিধি | শরীয়তপুর | প্রকাশিত: ০২:১৫ পিএম, ২৮ সেপ্টেম্বর ২০২৪



নিহতের এক স্বজন কান্না করছেন, ইনসেটে নিহত রাসেল সরদার



নিহতের এক স্বজন কান্না করছেন, ইনসেটে নিহত রাসেল সরদার

শরীয়তপুরের ডামুড্যাতে রাসেল সরদার (৩৮) নামে এক যুবলীগ কর্মীকে কুপিয়ে হত্যা করা হয়েছে। শুক্রবার (২৭ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার ইসলামপুর ইউনিয়নের ভাঙ্গাব্রিজ এলাকায় ঘটে এ ঘটনা। নিহত রাসেল সরদার একই এলাকার ইসহাক সরদারের ছেলে।

পুলিশ ও স্বজনরা জানান, শুক্রবার দুপুরে ভাঙ্গাব্রিজ এলাকায় একটি সেলুনে চুল কাটছিলেন রাসেল। এসময় পেছন থেকে স্থানীয় বিএনপি কর্মী সাইফুল মাদবর ও তার লোকজন দেশীয় অস্ত্র নিয়ে অতর্কিত হামলা চালায়। হামলাকারীরা তাকে কুপিয়ে গুরুতর আহত করে পালিয়ে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে শরীয়তপুর সদর হাসপাতাল ও পরবর্তীতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে রাত ৩টার দিকে মৃত্যু হয় তার।

বিজ্ঞাপন

বিজ্ঞাপন

এ ঘটনার পর থেকে পলাতক অভিযুক্তরা। সংঘর্ষ এড়াতে এলাকায় মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ। ঘটনার সুষ্ঠু বিচার চেয়েছেন স্বজনরা।

নিহতের ভাবি সীমা আক্তার বলেন, আমার দেবর আওয়ামী লীগ করতো বলে বিএনপির সাইফুল ও তার লোকজন কুপিয়ে হত্যা করেছে। ছোট দুটি বাচ্চাকে এতিম করে দিয়ে গেলো। আমরা ওদের ফাঁসি চাই।

বিজ্ঞাপন

বিজ্ঞাপন

নিহতের বোন ইয়াসমিন বলেন, আমার ভাইকে ওরা মেরে ফেললো। আমার ভাই তো কারো ক্ষতি করেনি। খুনিদের কঠিন বিচার চাই।

জাগোনিউজের খবর পেতে ফলো করুন আমাদের গুগল নিউজ চ্যানেল।

এ ব্যাপারে জেলার পুলিশ সুপার নজরুল ইসলাম বলেন, পূর্ব শত্রুতার জেরে রাসেল নামের এক ব্যক্তিকে হত্যার ঘটনা ঘটেছে। ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হ তার। এ ব্যাপারে লিখিত অভিযোগ পেলে দোষীদে বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

banglatribune.com/cour

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ANNEX-34

হোম >> দেশ >> চট্টগ্রাম বিভাগ

নাটক সাজিয়ে যুবলীগ নেতাকে পিটিয়ে হত্যা

নোয়াখালী প্রতিনিধি

২৯ সেপ্টেম্বর ২০২৪, ২০:১৮



নিহত মো. আব্দুস শহীদ

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

নোয়াখালী সদর উপজেলার সদর ইউনিয়ন যুবলীগের সাবেক সহসভাপতি মো. আব্দুস শহীদকে (৪৩) গণপিটুনির নাটক সাজিয়ে পিটিয়ে হত্যা করেছেন প্রতিপক্ষের লোকজন। এ সংক্রান্ত একটি ভিডিও ঘটনার পরপরই সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে দেখা গেছে, মারধরে অংশ নেওয়া লোকজন ওই এলাকার একটি সন্ত্রাসী গ্রুপের সদস্য। তাদের সঙ্গে শহীদের দীর্ঘদিনের বিরোধ ছিল। হত্যাকাণ্ডের ঘটনা ধামাচাপ দিতেই এটিকে গণপিটুনি হিসেবে প্রচার করা হয়েছিল।

শনিবার বিকালে নোয়াখালী সদর উপজেলার ১৯ নম্বর চর মটুয়া ইউনিয়নের সূর্যনারায়ণবহর গ্রামে শহীদকে পিটিয়ে হত্যা করা হয়। নিহত আব্দুস শহীদ ওই গ্রামের মমিন উল্যাহর ছেলে।

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা যায়, আব্দুস শহীদের কাছে অবৈধ অস্ত্র ও গোলাবারুদ রয়েছে বলে গুজব ছড়ানো হয়। সেইসঙ্গে বলা হয়, তিনি বিভিন্ন মাদকদ্রব্যের পাইকারি বিক্রেতা। তার তিন সহযোগী রয়েছেন। এমন খবর ছড়িয়ে কয়েকজন এলাকাবাসীকে নিয়ে চার জনকে আটক করে পিটুনি দিয়ে পুলিশ ও সেনাবাহিনীকে খবর দেওয়া হয়। খবর পেয়ে সেনাবাহিনী এবং পুলিশ ঘটনাস্থলে যায়। পরে গুরুতর আহত অবস্থায় চার জনকে নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে রাত ৮টার দিকে শহীদের মৃত্যু হয়।

এ ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, স্থানীয় একটি সন্ত্রাসী গ্রুপের প্রধান নুরুল ইসলাম ওরফে মিয়া মাঝির নেতৃত্বে শহীদকে একটি পাকা দালানের কক্ষে আটকে রেখে পেটানো হচ্ছে। মিয়া মাঝির উপস্থিতিতে শহীদকে পেটাতে ও লাথি দিতে একাধিক তরুণকে দেখা গেছে।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা যায়, আব্দুস শহীদের কাছে অবৈধ অস্ত্র ও গোলাবারুদ রয়েছে বলে গুজব ছড়ানো হয়। সেইসঙ্গে বলা হয়, তিনি বিভিন্ন মাদকদ্রব্যের পাইকারি বিক্রেতা। তার তিন সহযোগী রয়েছেন। এমন খবর ছড়িয়ে কয়েকজন এলাকাবাসীকে নিয়ে চার জনকে আটক করে পিটুনি দিয়ে পুলিশ ও সেনাবাহিনীকে খবর দেওয়া হয়। খবর পেয়ে সেনাবাহিনী এবং পুলিশ ঘটনাস্থলে যায়। পরে গুরুতর আহত অবস্থায় চার জনকে নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে রাত ৮টার দিকে শহীদের মৃত্যু হয়।

এ ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, স্থানীয় একটি সন্ত্রাসী গ্রুপের প্রধান নুরুল ইসলাম ওরফে মিয়া মাঝির নেতৃত্বে শহীদকে একটি পাকা দালানের কক্ষে আটকে রেখে পেটানো হচ্ছে। মিয়া মাঝির উপস্থিতিতে শহীদকে পেটাতে ও লাথি দিতে একাধিক তরুণকে দেখা গেছে।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ব্যাপক মারধরের পর হামলাকারীরা অস্ত্রসহ সন্ত্রাসী আটকের নাটক সাজান এবং গণপিটুনির বিষয়টি প্রচার করেন। রাতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হলে পুলিশও তখন আট মামলার পলাতক আসামির মৃত্যু হয়েছে বলে জানায়। নিহত শহীদ যে যুবলীগের নেতা ছিলেন, বিষয়টি তখনও জানায়নি পুলিশ।

রাতে পিটুনির ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর রবিবার দুপুরে সুধারাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর জাহেদুল হক বলেন, শহীদকে মারধরের ভিডিও আমি দেখেছি। এতে মিয়া মাঝি, তার ছেলেসহ কয়েকজনকে শহীদকে মারধর করতে দেখা গেছে। তবে ওই ভিডিও গতকালের কিনা, তা পরিষ্কার নয়। বিষয়টি খতিয়ে দেখতে হবে। কারণ, তাদের মধ্যে আগেও ঝামেলা হয়েছিল।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

শহীদের এলাকার বাসিন্দারা জানান, মিয়া মাঝির সঙ্গে শহীদের বিরোধ পুরোনো। মিয়া মাঝি এলাকায় একটি সন্ত্রাসী গ্রুপ নিয়ন্ত্রণ করেন। অপর দিকে শহীদের একটি সন্ত্রাসী গ্রুপ রয়েছে। শহীদ পূর্ব চর মটুয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান নুরুল আমিনের অনুসারী ছিলেন। তার প্রশ্রয়ে মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধ করে বেড়াতেন। বিগত নির্বাচনে নুরুল আমিন পরাজিত হলে শহীদ দুর্বল হয়ে পড়েন।

খোঁজ নিয়ে জানা যায়, রাজনৈতিক ও মাদক ব্যবসার বিরোধের জেরে বছরখানেক আগেও শহীদের ওপর হামলা চালিয়েছিলেন মিয়া মাঝির লোকজন। কিন্তু ঘটনাচক্রে ওই হামলার ঘটনায় গুরুতর আহত হলেও প্রাণে বেঁচে যান শহীদ। কিন্তু তাদের মধ্যকার বিরোধ থেকে যায় আগের মতোই। যার জের ধরে শনিবার বিকালে মিয়া মাঝির নেতৃত্বে তার ছেলে ও অন্যরা বাড়ির পাশ থেকে শহীদকে তুলে নিয়ে যান। এরপর একটি পাকা দালানের ভেতর একটি কক্ষে নিয়ে মারধর করা হয়। একই সময় মারধর করা হয় শহীদের অনুসারী আরও তিন জনকে। এরপর মিয়া মাঝির লোকেরাই থানায় ও[illegible]থ বাহিনীর কাছে ফোন করে অস্ত্রসহ সন্ত্রাসী আটকের নাটকের খবর দেন। পরে তাদের নিয়ে হাসপাতালে ভর্তি করে পুলিশ।

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, মিয়া মাঝি একসময় বিএনপির রাজনীতিতে সক্রিয় থাকলেও আওয়ামী লীগের স্থানীয় নেতাদের সঙ্গে তার সখ্য ছিল। তিনি বিগত ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৭ নম্বর ওয়ার্ড থেকে সদস্য প্রার্থী হয়ে পরাজিত হয়েছিলেন। আর নিহত শহীদ ইউনিয়ন যুবলীগের সাবেক সহসভাপতি ছিলেন। গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর মিয়া মাঝির নেতৃত্বে স্থানীয় ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও ইউপি সদস্য তোফায়েল আহমদের বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়। দফায় দফায় হামলার একপর্যায়ে তোফায়েল এলাকা ছেড়ে আত্মগোপনে চলে যান।

শহীদকে পিটিয়ে হত্যার ভিডিও প্রকাশ পাওয়ার পর এলাকা ছেড়ে গা ঢাকা দিয়েছেন মিয়া মাঝি ও তার বাহিনীর সদস্যরা। লক্ষ্মীপুরের সীমান্তবর্তী এলাকা হওয়ায় মিয়া মাঝি, শহীদ বাহিনীসহ ওই এলাকায় আরও কয়েকটি ছোট ছোট সন্ত্রাসী গ্রুপ রয়েছে। ওই গ্রুপগুলো এলাকায় মাদক ব্যবসাসহ বিভিন্ন অপকর্মে জড়িত।

ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক [illegible] ভূঁইয়া বলেন, ইউনিয়ন যুবলীগের সহসভাপতি [illegible] শহীদ ব্যক্তি হিসেবে খারাপ হতে পারেন। অন্যায় থাকলে আইনের হাতে সোপর্দ করা যেতো। তা না করে এভাবে পিটিয়ে মারা হলো কোন যুক্তিতে? আবার পিটিয়ে হত্যা

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও ইউপি সদস্য তোফায়েল আহমেদ বলেন, ৫ আগস্ট আওয়ামী লীগ ক্ষমতা ছাড়ার পর আমার বাড়িতেও হামলা, ভাঙচুর ও লুটপাট চালিয়েছেন মিয়া মাঝি। ঘর থেকে সাড়ে চার লাখ টাকা লুট করে নিয়ে গেছেন। ওই ঘটনায় আদালতে মামলা করায় এখন পালিয়ে বেড়াচ্ছি আমি।

সুধারাম থানার ওসি জাহেদুল হক বলেন, হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শহীদের মৃত্যু হলেও রবিবার বিকাল পর্যন্ত তার পরিবারের কেউ থানায় যোগাযোগ করেননি। এই ঘটনার সঙ্গে যারা জড়িত বলে তথ্য পাওয়া যাবে, তাদের আইনের আওতায় আনা হবে।

পুলিশ জানায়, শনিবার বিকালে পূর্ব চরমটুয়া এলাকায় শহীদ নামে এক অস্ত্রধারী ও তার অপর তিন সহযোগীকে আটক করা হয়েছে বলে যৌথ বাহিনীর কাছে খবর পাঠান স্থানীয় বাসিন্দারা। এই চার জন হলেন আব্দুস শহীদ, মো. জামাল, মো. জাবেদ ও মো. রিয়াদ। খবর পেয়ে সেনাবাহিনীর ১৬ রেজিমেন্ট আর্টিলারি ক্যাপ্টেন ইফতেখার আহমেদের নেতৃত্বে সেনাবাহিনী ও পুলিশ যৌথ অভিযান পরিচালনা করে। অভিযানে স্থানীয় জনতার হাতে আটক ওই চার ব্যক্তিকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয়। এ সময় একটি শটগান জব্দ করা হয়। যৌথ বাহিনী আহত চার জনকে হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত ৮টার দিকে শহীদ মারা

যুগান্তর ই-পেপার

সর্বশেষ জাতীয় রাজনীতি অর্থনীতি

ANNEX-35

সারাদেশ

পরিষদে ঢুকে প্রকাশ্যে ইউপি চেয়ারম্যানকে গুলি করে হত্যা

দৌলতপুর (কুষ্টিয়া) প্রতিনিধি
প্রকাশ: ৩০ সেপ্টেম্বর ২০২৪, ০৩:০৯ পিএম

46 Shares



কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ফিলিপনগর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান নইম উদ্দীন সেন্টুকে (৭০) তার কার্যালয়ে ঢুকে গুলি

যুগান্তর ই-পেপার

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ফিলিপনগর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান নইম উদ্দীন সেন্টুকে (৭০) তার কার্যালয়ে ঢুকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা।

সোমবার বেলা ১১টার দিকে ইউনিয়ন পরিষদ ভবনে দুর্বৃত্তের একাধিক গুলিতে তার মৃত্যু হয়।

নিহত নইম উদ্দীন সেন্টু ফিলিপনগর এলাকার মৃত মতলেব সরকারের ছেলে। ২০২১ সালের ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি চশমা প্রতীক নিয়ে চেয়ারম্যান নির্বাচিত হন।

প্রত্যক্ষদর্শী গ্রাম পুলিশের সদস্য নাসির উদ্দীন বলেন, ১১টার দিকে হঠাৎ ৩ থেকে ৪টা গুলির শব্দ শুনতে পেয়ে বাইরে এসে দেখি চেয়ারম্যান তার ঘরের ভেতরে পড়ে আছে। গুলিগুলো পরিষদের বাইরে থেকে জানালা দিয়ে করা হয়েছে বলে জানান তিনি।

এদিকে তার জামাতা হাসিবুর রহমান বিজয় ও ছেলের বৌ শামিমা খাতুন বলেন, আমার শ্বশুরের সঙ্গে কারো শত্রুতা নেই। আমরা গুলির খবর পেয়ে এখানে এসে শুনি তিনি মারা গেছেন।

সোমবার, ০৭ এপ্রিল ২০২৫ | ২৩ চৈত্র ১৪৩১

নতুন শতাব্দীর সৈনিক
শ্যামল সিলেট
Shyamal Sylhet

ANNEX-36

প্রচ্ছদ » সিলেট » বিস্তারিত

গোলাপগঞ্জে ‘যুবলীগ সমর্থককে’ পিটিয়ে হত্যা

নিউজ ডেস্ক
শ্যামল সিলেট

প্রকাশিত: ৩০ সেপ্টেম্বর ২০২৪, ০২:২৯ | ১২৩১



হজ্জ ও উমরাহ্
বুকিং চলছে
০১৭০৫-৪৪৪ ১১৮
০১৭০৫-৪৪৪ ১১৭
লতিফ ট্রাভেলস
www.latiftravels.com.bd
ATAB

শিরোনাম ...রে প্রতিবন্ধী কিশোরীকে ধর্ষণচেষ্টার অভিযোগ, মামলা

গোলাপগঞ্জে যুবলীগের এক সমর্থককে পিটিয়ে হত্যার অভিযোগ পাওয়া গেছে। নিহত যুবকের নাম ফখর উদ্দিন (৩৮)। তিনি উপজেলার রণকেলীর নুরুপাড়ার মৃত রইয়ব আলীর ছেলে।

নিহতের চাচাতো ভাই জাকির হোসেন জানান, ফখর উদ্দিন পেশায় সিএনজি অটোরিকশা চালক ও যুবলীগের সমর্থক। তিনি ৪ আগস্ট বাদ জোহর গোলাপগঞ্জ-ঢাকাদক্ষিণ সড়কের রাঙাডহর বাজারে চা পান করছিলেন। এসময় রণকেলীর নুরুপাড়ার বাসিন্দা দুলাল আহমদ তাকে যুবলীগ নেতা সম্বোধন করে গালমন্দ করেন। এ নিয়ে তাদের মধ্যে বাকবিতন্ডা হয়। পরে স্থানীয় লোকজন মিমাংসা করে দেন। পর দিন ৫ আগস্ট দুপুরে ফখর উদ্দিন রাঙাডহর বাজারে চা খেতে গেলে দুলাল আগের দিনের মতো আচরণ করেন। এক পর্যায়ে ১৫/২০জন লোক লাঠিসোটা নিয়ে ফখর উদ্দিনের ওপর হামলে পড়ে। তাদের বেধড়ক মারপিট ও অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন ফখর। খবর পেয়ে তাঁর বড়ভাই ওই বাজারের ব্যবসায়ী আবদুন নুর এবং স্থানীয় ব্যবসায়ী ও জনতা ফখরকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে প্রথমে ধরাবহর স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা দেয়া হলে তাকে বাড়িতে নিয়ে আসা হয়। কিন্তু রক্তক্ষণ বন্ধ না হওয়ায় ওইদিন সন্ধ্যায় ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। দীর্ঘদিন হাসপাতালে চিকিৎসা শেষে এক সপ্তাহ আগে তিনি বাড়ি ফেরেন।

শিরোনাম প্রতিবাদে মুখে কালো কাপড় বেঁধে অবস্থান করবে

পরে স্থানীয় লোকজন মিমাংসা করে দেন। পর দিন ৫ আগস্ট দুপুরে ফখর উদ্দিন রাঙাডহর বাজারে চা খেতে গেলে দুলাল আগের দিনের মতো আচরণ করেন। এক পর্যায়ে ১৫/২০জন লোক লাঠিসোটা নিয়ে ফখর উদ্দিনের ওপর হামলে পড়ে। তাদের বেধড়ক মারপিট ও অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন ফখর। খবর পেয়ে তাঁর বড়ভাই ওই বাজারের ব্যবসায়ী আবদুন নুর এবং স্থানীয় ব্যবসায়ী ও জনতা ফখরকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে প্রথমে ধরাবহর স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা দেয়া হলে তাকে বাড়িতে নিয়ে আসা হয়। কিন্তু রক্তক্ষণ বন্ধ না হওয়ায় ওইদিন সন্ধ্যায় ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। দীর্ঘদিন হাসপাতালে চিকিৎসা শেষে এক সপ্তাহ আগে তিনি বাড়ি ফেরেন। কিন্তু তাঁর শারিরীক অবস্থার অবনতি হলে রোববার দুপুরে তাকে সিলেট নগরীর পার্কভিউ হাসপাতালে ভতি করেন। হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন থাকাবস্থায় বিকেল ৪টার দিকে তিনি মারা যান।

গোলাপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বলেন, ফখর উদ্দিনের মৃত্যুর বিষয়টি তার পরিবার জানিয়েছে। এ ব্যাপারে মামলার প্রস্তুতি চলছে বলেও জানান ওসি।

শিরোনাম ড়াল ● শেখঘাটে লোহার পাইপে ঝুলছিল কিশোরী

দৈনিক কালবেলা
ই-পেপার

ANNEX-37

প্রচ্ছদ » সারাদেশ

চাঁদপুরে আ.লীগ নেতাকে হত্যা করে ঝুলিয়ে রাখার অভিযোগ

চাঁদপুর প্রতিনিধি

আপডেট : ০১ অক্টোবর ২০২৪, ০৪:২৯ পিএম | অনলাইন সংস্করণ

474 Shares



নিহত নজরুল ইসলাম ঢালী। ছবি : সংগৃহীত

নিহত নজরুল ইসলাম ঢালী। ছবি : সংগৃহীত



চাঁদপুরের মতলব দক্ষিণের খাদেরগাঁও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম ঢালীকে মেরে ঝুলিয়ে রাখার অভিযোগ করেছেন তার পরিবারের সদস্যরা।

পরিবারের দাবি, পূর্বশত্রুতার জেরে পরিকল্পিতভাবে দুর্বৃত্তরা তাকে হত্যা করে আত্মহত্যার নাটক সাজিয়ে তার লাশ ঝুলিয়ে রেখেছে।



মঙ্গলবার (১ অক্টোবর) সকাল ৯টায় খাদেরগাঁও ইউনিয়নের বেলুতী গ্রামের নিহতের বাড়ির পাশের একটি নির্মাণাধীন ভবন থেকে ঝুলন্ত লাশ উদ্ধার করে পুলিশ।

নিহত নজরুল ইসলাম ঢালী মতলবের খাদেরগাঁও ইউনিয়নের বেলুতী গ্রামের মৃত রুস্তম আলী ঢালীর ছেলে। তিনি খাদেরগাঁও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন এবং এলাকায় ঠিকাদারি ব্যবসা করতেন।

স্থানীয়রা জানান, সোমবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে বাড়ি থেকে বের হন নজরুল ইসলাম ঢালী। এরপর আর বাড়ি ফেরেননি। বাড়িতে না আসায় রাত ১২টার সময় স্ত্রী জেসমিন আক্তার ও ছেলে জামিউল ইসলাম তার মুঠোফোনে অনেকবার ফোন দিলেও তিনি রিসিভ করেননি। খোঁজাখুঁজি করেও তার সন্ধান পাননি স্বজনরা।

তারা আরও জানান, মঙ্গলবার সকালে লোকজন নিহতের বাড়ির পাশে মো. আবুল হাসেম প্রধানীয়া নামে এক ব্যক্তির নির্মাণাধীন ভবনের সিঁড়ির রডের সঙ্গে গলায় রশি পেঁচানো অবস্থায় ঝুলন্ত লাশ দেখতে পান। পরিবারকে জানালে তারা ঘটনাস্থলে যান এবং পুলিশকে খবর দেন। পুলিশ এসে ওই ব্যক্তির লাশের সুরতহাল তৈরি করে এবং লাশটি ময়নাতদন্তের জন্য চাঁদপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়।

মো. নজরুল ইসলাম ঢালীর স্ত্রী জেসমিন আক্তার অভিযোগ করে বলেন, রাজনৈতিক কারণে শত্রুতার জেরে পূর্ব পরিকল্পিতভাবে নজরুল ইসলাম ঢালীকে হত্যা করা হয়েছে। পরে লাশ ঝুলিয়ে আত্মহত্যার নাটক সাজানো হচ্ছে। যে ধরনের চিকন রশিতে লাশটির গলা ঝুলানো তা দিয়ে আত্মহত্যা সম্ভব নয়। লাশের পা মাটিতে লাগানো ছিল। এর পাশে তার জুতা, চশমা, গ্যাসলাইট ও দুটি মুঠোফোনের সেট পাওয়া গেছে।

তিনি বলেন, পরিবারের কারো সঙ্গেই তার মনোমালিন্য ছিল না। তিনি হত্যাকাণ্ডের শিকার। তবে সবকিছু পুলিশের তদন্তে বেরিয়ে আসবে। এ ঘটনার প্রকৃত রহস্য উন্মোচন করে এ ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় এনে শাস্তির দাবি জানাই।

মতলব দক্ষিণ থানার ওসি সালেহ আহম্মেদ বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করি। ময়নাতদন্তের জন্য লাশ চাঁদপুর সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় মামলা প্রক্রিয়াধীন আছে।

তিনি আরও বলেন, এটি একটি রহস্যজনক মৃত্যু। এটি আত্মহত্যা নাকি হত্যাকাণ্ড তা ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর নিশ্চিত হওয়া যাবে। চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপ

English

ANNEX-38

সর্বশেষ জাতীয় আন্তর্জাতিক রাজনীতি বিনোদ

যাত্রাবাড়ীতে একজনকে কুপিয়ে হত্যা

সিনিয়র করেসপন্ডেন্ট

আপডেট: ১০৩০ ঘণ্টা, অক্টোবর ৭, ২০২৪

যাত্রাবাড়ীতে একজনকে কুপিয়ে হত্যা

ঢাকা: রাজধানীর যাত্রাবাড়ী মীরহাজিরবাগ এলাকায় জাহাঙ্গীর হোসেন (৪৭) নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

সোমবার (৭ অক্টোবর) এ তথ্য নিশ্চিত করেছে পুলিশ।

রোববার (৬ অক্টোবর) রাতে মীরহাজিরবাগ নিজ বাসার সামনে এ ঘটনা ঘটে। মারাত্মক আহত অবস্থায় স্বজনরা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসক রাতে মৃত ঘোষণা করেন।

মৃত জাহাঙ্গীরের ভাতিজা মো. রুবেল জানান, মীরহাজিরবাগে তাদের নিজেদের বাড়ি। জাহাঙ্গীরের বাবার নাম মৃত ফজর আলী।

জাহাঙ্গীর বেকার ছিল। তবে আওয়ামী লীগ কর্মী ছিল।

সর্বশেষ জাতীয় আন্তর্জাতিক রাজনীতি বিনোদ

তিনি আরও জানান, রাতে মীরহাজিরবাগ বাসা থেকে কিছুটা অদূরে দোকানে গিয়েছিলেন জাহাঙ্গীর। সেখান থেকে বাসার সামনে আসলে তিন থেকে চারজন মুখোশ পরা মোটরসাইকেল যোগে এসে জাহাঙ্গীরকে কুপিয়ে ফেলে রেখে চলে যায়। জানতে পেরে রাস্তা থেকে তুলে দ্রুত ঢাকা মেডিকেলে নিয়ে আসলে মারা যায়। তবে কারা তাকে হত্যা করেছে এলাকায় গেলে জানতে পারবো।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক জানান, যাত্রাবাড়ী এলাকা থেকে স্বজনরা ওই ব্যক্তিকে আহত অবস্থায় হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

স্বজনরা জানান, বাসার সামনে কে বা কারা তাকে কুপিয়েছে। তবে ওই তার শরীরের বিভিন্ন জায়গায় ধারাল অস্ত্রের আঘাত রয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে রাখা হয়েছে।

বাংলাদেশ সময়: ১০৩০ ঘণ্টা, অক্টোবর ৭, ২০২৪
এজেডএস/জেএইচ

Like Share Post

ইউটিউব সাবস্ক্রাইব করুন YouTube

এই বিভাগের সর্বশেষ সংবাদ

- উত্তরা ইপিজেডে কারখানায় বিস্ফোরণ, দুজন দগ্ধ

উত্তরা ইপিজেডে কারখানায় বিস্ফোরণ, দুজন দগ্ধ

ANNEX-39

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

জেলা

গাইবান্ধায় আওয়ামী লীগ নেতাকে হত্যার অভিযোগ পরিবারের, পুলিশের ধারণা দুর্ঘটনা

প্রতিনিধি গাইবান্ধা

প্রকাশ: ০৪ অক্টোবর ২০২৪, ১৭: ১১



গাইবান্ধার খোলাহাটি ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও ইউপি সদস্য মোস্তাক আহমেদ (৪৫) । *ছবি: সংগৃহীত*

ফলো করুন

গাইবান্ধা সদর উপজেলার খোলাহাটি ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোস্তাক আহমেদের (৪৫) মৃত্যু হয়েছে। পরিবারের দাবি, পূর্বপরিকল্পিতভাবে মোস্তাক আহমেদকে হত্যা করা হয়েছে। তবে প্রাথমিকভাবে পুলিশ ধারণা করছে, সড়ক দুর্ঘটনায় গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতে মোস্তাক আহমেদের মৃত্যু হয়েছে।

মোস্তাক আহমেদ খোলাহাটি ইউনিয়নের উত্তর আনালেরতাড়ি গ্রামের মৃত সিরাজুল হকের ছেলে। তিনি একই ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ডের সদস্য ছিলেন।

মোস্তাকের মৃত্যুর ঘটনায় তাঁর স্ত্রী মিনারা বেগম গাইবান্ধা সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন। সেখানে তিনি উল্লেখ করেন, অজ্ঞাতনামা আসামিরা ব্যবসায়িক ও রাজনৈতিক শত্রুতার জের ধরে পূর্বপরিকল্পিতভাবে ঘটনাস্থলে তাঁর স্বামীকে হত্যা করেছেন। তিনি স্বামী হত্যার বিচার দাবি করেন। আজ শুক্রবার বিকেল চারটায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত মামলা হয়নি।

বিজ্ঞাপন

ফলো করুন

পুলিশ, এলাকাবাসী ও পারিবারিক সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সন্ধ্যায় মোস্তাক আহমেদ বাড়ি থেকে বের হন। রাত দুইটার দিকে তিনিসহ মোট তিনজন মোটরসাইকেলে করে একই উপজেলার কাবিলের বাজার থেকে বাড়ি ফিরছিলেন। তাঁর সঙ্গে থাকা অপর দুজন হলেন জুয়েল রানা ও বাবু মিয়া। তাঁরা তিনজন এলাকায় একই সঙ্গে চলাফেরা করতেন। জুয়েল রানা মোটরসাইকেল চালাচ্ছিলেন। মাঝে ছিলেন মোস্তাক। জুম্মাপাড়া এলাকায় পৌঁছালে মোটরসাইকেল থেকে পড়ে গিয়ে মোস্তাক আহমেদসহ তিনজন আহত হন।

খবর পেয়ে স্থানীয় লোকজন ও স্বজনেরা ঘটনাস্থল থেকে ইউপি সদস্য মোস্তাককে উদ্ধার করে স্থানীয় পল্লী চিকিৎসককে দেখান। এরপর সেখান থেকে তাকে গাইবান্ধা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মোস্তাকের মাথায় ও গলায় আঘাতের চিহ্ন ছিল।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, মোস্তাক আহমেদের সঙ্গে থাকা জুয়েল রানা ও বাবু মিয়া আহত হয়ে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। তবে শুক্রবার সকাল থেকে তাঁদের এলাকায় দেখা যাচ্ছে না।

বিজ্ঞাপন



এদিকে স্বজনেরা রাতেই মোস্তাক আহমেদের লাশ বাড়িতে নিয়ে যান। পরে আজ শুক্রবার সকালে পুলিশ ইউপি সদস্যের লাশ তার বাড়ি থেকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গাইবান্ধা জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়।

গাইবান্ধা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদ রানা বলেন, প্রাথমিক তদন্তে সড়ক দুর্ঘটনায় মোস্তাক আহমেদ মারা গেছেন বলে ধারণা করা হচ্ছে। তার সঙ্গে থাকা জুয়েল রানা ও বাবু মিয়া আহত হয়েছেন। তিনি আরও বলেন, ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। লাশ মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর কারণ জানা যাবে।

বিজ্ঞাপন



সময়

সোমবার, ৭ এপ্রিল ২০২৫, ২৪শে চৈত্র ১৪৩১

সর্বশেষ EN LIVE

ANNEX-40

সম্পূর্ণ নিউজ সময়

বাংলাদেশ

১৮ টা ৫২ মিনিট, ৪ অক্টোবর ২০২৪

মুন্সীগঞ্জে নিখোঁজ আওয়ামী লীগ নেতার মরদেহ উদ্ধার

মুন্সীগঞ্জের শ্রীনগরে পুকুর থেকে নিখোঁজ আওয়ামী লীগ নেতা শাহজাহান শেখের মরদেহ উদ্ধার হয়েছে। শুক্রবার (৪ অক্টোবর) উপজেলার বীরতারা ইউনিয়নের কাঠালবাড়ির রাস্তার পাশের ডোবা থেকে মরদেহটি উদ্ধার করা হয়।



শাহজাহান শেখ। ছবি সংগৃহীত

নাসির উদ্দিন উজ্জ্বল

১ মিনিটে পড়ুন

নিহতের স্ত্রী শিমা বেগম জানান, বৃহস্পতিবার বিকেলে তিনি বাজারে চা পান করতে যান। এরপর আর তিনি বাসায় ফেরেনি। রাতে খোঁজাখুঁজি করে তাকে পাওয়া যায়নি। প্রায় ১৬ ঘণ্টা পর বাড়ি থেকে প্রায় একশ গজ দূরে রাস্তার পাশের ডোবায় তার লাশ পাওয়া যায়।

নিহত শাহজাহান শেখ বীরতারা ইউনিয়ন আওয়ামী লীগের প্রচার সম্পাদক।

আরও পড়ুন: চুয়াডাঙ্গায় নিখোঁজের দুদিন পর ভ্যানচালকের মরদেহ উদ্ধার

শ্রীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াসিন মুন্সী জানান, নিহতের মুখে মদের গন্ধ রয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ওসি জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে মাতাল অবস্থায় তিনি পানিতে নেমে আর উঠে আসতে পারেনি।

আওয়ামী লীগ মুন্সিগঞ্জ মরদেহ উদ্ধার

আরও সময় সংবাদ

ANNEX-41

যুগান্তর

প্রিন্ট: ২৪ মাচ ২০২৫, ০৩:২৭ পিএম

সারাদেশ

ভান্ডারিয়ায় আ.লীগ নেতাকে কুপিয়ে হত্যা

ভান্ডারিয়া (পিরোজপুর) প্রতিনিধি

প্রকাশ: ০৪ অক্টোবর ২০২৪, ০৯:৫৮ এএম



প্রতীকী ছবি

পিরোজপুরের ভান্ডারিয়ায় পুব শত্রুতার জেরে জাফর আলী খান (৪৫) নামের এক আওয়ামী

লীগের সাধারণ সম্পাদক ছিলেন।

গত বুধবার রাতে ভান্ডারিয়া উপজেলার উত্তর চড়াইল (কাঁঠালিয়া-ভান্ডারিয়া সীমানা এলাকায়) তাকে কুপিয়ে জখম করে দুর্বৃত্তরা। স্থানীয়রা তাকে অচেতন অবস্থায় উদ্ধার করে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় তার মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, উত্তর চড়াইল গ্রামের জাফর আলী খানের সঙ্গে পার্শ্ববর্তী ভান্ডারিয়া উপজেলার পুর্ব মাটিভাংগা গ্রামের জলিল হাওলাদারের ছেলে মিজানের বন্ধুত্ব ছিল। উভয়ের বাড়িতে নিয়মিত আসা যাওয়া করত তারা। একপর্যায় জাফরের স্ত্রীকে ফুসলিয়ে বিয়ে করেন মিজান। এনিয়ে জাফরের সঙ্গে মিজানের দ্বন্দ্ব চলছিল। একপর্যায় মিজানকে কুপিয়ে হাতের দুইটি আঙ্গুল বিচ্ছিন্ন করে দেয় জাফর। বুধবার সন্ধ্যায় পুর্ব মাটিভাংগা গ্রামের সাবেক স্কুল শিক্ষক মো. আমিনের জানাজা শেষে বাড়ি ফিরছিল জাফর। এসময় কাঠালিয়া-ভান্ডারিয়া সীমান্তের ফকির বাড়ি ব্রীজের ওপর ধারালো দা দিয়ে কুপিয়ে জখম করে নিজাম ও তার লোকজন।

গৌরিপুর ইউনিয়নের চড়াইল গ্রামের ইউপি সদস্য মো. মানিক ফকির জানান, স্ত্রীকে ফুসলিয়ে নেওয়ার ঘটনায় দীর্ঘদিন ধরে মিজানের সঙ্গে দ্বন্দ্ব চলছে জাফরের। এ নিয়ে অনেকবার শালিস বৈঠক হলেও বিষয়টির কোনো সমাধান হয়নি।

থানার ওসি মো. নাসির উদ্দিন সরকার জানান, নিহতের বাড়ি কাঠালিয়া থানা এলাকায়। ঘটনাস্থল পিরাজপুরের ভান্ডারিয়া এলাকায় তাই ওই থানায় মামলা হবে।

ভান্ডারিয়া থানার পরিদর্শক (তদন্ত) মিলন মন্ডল জানান, এ ঘটনায় এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তবে জড়িতদের আটকের জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। থানা পুলিশ রাতভর অভিযান চালিয়েছেন।

Notifications Powered by iZooto

আজকের পত্রিকা

ইপেপার সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব সা



ANNEX-42

রাজশাহীতে পটোলখেতে আ.লীগ কর্মীর লাশ, পাশে পড়ে ছিল বিষের বোতল

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী

প্রকাশ : ০৯ অক্টোবর ২০২৪, ১৩ : ০৫
আপডেট : ০৯ অক্টোবর ২০২৪, ১৪ : ২৫



আজকের পত্রিকা

ইপেপার সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব সা



রাজশাহীর মোহনপুরে পটোলখেত থেকে শাহাবুল ইসলাম (৪২) নামে এক আওয়ামী লীগ কর্মীর লাশ উদ্ধার করেছে পুলিশ। আজ বুধবার সকালে উপজেলার কেশরহাট পৌরসভার মগরাবিল থেকে লাশটি উদ্ধার করা হয়। তিনি পৌরসভার মোল্লাপুকুর মহল্লার বাসিন্দা ছিলেন।

পেশায় মাছ ব্যবসায়ী শাহাবুল ইসলাম কেশরহাট পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য ছিলেন।

এ বিষয়ে মোহনপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল হাননান আজকের পত্রিকাকে বলেন, গতকাল মঙ্গলবার সকাল থেকে নিখোঁজ ছিলেন শাহাবুল ইসলাম। সারা দিন বাড়িতে না গেলে পরিবারের সদস্যরা খোঁজখবর নিতে শুরু করেন। আজ বুধবার সকালে স্থানীয় এক কৃষকের জমিতে শাহাবুলের লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা। পরে তারা পুলিশে খবর দেয়।

বৈধ ভিসায় মালয়েশিয়ায় গিয়ে কাজে 'অবৈধ'



Monetize Your Website/App with Award winning Ad Network!

RITS ADS

ওসি আরও বলেন, লাশের পাশে কীটনাশকের বোতল পাওয়া গেছে। মুখেও কীটনাশক পানের চিহ্ন ছিল। ধারণা করা হচ্ছে, তিনি কীটনাশক পান করেছিলেন। তবে এর তদন্ত করা হবে। ময়নাতদন্তের জন্য লাশ রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ নিয়ে থানায় অপমৃত্যুর মামলা করা হবে।



RITS ADS



বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ANNEX-43

হোম >> দেশ >> চট্টগ্রাম বিভাগ

বোনের বাড়িতে আত্মগোপনে থাকা যুবলীগ নেতাকে ডেকে নিয়ে হত্যা

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম

১৯ অক্টোবর ২০২৪, ১৫:১০



ফিরোজ খান

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

চট্টগ্রামের সীতাকুণ্ডে বোনের বাড়িতে আত্মগোপনে থাকা মো. ফিরোজ খান (৩৫) নামের এক যুবলীগ নেতাকে ডেকে নিয়ে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। শুক্রবার (১৮ অক্টোবর) দিবাগত রাত ১টার দিকে উপজেলার লালানগর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত ফিরোজ খান বারৈয়ারঢালা ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন। তিনি উপজেলার উত্তর কলাবাড়িয়া এলাকার মৃত কামাল উদ্দিনের ছেলে।

নিহতের ফুফাতো ভাই মোশারফ হোসেন জানান, ফিরোজ খান যুবলীগের রাজনীতি করতেন। গত ৫ [illegible]স্ট শেখ হাসিনা সরকারের পতনের পর থেকে তিনি নিজের বাড়িতে থাকতেন না। বাড়ি থেকে কিছুটা দূরে তার এক বোনের বাড়িতে থাকতেন।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

সংশ্লিষ্টরা জানান, শুক্রবার রাত ১টার দিকে ১৫ থেকে ২০ জনের একটি দল তাকে বোনের বাড়ি থেকে ডেকে খালি জমিতে নিয়ে যায়। এরপর সেখানে তাকে পিটিয়ে ও কুপিয়ে আহত করে বোনের বাড়ির সামনে ফেলে রেখে যায়।

পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে সীতাকুণ্ড উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মজিবুর রহমান বলেন, 'বোনের বাড়ি থেকে ডেকে নিয়ে ফিরোজ খান নামের এক যুবককে কে বা কারা হত্যা ক[illegible]ছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিক্যাল কলেজ (চমেক) হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।'

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ANNEX-44

হোম >> দেশ >> চট্টগ্রাম বিভাগ

ছাত্রলীগ কর্মীকে দিনদুপুরে গুলি করে হত্যা করেছে 'সাজ্জাদ বাহিনী'

বাংলা ট্রিবিউন রিপোর্ট

২১ অক্টোবর ২০২৪, ২২:৩৯



নিহত আফতাব উদ্দিন

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

চট্টগ্রামে দিনদুপুরে আফতাব উদ্দিন তাহসিন (২৬) নামে এক ছাত্রলীগ কর্মীকে গুলি করে হত্যা করেছে 'সাজ্জাদ বাহিনী'। সোমবার (২১ অক্টোবর) বিকাল সাড়ে ৪টার দিকে নগরের চান্দগাঁও থানার শমসের পাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত আফতাব উদ্দিন তাহসিন চান্দগাঁও থানার হাজিরপুলের মোহাম্মদ মুসার ছেলে। স্থানীয় ছাত্রলীগের এই কর্মী নগরের ওমরগণি এম.ই.এস. কলেজের ছাত্র ছিলেন। কেন্দ্রীয় আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উপ-কমিটির সদস্য আরশাদুল আলম বাচ্চুর অনুসারী হিসেবে রাজনীতিতে সক্রিয় ছিলেন। তবে ছাত্রলীগের কোনও পদে ছিলেন না। পড়াশোনার পাশাপাশি ইট ও বালুর ব্যবসা করতেন।

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, শিবির-ক্যাডার হিসেবে পরিচিত সাজ্জাদ হোসেন ওরফে ছোট সাজ্জাদ তার বাহিনীর সদস্যদের নিয়ে মাইক্রোবাসে এসে গুলি করে চলে যান। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে। ঘটনার সময়ে আশপাশে লোকজন থাকলেও ভয়ে কেউ এগিয়ে আসেননি।

নাম প্রকাশ না করার শর্তে এক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, চান্দগাঁও থানার শমসের পাড়ার উদুপাড়া এলাকায় আফতাব তার ব্যবসার জন্য আনা বালু ও ইট রাখেন। বিকাল সোয়া ৪টার দিকে মজুতের জন্য এক ট্রাক বালু আনা হয়। এ কারণে আফতাব সেখানে আসেন। কিছুক্ষণ পর সেখানে একটি নোহা মাইক্রোবাস আসে। প্রথমে গাড়ির ভেতর থেকে আফতাবকে লক্ষ্য করে একটি গুলি ছোড়া হয়। এরপর ছোট সাজ্জাদ ও তার সহযোগী মাহমুদ, হাছানসহ চার জন গাড়ি থেকে নেমে গুলি করতে থাকেন। তারা আফতাবের উরু ও পায়ে পরপর চারটি গুলি করে চলে যান। এতে মৃত্যু হয়। আশপাশে লোকজন থাকলেও ভয়ে এগিয়ে আসেননি কেউ।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

নিহত আফতাবের ছোট ভাই মো. তানভীর হোসেন বলেন, 'সন্ত্রাসী সাজ্জাদের বিরুদ্ধে আমার ভাই ফেসবুকে লেখালেখি করতেন। ইট ও বালুর ব্যবসা করতে হলে ভাইয়ের কাছে চাঁদাও চেয়েছেন। এ কারণে দুই মাস আগে আদালতে জিডি করেন। আজ বিকালে প্রকাশ্যে সাজ্জাদ ও তার বাহিনী গুলি করে হত্যা করে চলে যান। পরে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় মামলা কিংবা অভিযোগ করেও কোনও লাভ হবে না। কারণ সাজ্জাদকে কেউ গ্রেফতার করবে না।'

এ বিষয়ে নগর পুলিশের অতিরিক্ত কমিশনার (অপ[redacted]ও অভিযান) আবদুল মান্নান মিয়া বলেন, 'সন্ত্রাসী সাজ্জাদই গুলি করে হত্যা করেছে বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া গেছে। তাকে গ্রেফতারে অভিযান চলছে।'

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ১৮ সেপ্টেম্বর নগরের বায়েজিদ বোস্তামী থানার কালারপুল এলাকার একটি নির্মাণাধীন ভবনের পাঁচ লাখ টাকা চাঁদার দাবিতে সেখানে গুলি ছুড়েছেন সাজ্জাদ ও তার বাহিনী। এ ঘটনাটি সিসিটিভি ফুটেজে উঠে আসে। তবে ভয়ে ভবন মালিকরা মামলা করেননি। ওই ঘটনার আগে ৩০ আগস্ট একই এলাকায় দুজনকে প্রকাশ্যে গুলি করে হত্যা করা হয়। মামলায় আসামি করা হয় সাজ্জাদ ও তার সহযোগীদের। কিন্তু এরপরও গ্রেফতার করেনি পুলিশ। এ নিয়ে স্থানীয়দের মাঝে ক্ষোভ বিরাজ করছে।

কে এই সাজ্জাদ?

চট্টগ্রামের একসময়ের দুর্ধর্ষ শিবির ক্যাডার সাজ্জাদ আলী খান ২০০০ সালের ১ অক্টোবর একে-৪৭ রাইফেলসহ গ্রেফতার হন। ২০০৪ সালে জামিনে বেরিয়ে বিদেশে পালিয়ে যান। বিদেশে পলাতক সেই সাজ্জাদ আলীর সহযোগী হিসেবে এই সাজ্জাদ অপরাধ-জগতে পা রাখেন। এরপর দিন দিন বেপরোয়া হয়ে ওঠেন। বায়েজিদ, পাঁচলাইশ, চান্দগাঁও ও হাটহাজারী এলাকায় নতুন বাড়ি নির্মাণ, ব্যবসা-বাণিজ্য, জমি বেচাকেনা করলেই কল আসে বড় সাজ্জাদের। চাঁদা দিতে গড়িমসি করলেই [redacted]দ। বাহিনী দিয়ে কখনও গুলি চালিয়ে ঘরবাড়ি ঝাঁঝরা করে দেওয়া হয়। কখনও আবার পেট্রোল বোমা ছুড়ে ঘর বাড়ি জ্বালিয়ে দেওয়া হয়। দুই দশকেরও বেশি সময় ধরে একই পদ্ধতিতে চাঁদাবাজি চালিয়ে আসছেন বড সাজ্জাদ।

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

এই কাজে ঘনিষ্ঠ সহচর ছিলেন নুরুন্নবী ম্যাক্সন ও সরোয়ার হোসেন ওরফে বাবলা। এর মধ্যে ম্যাক্সন ভারতে মারা গেছেন বলে চাউর আছে। ইতিমধ্যে সাজ্জাদের পক্ষ ত্যাগ করে নিজেই এই এলাকার নিয়ন্ত্রণ নেন সরোয়ার। তাই বিদেশে থাকা বড় সাজ্জাদের অন্যতম সহযোগী হয়ে উঠেছেন ছোট সাজ্জাদ। তারই ছত্রছায়ায় চাঁদাবাজি থেকে শুরু করে নানা অপরাধে জড়িয়ে পড়েন। কেউ চাঁদা দিতে অস্বীকার করলেই ঘরবাড়িতে হামলা চালান। প্রতিবাদ করলে গুলি করেন। এখন এলাকার নিয়ন্ত্রণ নিয়ে সাজ্জাদ ও সরোয়ারের নিয়মিত অস্ত্রের মহড়া চলে অক্সিজেন-কুয়াইশ এলাকায়। আধিপত্য বিস্তারের জের ধরে ২৯ আগস্ট রাতে অক্সিজেন-কুয়াইশ সড়কে গুলিতে নিহত হন মো. আনিস (৩৮) ও মাসুদ কায়ছার (৩২) নামে দুই যুবক।

এ ঘটনায় দায়ের হওয়া দুই মামলায় আসামিও হয়েছেন ছোট সাজ্জাদ। গত ১৮ সেপ্টেম্বর পাঁচ লাখ টাকা চাঁদা না পেয়ে নগরের বায়েজিদ বোস্তামী থানার কালারপুল এলাকায় একটি নির্মাণাধীন ভবনে গিয়ে প্রকাশ্যে গুলি চালান সাজ্জাদ। যা সিসিটিভি ক্যামেরায় ধরা পড়ে। সিসিটিভি ফুটেজ রয়েছে পুলিশের কাছেও। তার বিরুদ্ধে হত্যা, অস্ত্র ও চাঁদাবাজির ১০টি মামলা রয়েছে। সর্বশেষ গত ১৭ জুলাই চান্দগাঁও থানা পুলিশ অস্ত্রসহ সাজ্জাদকে গ্রেফতার করেছিল। আগস্ট মাসে তিনি জামিনে বেরিয়ে আসেন। বায়েজিদ বোস্তামী থানাসংলগ্ন হাটহাজারীর

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

গ্রেফতার করেছিল। আগস্ট মাসে তিনি জামিনে বেরিয়ে আসেন। বায়েজিদ বোস্তামী থানাসংলগ্ন হাটহাজারীর শিকারপুরের মো. জামালের ছেলে এই সাজ্জাদ। নগরের বায়েজিদ বোস্তামী থানার অক্সিজেন, অনন্যা, শীতলঝর্ণা, কালারপুল, বায়েজিদ থানার সীমান্তবর্তী হাটহাজারীর কুয়াইশ, নগরের চান্দগাঁও হাজীরপুল ও পাঁচলাইশ এলাকায় ১৫ থেকে ২০ জনের বাহিনী নিয়ে দাপিয়ে বেড়ান ছোট সাজ্জাদ।

শিবির-ক্যাডার হিসেবে পরিচিত সাজ্জাদ হোসেনের বিষয়ে জানতে চট্টগ্রাম মহানগর উত্তর ছাত্রশিবিরের সভাপতি মো. ফখরুল ইসলামকে একাধিকবার কল দিলেও রিসিভ করেননি।

বাংলা ট্রিবিউনের খবর পেতে গুগল নিউজে ফলো করুন

Share

/এএম/

আওয়ামী লীগ | হত্যাকাণ্ড | গুলি

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

ANNEX-45

হোম >> দেশ

নিখোঁজের তিন দিন পর আওয়ামী লীগ নেতার মরদেহ উদ্ধার

মীরসরাই প্রতিনিধি

২৫ অক্টোবর ২০২৪, ১৮:৩৯



Share

আবু তাহের ভূঁইয়া

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

চট্টগ্রামের মীরসরাইয়ে নিখোঁজের তিন দিন পর আবু তাহের ভূঁইয়া (৫২) নামে এক আওয়ামী লীগ নেতার মরদেহ উদ্ধার করা হয়েছে। শুক্রবার (২৫ অক্টোবর) দুপুরে মীরসরাই সদর ইউনিয়নের একটি ক্ষেত থেকে তার লাশ উদ্ধার করে থানা পুলিশ।

জানা গেছে, ২২ অক্টোবর বিকালে বাড়ি থেকে বাজারের উদ্দেশ্যে বের হয়ে আবু তাহের আর ফেরেননি। পরে তার স্ত্রী সেলিনা আক্তার বাদী হয়ে ২৩ অক্টোবর মীরসরাই থানায় সাধারণ ডায়েরি (নং ১০৬০) করেন। নিহত আবু তাহের ওই এলাকার মৃত মজিবুল হকের ছেলে। তিনি দীর্ঘদিন ৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সহ-সভাপতি হিসেবে দায়িত্বে রয়েছেন। তার স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে সন্তান রয়েছে।

Share

বাংলা ট্রিবিউন
সঠিক সময়ে সঠিক খবর

নিহতের ভাতিজা মেহেদী হাসান বলেন, '৫ আগস্টের পর থেকে পাশের এলাকার এক ব্যক্তি চাচাকে হুমকি দিয়ে আসছিল। গত তিন দিন ধরে তিনি নিখোঁজ ছিলেন। নিখোঁজের পর তার মোবাইল নম্বর ট্র্যাক করলে জাফরাবাদ গুচ্ছ গ্রাম এলাকা দেখায়। শুক্রবার সকালে গ্রামের শিশুরা পাটি বেত ক্ষেতে মরদেহ দেখে। আমরা ঘটনাস্থলে গিয়ে চাচার লাশ শনাক্ত করি। মীরসরাই থানায় খবর দিলে পুলিশ লাশ উদ্ধার করে নিয়ে যায়। আমার চাচাকে পরিকল্পিতভাবে গুম করে হত্যা করা হয়েছে। আমরা এ হত্যার বিচার চাই।'

মীরসরাই থানার উপ-পরিদর্শক (এসআই) ও মামলার তদন্ত কর্মকর্তা আজিজুল হাকিম জানান, জামালের দোকান এলাকা থেকে নিখোঁজ আবু তাহের ভূঁইয়ার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ [illegible]য় তার ভাই রিদোয়ান বাদী হয়ে লিখিত একটি এজাহার দিয়েছেন। সুরতহালে লাশের শরীরে আঘাতের কোনও চিহ্ন পাওয়া যায়নি। ময়নাতদন্ত রিপোর্ট আসলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।'

যুগান্তর ই-পেপার

ANNEX-46

খবর

এলাকায় ফিরেই খুন যুবলীগ কর্মী মীম

রাজশাহীতে গ্রেফতার ২

রাজশাহী ব্যুরো
প্রকাশ: ২৮ অক্টোবর ২০২৪, ১২:০০ এএম
প্রিন্ট সংস্করণ

1 Shares

রাজশাহীতে আত্মগোপনে থাকা মো. মীম (২৫) নামে এক যুবলীগ কর্মী এলাকায় ফিরেই খুন হয়েছেন। তাকে ধাওয়া দিয়ে ধরে পিটিয়ে ও ছুরিকাঘাত করে হত্যা করা হয়। মীম মহানগরীর রামচন্দ্রপুর এলাকার বাসিন্দা। বাবার নাম আব্দুল মোমিন। শনিবার রাতে তাকে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালের জরুরি বিভাগে সংকটাপন্ন অবস্থায় ফেলে আসে দুর্বৃত্তরা। এরপর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এদিকে এ ঘটনায় ১৩ জনের নামে মামলা হয়েছে। পুলিশ দুজনকে গ্রেফতার করেছে। এরা হলেন-মহানগরীর সেখেরচক মহল্লার রমজান আলীর ছেলে রজব আলী ও তার ভাই জাহিদ আলী। তারা মামলার এজাহারভুক্ত আসামি।

এলাকার লোকজন জানান, ৫ আগস্টের গণঅভ্যুত্থানের সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের ওপর দুই হাতে গুলি চালানো যুবলীগ কর্মী জহিরুল হক রুবেলের ঘনিষ্ঠ এই মীম। তিনি মহানগর যুবলীগের সাবেক অর্থ সম্পাদক রাজিব মতিনের ব্যক্তিগত কার্যালয়ে থাকতেন। ৫ আগস্ট আওয়ামী সরকারের পতনের পর আত্মগোপনে ছিলেন। শনিবারই এলাকায় ফেরেন। এরপরই হামলার শিকার হন। বোয়ালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী মাসুদ জানান, রাজশাহী মেডিকেল কলেজের মর্গে ময়নাতদন্তের পর মীমের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় মামলা হয়েছে।

ANNEX-47

প্রথম আলো

Login



জেলা

যশোরে এক ভাইকে হত্যার ২২ বছর পর আরেক ভাই হত্যার শিকার

যশোর অফিস

প্রকাশ: ৩০ অক্টোবর ২০২৪, ১৫: ৩১



ফলো করুন



আনিসুর রহমান

যশোরের চৌগাছা উপজেলার সিংহঝুলি ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি আনিসুর রহমানকে (৫৫) কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে তাঁকে কুপিয়ে জখম করা হয়। আজ বুধবার সকালে যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

২২ বছর আগে হত্যাকাণ্ডের শিকার হন আনিসুরের ভাই সিংহঝুলি ইউনিয়ন পরিষদের (ইউপি) তৎকালীন চেয়ারম্যান আশরাফ হোসেন। স্বজনদের অভিযোগ, দুই ভাইকে হত্যা করেছে একই পক্ষ।

নিহত আনিসুর রহমান যশোরের চৌগাছা উপজেলার জগন্নাথপুর গ্রামের বাসিন্দা। তিনি কৃষিকাজ ও মাছ চাষের সঙ্গে যুক্ত ছিলেন।

বিকাশ বান্ডেল
সেন্ড মানি বান্ডেল কিনে
জিতুন প্রতি লেনদেনে
বিকাশ

ফলো করুন

আনিসুরকে বাঁচাতে গিয়ে জখম হয়েছেন তাঁর ফুফাতো ভাই আবদুস সালাম। তাঁকে চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

পুলিশ ও স্থানীয় বাসিন্দা সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার রাত আটটার দিকে আনিসুর ও তাঁর ফুফাতো ভাই সালাম জগন্নাথপুর উত্তরপাড়া মোড়ে একটি চায়ের দোকানে চা পান করছিলেন। বাড়ির দিকে রওনা হওয়ার সময় হঠাৎ দুর্বৃত্তরা আনিসুরের ওপর হামলা চালায়। তাঁকে রক্ষা করতে এগিয়ে এলে সালামকেও কুপিয়ে জখম করা হয়। পরে স্থানীয় বাসিন্দারা তাঁদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

নিহত আনিসুরের ছোট ভাই আশিকুর রহমান অভিযোগ করেন, তাঁদের ভাই আশরাফ হত্যা মামলার আসামি বিএনপি সমর্থক লেন্টু, ওহিদুল, হাদি, আমিন ও কোরবানের নেতৃত্বে ১০-১২ জন আনিসুরকে হত্যা করেছে।

বিজ্ঞাপন

বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

ফলো করুন



চৌগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে থাকা উপপরিদর্শক মেহেদি হাসান বলেন, এটি রাজনৈতিক হত্যাকাণ্ড। ২২ বছর ধরে এই ইউনিয়নে খুনোখুনি চলে আসছে। আনিসুর হত্যাকাণ্ডের সঙ্গে আশরাফ হত্যা মামলার এজাহারভুক্ত দুই আসামির সম্পৃক্ত থাকার তথ্য পাওয়া গেছে। স্থানীয় আওয়ামী লীগ ও বিএনপির লোকজনের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে।

এ বিষয়ে জানতে সিংহঝুলি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদুল মজিদ বলেন, 'হত্যাকাণ্ডে জড়িত হিসেবে লেন্টুসহ যাঁদের নাম এসেছে, তাঁরা বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত থাকলেও দলীয় কোনো পদে নেই। এ হত্যার সঙ্গে রাজনীতির কোনো যোগসূত্র নেই। স্থানীয় আধিপত্যের দ্বন্দ্বে এ হত্যাকাণ্ড হতে পারে।'

বিজ্ঞাপন

বিকাশ বান্ডেল সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে বিকাশ

কালের কণ্ঠ

ই-পেপার

1STPRIMFMF 21.00 0.40 1.94% | AAMRANET 22.30 -0.20 -0.89% | AAMR. -0.3

ANNEX-48

প্রকাশ: ৩১ অক্টোবর, ২০২৪ ০০:০০

কুষ্টিয়ায় দুই ভাইকে কুপিয়ে হত্যা

নিজস্ব প্রতিবেদক, কুষ্টিয়া

অ + অ -



কালের কণ্ঠ ই-পেপার

নিহতরা হলেন হামিদুল ইসলাম (৪৮) ও তাঁর ছোট ভাই নজরুল ইসলাম (৪৫)। গতকাল বুধবার বিকেল সোয়া ৫টার দিকে উপজেলার আড়িয়া ইউনিয়নের ছাতারপাড়া বাজারে এই হত্যাকাণ্ড ঘটে। নিহতরা ছাতারপাড়া এলাকার বেগুনবাড়িয়া গ্রামের রমজান আলীর ছেলে।

মারাত্মক আহত দুজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, ছাতারপাড়া এলাকার বেগুনবাড়িয়া গ্রামের আওয়ামী লীগ সমর্থক গাইন বংশ ও বিএনপি সমর্থক পিয়াদা বংশের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। এরই জেরে গতকাল বিকেলে পিয়াদা বংশের প্রধান গাদির নেতৃত্বে ইন্তা মলিথা ও সুমন পিয়াদাসহ ১০-১২ জন দেশি অস্ত্র নিয়ে ছাতারপাড়া বাজারে অবস্থানরত গাইন বংশের দুই ভাই হামিদুল ইসলাম ও নজরুল ইসলামের ওপর হামলা চালান। এ সময় তাঁরা ধারাল অস্ত্র দিয়ে তাঁদের কুপিয়ে মারাত্মক জখম করেন।

পরে স্থানীয়রা তাঁদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাঁদের মৃত ঘোষণা করেন।

দৌলতপুর থানার ওসি শেখ আওয়াল কবীর জানান, স্থানীয় আধিপত্য নিয়ে প্রতিপক্ষরা দুজনকে কুপিয়ে হত্যা করেছে। ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তারে অভিযান চালানো হচ্ছে। নিহতদের মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে রয়েছে।

angla.dhakatribune.com

ANNEX-49

DTB English



যুবলীগ নেতাকে বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে নির্যাতন, ৭ দিন পর মৃত্যু

আওয়ামী লীগ সরকারের পতনের পর সাইদুর রহমান ও তার ভাইদের বাড়িঘরে হামলা হয়




সাইদুর রহমান/ ছবি: সংগৃহীত

DTB English

প্রকাশ : ০৭ নভেম্বর ২০২৪, ১২:১৭ পিএম |
আপডেট : ০৭ নভেম্বর ২০২৪, ১২:১৭ পিএম

নাটোর সদর উপজেলায় বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে নির্যাতনের সাত দিন পর সাইদুর রহমান ওরফে বাবু (৪৫) নামের এক যুবলীগ নেতার মৃত্যু হয়েছে।



বুধবার (৬ নভেম্বর) রাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।



DT B English



নিহত সাইদুর রহমান সদর উপজেলার দরাপপুর গ্রামের বাসিন্দা ও ৮ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি ছিলেন।

জানা গেছে, আওয়ামী লীগ সরকারের পতনের পর সাইদুর রহমান ও তার ভাইদের বাড়িঘরে হামলা হয়। এরপর থেকে তিনি ও তার ভাইয়েরা আত্মগোপনে ছিলেন। ৩০ অক্টোবর এলাকার একটি বাড়ি থেকে সাইদুরকে আটক করা হয়। এরপর তাকে নিয়ে যাওয়া হয় দরাপপুর বাজারে। সেখানে প্রকাশ্যেই বৈদ্যুতিক খুঁটির সঙ্গে বেঁধে রড ও লাঠি দিয়ে পেটানো হয়। ওই দিন বিকেলে তাকে নাটোর সদর হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বুধবার রাত পৌনে ৮টার দিকে তার মৃত্যু হয়।

সাইদুরের ভাই ও স্থানীয় কৃষক লীগ নেতা [illegible] ইসলাম নান্নুর দাবি, তার ছোট ভাইকে [illegible]য় বিএনপি নেতাকর্মীরা পরিকল্পিতভাবে পিটিয়ে হত্যা করেছে। তিনি এখনও আত্মগোপনে আছেন।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় বিএনপির কয়েকজন নেতাকর্মী সংবাদমাধ্যম প্রথম আলোকে বলেন, "সাইদুর রহমান বিগত সরকারের আমলে বিএনপির অসংখ্য নেতাকর্মীদের ওপর জুলুম-নির্যাতন চালিয়েছেন। অনেককেই গাছের সঙ্গে বেঁধে রেখে নির্যাতন করে অর্থ আদায়ের অভিযোগও আছে তার বিরুদ্ধে। এসব কারণে সাইদুরের ওপর স্থানীয়দের ক্ষোভ তৈরি হয়েছিল।"

তবে এ ঘটনায় থানায় বৃহস্পতিবার সকাল পর্যন্ত কোনো লিখিত অভিযোগ দেওয়া হয়নি বলে জানিয়েছেন নাটোর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুর রহমান।

অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন তিনি।

BANGLA NEWS 24.com
সংবাদ বিনোদন সারাক্ষণ

ANNEX-50

English

সর্বশেষ জাতীয় আন্তর্জাতিক রাজনীতি বিনোদন খে

তিন মাস পর প্রকাশ্যে আসতেই যুবলীগ নেতাকে কুপিয়ে জখম

ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট

আপডেট: ১৭৩২ ঘণ্টা, নভেম্বর ১৩, ২০২৪

39 Shares



সিরাজগঞ্জ: তিন মাসেরও বেশি সময় আত্মগোপনে থাকার পর এলাকায় আসতেই সিরাজগঞ্জের কাজিপুর উপজেলার নাটুয়ারপাড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি দুলাল সরকারকে (৪৬) কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা। বর্তমানে তিনি গুরুতর অবস্থায় বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

দুলাল সরকার যমুনার চরাঞ্চল নাটুয়ারপাড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি ও একই ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য। তিনি দক্ষিণ নাটুয়ারপাড়া গ্রামের মৃত শমসের আলীর ছেলে।

আহত দুলাল সরকারের স্বজন ও প্রত্যক্ষদর্শীরা জানান, গত ৫ আগস্ট শেখ হাসিনার সরকারের পতনের পর দুলাল সরকার বাড়ি ছেড়ে আত্মগোপনে চলে যান। গত রোববার (১০ নভেম্বর) সন্ধ্যার পর তিনি নৌকায় করে যমুনা নদী পার হয়ে নাটুয়ারপাড়া নৌকাঘাটে পৌঁছান।

এসময় বিএনপির কয়েকজন নেতাকর্মী তাকে কুপিয়ে জখম করেন। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে স্বজনরা তাকে উদ্ধার করে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান।

বুধবার (১৩ নভেম্বর) আহত দুলালের মেয়েজামাই লিখন বাবু জানান, তার শ্বশুরের অবস্থা আশঙ্কাজনক। এখনো জ্ঞান ফেরেনি তার। চিকিৎসকরা বলেছেন, মাথায় আঘাতের কারণে রক্ত জমাট বেঁধে আছে। হাত, পা ও বুকসহ শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম হয়েছে।

কাজিপুর উপজেলা বিএনপির সভাপতি মো. সেলিম রেজা অভিযোগ অস্বীকার করে বলেন, যুবলীগ নেতা দুলাল সরকারকে মারপিট করা হয়েছে। আমি পরে জানতে পেরেছি। স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে কথা বলে জেনেছি, বিএনপির কেউ তাকে মারপিট করেনি। কে বা কারা তাকে মারপিট করে ফেলে রেখে গিয়েছিল। পরে স্থানীয় বিএনপির লোকজন তাকে উদ্ধার করে স্বজনদের কাছে পাঠিয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে কাজিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নুরে আলম বলেন, বিষয়টি শুনেছি। তবে এ বিষয়ে এখনও কেউ থানায় অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বাংলাদেশ সময়: ১৭৩০ ঘণ্টা, নভেম্বর ১৩, ২০২৪
এসআই

ক্লিক করুন, আরো পড়ুন → যুবলীগ নেতা কুপিয়ে জখম সিরাজগঞ্জ

Like Share Post

ইউটিউব সাবস্ক্রাইব করুন YouTube

প্রথম আলো

ANNEX-51

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও | ছবি | ভিডিও

বিকাশ বান্ডেল
সেন্ড মানি বান্ডেল কিনে
জিতুন প্রতি লেনদেনে
বিকাশ

জেলা

রাজবাড়ীতে বাড়ির কাছে সাবেক ছাত্রলীগ নেতাকে কুপিয়ে হত্যা

প্রতিনিধি গোয়ালন্দ, রাজবাড়ী

প্রকাশ: ১৩ নভেম্বর ২০২৪, ১২: ৩৪



নিহত তানভীর শেখ | ছবি: সংগৃহীত

প্রথম আলো
Login
সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

রাজবাড়ী শহরের বিনোদপুর এলাকায় নিজ বাসার কাছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সাবেক একজন নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে বিনোদপুর সর্বজনীন মন্দির ও স্থানীয় মুন্নাফের দোকানসংলগ্ন তিন রাস্তার মোড়ে এ ঘটনা ঘটে।

নিহত সাবেক ছাত্রলীগ নেতার নাম তানভীর শেখ (২০)। তিনি শহরের বিনোদপুর এলাকার বাবু শেখের ছেলে। তানভীর ডা. আবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। তিনি রাজবাড়ী পৌর ছাত্রলীগের অধীন ৩ নম্বর ওয়ার্ড ছাত্রলীগের সাধারণ সম্পাদক ছিলেন। ওই কমিটির মেয়াদ ইতিমধ্যে শেষ হয়েছে।

তানভীর শেখকে কারা কুপিয়ে হত্যা করেছেন, তা এখনো নিশ্চিত হতে পারেনি পুলিশ। এ ঘটনায় এখন পর্যন্ত কেউ গ্রেপ্তার বা আটক হননি। তানভীরের লাশ ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে আছে। পুলিশের ধারণা, আগের কোনো বিরোধের জেরে প্রতিপক্ষ তানভীরকে হত্যা করেছে।

বিজ্ঞাপন

ফলো করুন
সাবস্ক্রাইব করতে
ক্লিক করুন

স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা যায়, গতকাল রাত ৯টার দিকে নিজ বাসা থেকে প্রায় ১০০ গজ দূরে বিনোদপুর সর্বজনীন মন্দির ও স্থানীয় মুন্নাফের দোকানসংলগ্ন তিন রাস্তার মোড়ে তানভীর তাঁর এক বন্ধুর সঙ্গে আড্ডা দিচ্ছিলেন। এ সময় ১০ থেকে ১২ জন তরুণ আকস্মিকভাবে এসে দুই বন্ধুর গলায় অস্ত্র ঠেকিয়ে তানভীরের পেটে ও পিঠে উপর্যুপরি ছুরিকাঘাত করতে থাকেন। তানভীর মাটিতে লুটিয়ে পড়লে হত্যাকারীরা দ্রুত এলাকা ত্যাগ করেন। তানভীর ও তাঁর বন্ধুর চিৎকার শুনে স্থানীয় লোকজন এসে রক্তাক্ত অবস্থায় তানভীরকে উদ্ধার করে প্রথমে রাজবাড়ী সদর হাসপাতালে নিয়ে যান। অবস্থার অবনতি হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাঁকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে তিনি মারা যান।

বিজ্ঞাপন



ফলো করুন



স্থানীয় কয়েকজন জানান, প্রায় দুই থেকে তিন মাস আগে তুচ্ছ একটি বিষয় নিয়ে স্থানীয় কয়েকজনের সঙ্গে তানভীরের বিরোধ তৈরি হয়। বিরোধের জেরে তাঁকে কুপিয়ে হত্যা করা হয়েছে। এই হত্যাকাণ্ডে স্থানীয় দুই থেকে তিনজন এবং দাদশী ইউনিয়নের ছয় থেকে সাতজন অংশ নিয়েছেন বলে জানা যায়। এ ঘটনায় পরিবার থেকে থানায় মামলা করার প্রস্তুতি নেওয়া হচ্ছে।

রাজবাড়ী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মাহমুদুর রহমান বলেন, খবর পেয়ে রাতেই অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মুকিত সরকারসহ তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন। তানভীরের লাশ এখনো ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে আছে। ময়নাতদন্ত শেষে দুপুর নাগাদ লাশ আসতে পারে। পরিবার থেকে এখনো কোনো অভিযোগ দেওয়া হয়নি। অভিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বিজ্ঞাপন

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

ANNEX-52

ADVERTISEMENT

নোয়াখালীর কোম্পানীগঞ্জে যুবলীগ নেতাকে কুপিয়ে জখম

নোয়াখালী জেলা সংবাদদাতা

১৪ নভেম্বর ২০২৪, ০৫:১১ পিএম | আপডেট: ১৪ নভেম্বর ২০২৪, ০৫:১১ পিএম

21 Shares



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চরকাঁকড়া ইউনিয়নে নাজমুল হাসান রনি (৩৫) নামে এক যুবলীগের নেতাকে এলোপাথাড়ি পিটিয়ে ও কুপিয়ে জখম করেছে হেলমেট পরিহিত দুর্বৃত্তরা।বুধবার রাত সাড়ে ৮টার দিকে চরকাঁকড়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের শাখায়াতের দোকানের পাশে এ হামলার ঘটনা ঘটে।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
ফটো গ্যালারি ই-পেপার নাইট মোড

আহত নাজমুল হাসান রনি উপজেলার চরকাঁকড়া ইউনিয়নের আওয়ামী লীগ নেতা মো.আনিস মিয়ার ছেলে। তিনি চরকাঁকড়া ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারন সম্পাদক ছিলেন।



নাজমুল হাসান রনির ছোট ভাই শাহাদাত হোসেন পিংকু বিষয়টি নিশ্চিত করে বলেন,বুধবার রাত সাড়ে ৮টার দিকে তার ভাই দোকানের দিকে যাচ্ছিলেন। এ সময় মটরসাইকেলে আসা হেলমেট পরিহিত একদল দুর্বৃত্ত রনির ওপর অতর্কিতে হামলা চালায়। এ সময় তারা রনিকে এলোপাথাড়ি পিটিয়ে ও কুপিয়ে জখম করে ফেলে রেখে যায়।

পরে স্থানীয় লোকজন গুরুতর আহত অবস্থায় রনিকে উদ্ধার করে কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে প্রাথমিক চিকিৎসা শেষে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য নোয়াখালী জেনারেল হাসপাতালে পাঠানো হয় ।

দেশ রূপান্তর

ANNEX-53

গুলির পর কুপিয়ে হত্যা যুবলীগ কর্মীকে

পাবনা প্রতিনিধি

প্রকাশ : ১৮ নভেম্বর ২০২৪, ১২:১০ পিএম আপডেট : ১৮ নভেম্বর ২০২৪, ১২:১০ পিএম




পাবনার ঈশ্বরদীতে মানিক হোসেন নামে এক যুবলীগ কর্মীকে হত্যা

পাবনার ঈশ্বরদীতে মানিক হোসেন নামে এক যুবলীগ কর্মীকে গুলির পর কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (১৮ নভেম্বর) সকাল পৌনে ৭টার দিকে পাবনা কুষ্টিয়া মহাসড়কের রূপপুর মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

Ad closed by Google

দেশ রূপান্তর

পাবনার ঈশ্বরদীতে মানিক হোসেন নামে এক যুবলীগ কর্মীকে গুলির পর কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (১৮ নভেম্বর) সকাল পৌনে ৭টার দিকে পাবনা কুষ্টিয়া মহাসড়কের রূপপুর মোড় এলাকায় এ ঘটনা ঘটে।



নিহত যুবলীগ কর্মী মানিক ঈশ্বরদী উপজেলার পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামের ইউনুছ আলীর ছেলে। তিনি যুবলীগের সক্রিয় কর্মী ছিলেন।

Ad closed by Google

দেশ রূপান্তর

সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য

প্রত্যক্ষদর্শীরা জানান, একটি হত্যা মামলায় জেল খেটে গত তিন—চারদিন আগে জামিনে বাড়িতে এসেছিলেন মানিক। সকালে বাড়ির সামনে দাঁড়িয়ে কথা বলছিলেন তিনি। এ সময় কয়েকটি মোটরসাইকেলে করে অচেনা আট—১০ জন সেখানে এসে মানিককে লক্ষ্য করে পরপর চারটি গুলি ছোড়েন। এতে মানিক মাটিতে লুটিয়ে পড়লে রামদা ও চাপাতি দিয়ে মানিককে এলোপাতাড়ি কোপাতে থাকেন তারা। এসময় স্থানীয় লোকজন এগিয়ে এলে তারা দ্রুত পালিয়ে যান। ঘটনাস্থলেই মানিকের মৃত্যু হয়।

ঈশ্বরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহিদুল ইসলাম শহীদ জানান, পূর্ব শত্রুতার জের ধরে তাকে হত্যা করা হয়েছে বলে প্রাথমিক অনুসন্ধানে জানা গেছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাবনা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। হত্যাকারীদের শনাক্ত করতে কাজ করছে পুলিশ।



গণহত্যার মামলায় সাবেক ৯

Ad closed by Google

দেশ রূপান্তর

সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য



গণহত্যার মামলায় সাবেক ৯ মন্ত্রীসহ ১৩ জনকে গ্রেপ্তার দেখালো ট্রাইব্যুনাল

২০২৩ সালের ১৭ জুন ঈশ্বরদীতে পদ্মা নদীর অবৈধ বালু ব্যবসাকে কেন্দ্র করে পাকশী ইউনিয়ন ছাত্রলীগের কর্মী তাফসির আহমেদ মনা খুন হন। সেই মামলার এজাহারভুক্ত আসামি যুবলীগ কর্মী মানিক। ২০২৩ সালের ১৮ সেপ্টেম্বর পুলিশের হাতে গ্রেপ্তার হওয়ার পর জেলহাজতেই ছিলেন মানিক। সম্প্রতি জামিনে বের হয়েই খুন হলেন তিনি।

0 comments Sort by Newest

Add a comment...

Ad closed by Google

ANNEX-54

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও | ছবি | ভিডিও

বিকাশ বান্ডেল
সেন্ড মানি বান্ডেল কিনে
জিতুন প্রতি লেনদেনে
বিকাশ

বাংলাদেশ

মুখোশ পরে এসে হামলা, আহত যুবলীগ কর্মীর মৃত্যু

প্রতিনিধি সাতকানিয়া, চট্টগ্রাম

প্রকাশ: ২৫ নভেম্বর ২০২৪, ২২: ৫৫



নিহত মো. দেলোয়ার হোসেন | ছবি: সংগৃহীত

ফলো করুন



নিহত মো. দেলোয়ার হোসেন | ছবি: সংগৃহীত

চট্টগ্রামের সাতকানিয়ায় দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের আঘাতে আহত যুবলীগ কর্মী মো. দেলোয়ার হোসেন (৪৫) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। আজ সোমবার বিকেলে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়েছে।

দেলোয়ার হোসেন উপজেলার চরতি ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের দক্ষিণ চরতির আলী চানপাড়া এলাকার মৃত আহমদ হোসেনের ছেলে। তিনি স্থানীয় ইউপি সদস্য ও যুবলীগের নেতা মোহাম্মদ সাইফুল ইসলামের সহযোগী হিসেবে এলাকায় পরিচিত ছিলেন।



প্রথম আলো
Login
সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng
সব আছে এখানেই
প্রথম আলো মোবাইল অ্যাপ
GET IT ON Google Play

পুলিশ ও নিহত দেলোয়ার হোসেনের পারিবারিক সূত্রে জানা গেছে, ১৮ নভেম্বর সন্ধ্যা সাড়ে সাতটার দিকে চরতির কাটাখালী ব্রিজ এলাকায় ইউপি সদস্য সাইফুল ইসলামের ব্যক্তিগত কার্যালয়ের সামনে যুবলীগ কর্মী দেলোয়ার হোসেনসহ কয়েকজন ব্যক্তি গল্প করছিলেন। এ সময় মুখোশ পরা কয়েকজন দুর্বৃত্ত এসে দেলোয়ার হোসেনকে জোরপূর্বক একটি সিএনজিচালিত অটোরিকশায় তুলে উপজেলার আমিলাইষ এলাকার দিকে নিয়ে যান। পরে তাঁর শরীরের বিভিন্ন জায়গায় ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে তাঁকে আমিলাইষের মাঝের মসজিদ এলাকায় ফেলে রেখে চলে যান দুর্বৃত্তরা। স্থানীয় লোকজন গুরুতর আহত দেলোয়ার হোসেনকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে চিকিৎসাধীন ছিলেন তিনি।

বিজ্ঞাপন
আস্থা অ্যাপের
আস্থা নিউজে বিনামূল্যে পড়ুন
BRAC BANK
মাইস্টেলফ অ্যালেন স্বগন SEASON 2
দেখুন Chorki-তে

ফলো করুন




নিহত দেলোয়ার হোসেনের বড় ছেলে মো. সাইমুন হাবিব প্রথম আলোকে বলেন, 'আমার বাবা একসময় বিএনপির সমর্থক ছিলেন। আওয়ামী লীগ সরকারের আমলে যুবলীগের মিটিং-মিছিলে অংশগ্রহণ করতেন। সম্প্রতি তিনি ফেসবুক লাইভে এসে আওয়ামী লীগ ও শেখ হাসিনার পক্ষে কিছু কথাবার্তা বলেছেন। তাই বিভিন্ন সময়ে প্রতিপক্ষ রাজনৈতিক দলের নেতা-কর্মীরা আমার বাবাকে হুমকি-ধমকি দিতেন। যাঁরা আমার বাবাকে হুমকি-ধমকি দিয়েছেন, তাঁরাই আমার বাবাকে কুপিয়ে ও ছুরিকাঘাত করে হত্যা করেছেন।'

বিজ্ঞাপন







প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

SEASON 2
দেখুন CHORKI-তে

সাতকানিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মোস্তফা কামাল খান রাত সাড়ে আটটার দিকে প্রথম আলোকে বলেন, দেলোয়ার হোসেন নিহত হওয়ার ঘটনায় এখন পর্যন্ত থানায় কেউ অভিযোগ করেননি। দেলোয়ার হোসেনের লাশ ময়নাতদন্ত শেষে আগামীকাল মঙ্গলবার পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এ ঘটনায় কারা জড়িত, তা তদন্ত করে আইনগতভাবে ব্যবস্থা নেওয়া হবে।

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

বাংলাদেশ থেকে আরও পড়ুন

হামলা যুবলীগ চট্টগ্রাম খুন

চট্টগ্রাম বিভাগ সাতকানিয়া

সমকাল

ANNEX-55

» সারাদেশ
» স্বামী-স্ত্রী পরিচয়ে ওঠেন হোটেলে, পরদিন মিলল যুবলীগ নেতার লাশ

স্বামী-স্ত্রী পরিচয়ে ওঠেন হোটেলে, পরদিন মিলল যুবলীগ নেতার লাশ



ফেরদৌস শেখ

সমকাল

গোপালগঞ্জ প্রতিনিধি

প্রকাশ: ২৮ নভেম্বর ২০২৪ | ১৯:২১ | আপডেট: ২৮ নভেম্বর ২০২৪ | ২০:০০

গোপালগঞ্জের একটি রেস্তোরাঁর আবাসিক কক্ষে ফেরদৌস শেখ (৪৫) নামে এক যুবকের লাশ পাওয়া গেছে। বুধবার রাতে সদর উপজেলার পাথালিয়া এলাকার পিঠা গার্ডেন থেকে তাঁর লাশ উদ্ধার করে পুলিশ। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ গোপালগঞ্জ ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়।

ফেরদাউস শেখ জেলার টুঙ্গিপাড়া উপজেলার ডুমুরিয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া পার ঝনঝনিয়া গ্রামের বাসিন্দা। তাঁর গরুর খামার রয়েছে। ইউনিয়ন যুবলীগের সভাপতি পদপ্রত্যাশী ছিলেন। তাঁর ভাই মিজানুর রহমানের অভিযোগ, পরিকল্পিতভাবে এ হত্যাকাণ্ডটি ঘটানো হয়েছে।

সমকাল

মহাসড়কের পাশে। এটি রেস্তোরাঁ হলেও রাতে থাকার জন্য কক্ষ রয়েছে। এলাকাবাসীর অভিযোগ, রেস্তোরাঁটির আবাসিক কক্ষে অসামাজিক কার্যকলাপ চলত।

জানা গেছে, মঙ্গলবার এক নারীকে নিয়ে সেখানকার একটি কক্ষে ওঠেন ফেরদৌস। বুধবার রাতে তাদের সেই কক্ষ ছেড়ে দেওয়ার কথা ছিল। বিকেল পর্যন্ত তাদের কোনো খোঁজ না পেয়ে রেস্তোরাঁর কর্মকর্তারা কক্ষে গিয়ে ফেরদৌসের লাশ দেখতে পান। তাদের ভাষ্য, এর আগেই ওই নারী পালিয়ে যান।

ভাই মিজানুরের ভাষ্য, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় সভাপতি এস এম জিলানীর গাড়িবহরে হামলা ও গাড়ি পোড়ানোর অভিযোগে ১২ নভেম্বর একটি মামলা হয়। এতে ফেরদাউস শেখকে আসামি করা হয়। এ কারণেই তাঁকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে তারা সন্দেহ করছেন।

মিজানুর রহমান বলেন, 'মঙ্গলবার সন্ধ্যায় আমার ভাই বাসা থেকে বের হয়। একসঙ্গে ভাত খাওয়ার জন্য রাত ৯টার দিকে মোবাইল ফোনে কল দিই। আমাকে বলল, 'টুঙ্গিপাড়ায় বন্ধুর বাড়িতে আছি, পরে আসব।' সকালে তাঁর ফোনে কল দিলে বন্ধ পাই।' পরে গোপালগঞ্জ থানা থেকে লাশ উদ্ধারের কথা জানায়।

সমকাল

এক মাস আগে ফেরদাউস যমজ মেয়ের বাবা হয়েছেন জানিয়ে মিজানুর বলেন, দুই মেয়েকে নিয়ে পরিবারের সবাই আনন্দিত। নিষ্পাপ দুটি বাচ্চা কিছু বুঝে ওঠার আগেই বাবাকে হারাল।

পিঠা গার্ডেনের স্বত্বাধিকারী ফারুক হোসেন বলেন, স্বামী-স্ত্রী পরিচয়ে দু'জন তাঁর হোটেলের কক্ষ ভাড়া নিয়েছিলেন। কর্মচারীরা কক্ষ বন্ধ দেখে ডাকাডাকি করেন। সাড়া না পেয়ে ভেতরে ঢুকে ওই ব্যক্তির লাশ দেখতে পান। কীভাবে তিনি মারা গেছেন, তা জানা নেই।

বৃহস্পতিবার দুপুরে ময়নাতদন্ত শেষে ফেরদাউস শেখের লাশ পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করে পুলিশ। আসরের নামাজের পর বাঁশবাড়িয়া ঝনঝনিয়া মাদ্রাসা মাঠে তাঁর জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

সমকাল

গোপালগঞ্জ সদর থানার ওসি মীর সাজেদুর রহমান বলেন, বুধবার দুপুরে পিঠা গার্ডেনের ব্যবস্থাপক তুহিন মোল্লা থানায় এসে জানান, মঙ্গলবার রাতে স্বামী-স্ত্রী পরিচয়ে হোটেলের কক্ষ ভাড়া নেন এক ব্যক্তি। বুধবার সকালে নারীটি কৌশলে বেরিয়ে যান। দুপুরেও ওই ব্যক্তি কক্ষ থেকে বের না হলে কর্মীরা লাশ দেখতে পান। সিসিটিভি ফুটেজ দেখেও ব্যবস্থাপকের কথার সত্যতা মিলেছে। বৃহস্পতিবার লাশের ময়নাতদন্ত হয়েছে। তবে শরীরে আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। বাকি তথ্য প্রতিবেদন পেলে জানা যাবে।

দেশ রূপান্তর

সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য

> দেশ

ANNEX-56

ছাত্রলীগ নেতার মাকে নামাজ পড়া অবস্থায় পেছন থেকে আঘাত করে হত্যা

পঞ্চগড় প্রতিনিধি

প্রকাশ : ০৬ ডিসেম্বর ২০২৪, ০১:৪৫ পিএম আপডেট : ০৬ ডিসেম্বর ২০২৪, ০৪:১২ পিএম



ছেলের সঙ্গে অরিনা বেগম

দেশ রূপান্তর

পঞ্চগড়ের বোদা উপজেলায় নামাজরত অবস্থায় অরিনা বেগম (৪৫) নামে এক নারীকে হত্যার অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার (৫ ডিসেম্বর) সাড়ে রাত ১০টায় উপজেলার কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়নের কালিয়াগঞ্জ এলাকায় এ ঘটনাটি ঘটে। খবর পেয়ে বোদা থানা পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে।



শুক্রবার (৬ ডিসেম্বর) সকালে নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য পঞ্চগড় আধুনিক সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে মামলার প্রস্তুতি চলছে বলে জানা গেছে। নিহত অরিনা ওই এলাকার আবুল কালামের স্ত্রী।

সত্যের পথে সদা
দেশ রূপান্তর

জানা যায়, নিহত অরিনার বড় ছেলে চাকরি সুবাদে ঢাকায় থাকেন। তার আরেক ছেলে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন সভাপতি। রাজনৈতিক কারণে তিনি পলাতক রয়েছেন বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয়দের সূত্রে জানা যায়, বৃহস্পতিবার রাতে নিজের ঘরে এশার নামাজ আদায় করছিলেন অরিনা বেগম। ওই সময় ঘরে ঢুকে দুর্বৃত্তরা তার মাথায় ধারালো অস্ত্র দিয়ে একের পর এক আঘাত করে। এতে মাটিতেই রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়ে অরিনা।



প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক শেষে যা বললেন শায়খ আহমাদুল্লাহ

বোদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আজিম উদ্দীন বলেন, ঘটনার পরে ওই এলাকায় গিয়েছিলাম। সুরতহালে নিহতের মাথায় ধারালো অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে। তার মাথায় একাধিক আঘাত করা হয়েছে। আমরা মরদেহ ময়নাতদন্তে পাঠিয়েছি। এঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

ANNEX-57

আজকের পত্রিকা

ইপেপার সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব সা

> সারা দেশ > সিলেট

মৌলভীবাজার জেলা যুবলীগ নেতার বাড়িতে গভীর রাতে আগুন, মা ও চাচি নিহত

প্রকাশ : ০৮ ডিসেম্বর ২০২৪, ১৪ : ১০

আপডেট : ০৮ ডিসেম্বর ২০২৪, ১৫ : ৫৫



আগুনে পুড়ে যাওয়া ঘর। ছবি : আজকের পত্রিকা

Monetize Your Website/App with Award winning Ad Network!

RITS ADS

আজকের পত্রিকা

ইপেপার সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব সা

মৌলভীবাজার জেলা যুবলীগের সহসভাপতি শেখ রুমেল আহমদের বাড়িতে মধ্যরাতে অগ্নিকাণ্ডে দুজনের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতে এই ঘটনায় দগ্ধ হয়ে ঘরে থাকা তাঁর মা শেখ মেহেরুন্নেসা (৬৫) ও চাচি ফুলেছা বেগম (৬০) মারা গেছেন।

শেখ রুমেল সদর উপজেলার মোস্তফাপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান।

রুমেল আহমদের মামা মকছুছ মিয়া বলেন, বাড়িতে রুমেলের মা ও চাচি থাকতেন। সিকিউরিটি গার্ড থাকতেন আলাদা রুমে। গতকাল দিবাগত রাত ৩টার দিকে বাড়িতে আগুন জ্বলতে দেখেন সিকিউরিটি গার্ড। পরে আশপাশের লোকজন ও মসজিদের মাইকে বিষয়টি জানানো হয়। খবর দিলে ফায়ার সার্ভিসের লোকজন গিয়ে আগুন নিয়ন্ত্রণ আনে।

বাড়ির পাশে পাঁচ লিটারের একটি বোতলে কিছু পেট্রল পাওয়া গেছে বলে দাবি করেন মকছুছ।

Monetize Your Website/App with Award winning Ad Network!
RITS ADS

আজকের পত্রিকা

ইপেপার সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব সা



RITS ADS
Your Digital Media Partner

এদিকে আত্মগোপনে থাকা জেলা যুবলীগের সহসভাপতি রুমেল আহমদ ফেসবুকে লিখেছেন, 'আমার বাড়িতে এক মর্মান্তিক অগ্নিকাণ্ডের দুর্ঘটনায় আমার আম্মা শেখ মেহেরুন্নেছা ও আমার চাচি ইন্তেকাল করেছেন। প্রিয় মোস্তফাপুর ইউনিয়ন ও মৌলভীবাজারবাসী, আমি এর বিচার সর্বোচ্চ কিছুর মালিক আল্লাহর কাছে দিলাম।'

আজকের পত্রিকা

ইপেপার সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব সা

মৌলভীবাজার ফায়ার সার্ভিসের কর্মকর্তা যিশু তালুকদার বলেন, 'রাতে আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যাই। এ সময় বাড়ির একটি কক্ষের দরজা ভেঙে ভেতরে থাকা মেহেরুন্নেসা ও ফুলেছা বেগমকে উদ্ধার করে মৌলভীবাজার হাসপাতালে পাঠানো হলে কর্তব্যরত চিকিৎসক দুজনকেই মৃত ঘোষণা করেন। ধারণা করছি, ধোঁয়ায় দম বন্ধ হয়ে তাঁদের মৃত্যু হয়েছে।'



আগুনে পুড়ে যাওয়া ঘর। ছবি: আজকের পত্রিকা

এ বিষয়ে জানতে চাইলে মৌলভীবাজারের (সদর সার্কেল) অতিরিক্ত পুলিশ সুপার মো. আজমল হোসেন আজকের পত্রিকে বলেন, ময়নাতদন্তের জন্য দুজনের লাশ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। কীভাবে আগুন লেগেছে তা তদন্ত করে দেখা হচ্ছে।

মৌলভীবাজার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মাহবুবুর রহমান বলেন, ঘটনা তদন্তে সিলেট থেকে বিশেষ টিম এসেছে। তারা বিষয়টি তদন্ত করে দেখছে। একই সঙ্গে স্থানীয় পুলিশ প্রশাসন ও ফায়ার সার্ভিসও আগুন লাগার কারণ অনুসন্ধান করছে।

বাড়ির পাশে বোতলে পেট্রল পাওয়ার দাবির বিষয়ে ওসি বলেন, বোতলে ডিজেল ছিল। এখন আমন ধান ঘরে তোলার মৌসুম। ধান মাড়াইয়ের মেশিনে ব্যবহারের জন্য কেউ ডিজেলের বোতল এনে থাকতে পারে। এরপরও বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

ওসি আরও বলেন, এ ঘটনায় এখনো থানায় কেউ অভিযোগ জানায়নি।



RITS ADS
Your Digital Media Partner

Beta

ANNEX-58

রবিবার, ১৩ এপ্রিল, ২০২৫

আসলেই কি ‘জয় বাংলা’ লেখার কারণে নাচোলে রায়হান ও রানাকে খুন



নাচোলে মাসুদ রানা ও রায়হানকে ‘জয় বাংলা’ লেখার কারণে হত্যা করা হয়েছে বলে আওয়ামী লীগ দাবি করছে।



সাজ্জাদ হোসেন

১৮ ডিসেম্বর, ২০২৪ • ৬:৫৪ • আপডেট: ১৯ ডিসেম্বর, ২০২৪ • ১০:৪৯

চাঁপাইনবাবগঞ্জের নাচোলে মো. মাসুদ রানা (২১) নামে এক যুবককে ও মো. রায়হান (১২) এক কিশোরকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে মল্লিকপুর বাজারে আক্রান্ত হয়েছিলেন তারাসহ কয়েকজন। রক্তাক্ত অবস্থায় তাদের উদ্ধার করে চাঁপাইনবাবগঞ্জ জেলা হাসপাতালে নিচ্ছিল স্থানীয়রা। তবে পথেই মাসুদ ও রায়হান মারা যান।

তাদের নিহত হওয়ার ঘটনাটি এসেছে ছাত্র-জনতার অভ্যুত্থানে পাঁচ মাস আগে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের ফেইসবুক পাতায়। সেখানে দাবি করা হয়েছে, 'জয় বাংলা' স্লোগান দেয়ালে লেখার কারণে তাদের হত্যা করা হয়েছে।

মাসুদ ও রায়হান ছাত্রলীগের কর্মী ছিলেন বলে দাবি করা হয়েছে সেই ফেইসবুক পোস্টে। অভ্যুত্থানের পর ক্ষমতায় বসা অন্তর্বর্তীকালীন সরকার আওয়ামী লীগের ছাত্র সংগঠনটিকে নিষিদ্ধ করে।

এদিকে আওয়ামী লীগ মাসুদ ও রায়হানকে যেভাবে চিত্রিত করছে, তা ঠিক নয় বলে জানিয়েছেন তাদের স্বজনরা।

পুলিশ বলছে, দেয়াল লিখন নয়, ফেইসবুকে একটি ভিডিও পোস্ট করাকে কেন্দ্র করে কিশোরদের দুপক্ষের সংঘর্ষে প্রাণ হারান রানা ও রায়হান।

নিহত মাসুদ চাঁপাইনবাবগঞ্জের নাচোল উপজেলার খলশী গ্রামের মো. এজাবুল হকের ছেলে। রায়হান একই গ্রামের বাগানপাড়ার আব্দুর রহিমের ছেলে।

Beta

সকাল সন্ধ্যা

রবিবার, ১৩ এপ্রিল, ২০২৫

আওয়ামী লীগ যেভাবে দেখাচ্ছে

আওয়ামী লীগের ফেইসবুক পাতায় মঙ্গলবার মধ্যরাতেই এক পোস্টে মাসুদ ও রায়হানের মৃত্যুর খবর দিয়ে লেখা হয়, "চাঁপাইনবাবগঞ্জের দুই ছাত্রলীগের নেতা কর্মীকে 'জয় বাংলা' স্লোগান দেয়ালে লেখার অপরাধে #কুপিয়ে #হত্যা করা হয়েছে।"

সেখানে মাসুদ রানার পরিচয় দেওয়া হয়েছে- সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগ, ইলেকট্রিকাল ডিপার্টমেন্ট শাখা, চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট। সহ- সম্পাদক, নাচোল উপজেলা ছাত্রলীগ।

রায়হানের পরিচয় দেওয়া হয়েছে- কর্মী, নাচোল উপজেলা ছাত্রলীগ।

এই হত্যাকাণ্ডের জন্য জুলাই অভ্যুত্থানকারীদের দিকে অভিযোগের আঙুল তুলে সেই পোস্টে লেখা হয়েছে- "এই দুইজনকে ফতেপুর ইউনিয়নের মল্লিকপুর বাজারে রাত আনুমানিক ১০:৩০ মিনিটে #কুপিয়ে #হত্যা করে ইউনূসের সমর্থক সন্ত্রাসীরা।"

দেড় দশক ধরে ক্ষমতায় থাকা আওয়ামী লীগের সরকারের পতন ঘটে গত ৫ আগস্ট। অভ্যুত্থানের মুখে পালিয়ে ভারতে আশ্রয় নেন শেখ হাসিনা।

আওয়ামী লীগের শীর্ষ নেতারা কারাগারে কিংবা অপ্রকাশ্যে থাকায় এই পোস্টের বিষয়ে তাদের কোনও বক্তব্য সকাল সন্ধ্যা জানতে পারেনি।

৫ আগস্টের পর থেকে চাপে থাকা আওয়ামী লীগ তাদের বক্তব্য-বিবৃতি ফেইসবুকে এলেও তা কোথা থেকে পরিচালিত হচ্ছে, তাও জানা যাচ্ছে না।

অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন 'ফ্যাসিবাদী' আওয়ামী লীগকে বাংলাদেশে রাজনীতিতে ফিরতে দেওয়ার পক্ষপাতি নয়। তাদের চাপেই ছাত্রলীগকে নিষিদ্ধ করে ড. মুহাম্মদ ইউনূস নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার।

এদিকে মুক্তিযুদ্ধের স্লোগান 'জয় বাংলা'কে জাতীয় স্লোগান ঘোষণা করে আওয়ামী লীগ আমলে হাই কোর্টের যে রায় হয়েছিল, রাজনৈতিক পট পরিবর্তনের পর সম্প্রতি আপিল বিভাগ তা স্থগিত করে।

আওয়ামী লীগ দাবি করছে, ইউনূস নেতৃত্বাধীন সরকার মুক্তিযুদ্ধের চেতনার বিপরীতে বাংলাদেশকে নিয়ে যাচ্ছে। আর তার ধারাবাহিকতায় 'জয় বাংলা'র পক্ষের মানুষের ওপর হামলা হচ্ছে।

কী বলছে মাসুদ-রায়হানের স্বজনরা

১২ বছরের রায়হান কোনও রাজনৈতিক দল কিংবা সংগঠনে জড়িত ছিল না বলে জানিয়েছেন তার বাবা আব্দুর রহিম। তার পাঁচ ছেলের মধ্যে সবার ছোট রায়হান। সে স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ত।

দেয়ালে স্লোগান লেখা নিয়ে রহিম **সকাল সন্ধ্যা**র জিজ্ঞাসায় বলেন, "আমার ছেলে প্রতিবন্ধী। তার ঠোঁট ও তালু কাটা থাকায় ঠিকমতো কথাও বলতে পারে না। তাকে 'ক' লিখতে বললে 'খ' লিখে। সে জয় বাংলা লিখবে ক্যামনে?"

ছাত্রলীগে যুক্ত ছিল কি না- জানতে চাইলে তিনি বলেন, "আমার ছোট্ট ছেলে; আওয়ামী লীগ, বিএনপি, জামায়াত কী, সেটাও জানে না। তারে ছাত্রলীগের কর্মী বানাইলো কারা?"



পুলিশ যা বলছে

'জয় বাংলা' লেখার কারণে মাসুদ ও রায়হানকে হত্যার খবরটি 'ফেইক' বলে উড়িয়ে দিচ্ছেন নাচোল থানার ওসি মনিরুল ইসলাম।

তাহলে কী কারণে এই হত্যাকাণ্ড ঘটল- জানতে চাইলে তিনি **সকাল সন্ধ্যা**কে বলেন, "ফেইসবুকে একটি ভিডিও পোস্ট করাকে কেন্দ্র করে এলাকার কিশোরদের দুই পক্ষের সংঘর্ষে এই ঘটনা ঘটেছে।"

এই ঘটনায় বুধবার বিকাল পর্যন্ত মামলা হয়নি। ময়নাতদন্ত শেষে নিহতদের লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ। তাদের দাফনের প্রস্তুতি চলছে।

এই হত্যাকাণ্ড নিয়ে বুধবার দুপুরে জেলা পুলিশ সুপার কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন চাঁপাইনবাবগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার আবুল কালাম সাহিদ।

তিনি বলেন, পুরনো বিরোধ ধরে প্রতিপক্ষের হামলায় মাসুদ ও রায়হান খুন হয় বলে তারা জানতে পেরেছেন।

অতিরিক্ত এসপি আবুল কালাম বলেন, "নাচোলের খলশী গ্রামে পেয়ারাবাগানে কাজ করতেন সালাম ও শাহীন নামের দুই শ্রমিক। সম্প্রতি কাজ করার সময় শাহীন গোপনে সালামের প্রস্রাব করার ভিডিও ধারণ করে তা ফেইসবুকে পোস্ট করেন। এ নিয়ে দুজনের মধ্যে হাতাহাতি হয়।"

মঙ্গলবার রাতে সালামের সঙ্গে থাকার কারণেই রায়হান ও মাসুদ হামলায় পড়েছিলেন বলে জানান পুলিশ কর্মকর্তা আবুল কালাম।

জানিয়ে শাহ এটা কখনও হয় শাহিন।

পুলিশ যা বলছে

'জয় বাংলা' লেখার কারণে মাসুদ ও রায়হানকে হত্যার খবরটি 'ফেইক' বলে উড়িয়ে দিচ্ছেন নাচোল থানার ওসি মনিরুল ইসলাম।

তাহলে কী কারণে এই হত্যাকাণ্ড ঘটল- জানতে চাইলে তিনি **সকাল সন্ধ্যা**কে বলেন, "ফেইসবুকে একটি ভিডিও পোস্ট করাকে কেন্দ্র করে এলাকার কিশোরদের দুই পক্ষের সংঘর্ষে এই ঘটনা ঘটেছে।"

এই ঘটনায় বুধবার বিকাল পর্যন্ত মামলা হয়নি। ময়নাতদন্ত শেষে নিহতদের লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ। তাদের দাফনের প্রস্তুতি চলছে।

এই হত্যাকাণ্ড নিয়ে বুধবার দুপুরে জেলা পুলিশ সুপার কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন চাঁপাইনবাবগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার আবুল কালাম সাহিদ।

তিনি বলেন, পুরনো বিরোধ ধরে প্রতিপক্ষের হামলায় মাসুদ ও রায়হান খুন হয় বলে তারা জানতে পেরেছেন।

অতিরিক্ত এসপি আবুল কালাম বলেন, "নাচোলের খলশী গ্রামে পেয়ারাবাগানে কাজ করতেন সালাম ও শাহীন নামের দুই শ্রমিক। সম্প্রতি কাজ করার সময় শাহীন গোপনে সালামের প্রস্রাব করার ভিডিও ধারণ করে তা ফেইসবুকে পোস্ট করেন। এ নিয়ে দুজনের মধ্যে হাতাহাতি হয়।"

মঙ্গলবার রাতে সালামের সঙ্গে থাকার কারণেই রায়হান ও মাসুদ হামলায় পড়েছিলেন বলে জানান পুলিশ কর্মকর্তা আবুল কালাম।

যুগান্তর ই-পেপার

সর্বশেষ জাতীয় রাজনীতি অর্থনীতি

ANNEX-59

সারাদেশ

নারায়ণগঞ্জে ছুরিকাঘাতে যুবক খুন

ফতুল্লা (নারায়ণগঞ্জ) প্রতিনিধি
প্রকাশ: ২১ ডিসেম্বর ২০২৪, ০১:০১ এএম



নিহত আহমেদ সিয়াম।

যুগান্তর ই-পেপার

নারায়ণগঞ্জের ফতুল্লায় আহমেদ সিয়াম নামে এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। শুক্রবার রাত ১০টায় ফতুল্লার শিহাচর তক্কারমাঠ এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত সিয়াম (১৮) ফতুল্লার পিলকুনী এলাকার পাঁচতলা বরিশাল টাওয়ার সংলগ্ন আব্দুল হালিম মিয়ার ছেলে।

নিহতের মা কাঞ্চন বেগম জানান, দুই মাস ধরে অসুস্থ ছিল সিয়াম। সুস্থ হওয়ার ১৫ দিন পর সিয়াম একটি হোসিয়ারি কারখানায় কাজে যোগ দেয়। শুক্রবার রাত ১০টার দিকে কয়েকজন ছেলে বাসায় এসে তাকে জানায় সিয়ামকে দুর্বৃত্তরা কুপিয়েছে। খবর পেয়ে খানপুর হাসপাতালে গিয়ে সিয়ামের মৃতদেহ পেয়েছি। হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্ত মুলক শাস্তি চাই।

স্থানীয়রা জানান, সিয়াম স্থানীয় ছাত্রলীগ নেতা শরিফ হোসেন শামীমের সঙ্গে ছাত্রলীগের সভা সমাবেশ করতেন। তবে ছাত্রলীগে সিয়ামের কোনো পদ পদবি নেই।

DHAKA POST

ANNEX-60

সারাদেশ › রাঙামাটি

কাপ্তাইয়ে যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা

জেলা প্রতিনিধি রাঙামাটি
২৪ ডিসেম্বর ২০২৪, ১২:৫৮

65 Shares অ+ অ-




রাঙামাটির কাপ্তাই উপজেলার রাইখালী ইউনিয়ন যুবলীগের এক নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।

DHAKA POST

সোমবার (২৩ ডিসেম্বর) রাতে উপজেলার রাইখালী ইউনিয়নের বালুখালী এলাকায় এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন রাইখালী ইউপি চেয়ারম্যান মংক্য মারমা।

জানা গেছে, নিহত ওবায়েদ উল্লাহ (৪৩) উপজেলার ২ নম্বর রাইখালী ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি ছিলেন।

বিজ্ঞাপন



নিহত ওবায়েদ উল্লাহর ছেলে মো. আরিফ বলেন, সোমবার রাতে ওবায়েদ উল্লাহ কারিগরপাড়া বাজার থেকে নিজের দোকান বন্ধ করে বাসায় যাওয়ার পথে তাকে কুপিয়ে হত্যা করা হয়।

DHAKA POST



নিহত ওবায়েদ উল্লাহর ছেলে মো. আরিফ বলেন, সোমবার রাতে ওবায়েদ উল্লাহ কারিগরপাড়া বাজার থেকে নিজের দোকান বন্ধ করে বাসায় যাওয়ার পথে তাকে কুপিয়ে হত্যা করা হয়।

চন্দ্রঘোনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ শাহজাহান কামাল বলেন, নিহত ব্যক্তির রাজনৈতিক পরিচয় আমরা এখনো পাইনি। সোমবার রাত আনুমানিক সাড়ে ১০টা থেকে ১১টার মধ্যে রাইখালী ইউনিয়নের বালুখালী এলাকায় তাকে কুপিয়ে জখম করা হয়। আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। মরদেহ চট্টগ্রামে ময়নাতদন্ত করা হচ্ছে।

মিশু মল্লিক/আরকে

ঢাকাপোস্ট চ্যানেল ফলো করুন

হত্যা


ANNEX-61

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng

ভিডিও ছবি ভিডিও



জেলা

যশোরে চায়ের দোকান থেকে তুলে নিয়ে আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা

প্রতিনিধি যশোর

আপডেট: ২৯ ডিসেম্বর ২০২৪, ১০: ০৫

অ+ অ−

প্রথম আলো

Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng



নিহত জিয়াউদ্দিন পলাশ | *ছবি: সংগৃহীত*

যশোরের অভয়নগর উপজেলায় এক আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় দুর্বৃত্তরা চায়ের দোকান থেকে তাঁকে ধরে নিয়ে যায়। রাতে উপজেলার নওয়াপাড়া বুড়িরঘাট এলাকায় আয়কর অফিসের পেছনে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাঁকে ফেলে রেখে যায়। এলাকার লোকজন তাঁকে উদ্ধার করে রাত ১০টা ১৫ মিনিটের দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

নিহত আওয়ামী লীগ নেতার নাম জিয়াউদ্দিন পলাশ (৪৫)। তিনি উপজেলার নওয়াপাড়া গ্রামের ইব্রাহিম হোসেন সরদারের ছেলে। তিনি নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন। এ ছাড়া তিনি ওই ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ছিলেন।

এ ঘটনায় এলাকার লোকজন রইচ সিকদার (৩৫) নামের এক ব্যক্তিকে পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছেন। গুরুতর আহত অবস্থায় তাঁকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রইচ সিকদার উপজেলার নওয়াপাড়া গ্রামের সিদ্দিক সরদারের ছেলে। তিনি নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড বিএনপির প্রচার সম্পাদক। এ ছাড়া তিনি নওয়াপাড়া পৌর যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য।

বিজ্ঞাপন


প্রথম আলো
Login
সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব Eng



একজন প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, গতকাল সন্ধ্যা সাড়ে সাতটার দিকে জিয়াউদ্দিন পলাশ নওয়াপাড়া গ্রামের তেঁতুলতলা মসজিদের পাশে একটি চায়ের দোকানে বসে চা পান করছিলেন। এ সময় রইচ সিকদারের নেতৃত্বে ১০ থেকে ১২ জন চায়ের দোকান থেকে জিয়াউদ্দিন পলাশকে ধরে নিয়ে যান। তাঁরা তাঁকে নওয়াপাড়া বুড়িরঘাট এলাকায় আয়কর অফিসের পেছনে ভৈরব নদের তীরে বালুর স্তূপের ওপর নিয়ে যান। সেখানে তাঁরা তাঁকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও পিটিয়ে ফেলে রেখে যান। এলাকার লোকজন তাঁকে খুঁজে পেয়ে সেখান থেকে উদ্ধার করে রাত ১০টা ১৫ মিনিটের দিকে অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

বিজ্ঞাপন

চিকিৎসক শোভন বিশ্বাস বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সে আনার আগে জিয়াউদ্দিন পলাশের মৃত্যু হয়েছে। তাঁর দুই পায়ের হাঁটুর নিচে ধারালো অস্ত্রের একাধিক কোপের চিহ্ন রয়েছে। এ ছাড়া তাঁর দুই হাতের কবজিতে ভোঁতা অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে। তাঁর পিঠে কয়েকটি লাঠির আঘাতের চিহ্ন রয়েছে।

এ ঘটনার পর পালিয়ে যাওয়ার সময় স্থানীয় লোকজন রইচ সিকদারকে ধরে পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছেন। গুরুতর আহত অবস্থায় প্রথমে তাঁকে অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। কিন্তু অবস্থার অবনতি হওয়ায় তাঁকে গতকাল রাতেই খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

অভয়নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এমাদুল করিম বলেন, জিয়াউদ্দিন পলাশকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করা হয়েছে। হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত একজনকে ধরা হয়েছে। অন্যদের ধরতে অভিযান চালানো হচ্ছে।

ওসি এমাদুল করিম আরও বলেন, কী কারণে তাঁকে হত্যা করা হয়েছে, তা এই মুহূর্তে বলা যাচ্ছে না। বিষয়টি তদন্ত করা হচ্ছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য যশোর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

BANGLA VISION

গ্রামবাংলা

যশোরে সাবেক কাউন্সিলর ও আওয়ামী লীগ নেতা খুন

নিজস্ব প্রতিনিধি

প্রকাশিত: ১০:১৪, ২৯ ডিসেম্বর ২০২৪



ছবি: পলাশ শেখ

যশোরের অভয়নগরে সাবেক পৌর কাউন্সিলর ও আওয়ামী লীগ নেতা পলাশ শেখ (৪৮) খুন হয়েছেন। শনিবার (২৮ ডিসেম্বর) রাতে একদল সন্ত্রাসী তাকে কুপিয়ে হত্যা করে।

এ ঘটনায় জড়িত অভিযোগে একজনকে আটক করা হয়েছে। নিহত পলাশ অভয়নগর উপজেলার নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ছিলেন।

নির্ভরযোগ্য একাধিক সূত্র জানিয়েছে, শনিবার (২৮ ডিসেম্বর) রাত নয়টার দিকে একদল সন্ত্রাসী পলাশ শেখের ওপর হামলা চালায়। এরপর তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। পরে তার মরদেহ নওয়াপাড়া আয়কর অফিসের পেছন থেকে উদ্ধার করা হয়।

সূত্র জানায়, ঘটনার পরপরই স্থানীয় জনতা পলাশ হত্যার সাথে জড়িত অভিযোগে রইচ উদ্দীন নামে এক সন্ত্রাসীকে আটক করেন। গণপিটুনির পর তাকে পুলিশে সোপর্দ করা হয়। পরে গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অভয়নগর থানা পুলিশের ওসি মো. এমাদুল করিম জানান, সাবেক কাউন্সিলর পলাশকে সন্ত্রাসীরা হত্যা করে ফেলে রেখে যায়। খবর পেয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় জড়িতদের আটকের চেষ্টা চলছে।

ANNEX-62

প্রথম আলো

Login



জেলা

কক্সবাজার সমুদ্রসৈকতে খুলনার সাবেক কাউন্সিলরকে গুলি করে হত্যা

নিজস্ব প্রতিবেদক কক্সবাজার

প্রকাশ: ০৯ জানুয়ারি ২০২৫, ২২: ২৯



গোলাম রব্বানি | ছবি: সংগৃহীত

কক্সবাজার সমুদ্রসৈকতের সিগাল পয়েন্টের ঝাউবাগানে আজ বৃহস্পতিবার রাতে খুলনা সিটি করপোরেশনের ৪ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর গোলাম রব্বানি টিপুকে (৫৫) গুলি করে হত্যা করা হয়েছে। তাঁর বাড়ি খুলনার দৌলতপুরে। হত্যার রহস্য উদ্‌ঘাটনে কাজ করছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।


পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, আজ রাত সাড়ে আটটার দিকে গোলাম রব্বানি সিগাল হোটেলের সামনে ঝাউবাগানের ভেতরে কাঠের তৈরি সেতুর পাশে হাঁটছিলেন। এ সময় মোটরসাইকেল যোগে দুই ব্যক্তি ঘটনাস্থলে এসে গোলাম রব্বানির মাথায় গুলি করে দ্রুত পালিয়ে যায়। পূর্বশত্রুতার জের ধরে এই হত্যাকাণ্ড বলে সন্দেহ করা হচ্ছে।

বিজ্ঞাপন




ঘটনার প্রত্যক্ষদর্শী ইজিবাইক (টমটম) চালক আবদুস সালাম (৩৮) বলেন, তিনি সিগাল হোটেলের দিকে ছিলেন। গুলির শব্দ শুনে তিনি ঘটনাস্থলে গিয়ে দেখেন এক ব্যক্তি গুলিবিদ্ধ হয়ে বালুতে পড়ে গেছেন। দ্রুত তিনি ওই ব্যক্তিকে নিজের টমটমে তুলে কক্সবাজার সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

বিজ্ঞাপন





ঘটনার সত্যতা নিশ্চিত করে কক্সবাজার সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইলিয়াছ খান প্রথম আলোকে বলেন, নিহত গোলাম রব্বানি খুলনা সিটি করপোরেশনের ৪ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর। সেখানকার পুলিশের সঙ্গে কথা বলে তিনি জেনেছেন, গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে গোলাম রব্বানি আত্মগোপন করেন। তিনি কখন কক্সবাজার এসেছেন, কোথায় ওঠেন এবং কেন তাঁকে হত্যা করা হয়েছে, তার কারণ অনুসন্ধান করা হচ্ছে। মাথায় গুলি করে তাঁকে হত্যা করা হয়। মরদেহ ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

ট্যুরিস্ট পুলিশ কক্সবাজারের অতিরিক্ত পুলিশ সুপার মো. আসাদুজ্জামান প্রথম আলোকে বলেন, গোলাম রব্বানি হত্যার রহস্য উদ্‌ঘাটনে মাঠে নেমেছে পুলিশ। সৈকতের নিরাপত্তা জোরদার করা হয়েছে।

বিজ্ঞাপন

dailyobserver
English | Friday | 18 April 2025 | Epaper

ANNEX-63

supertails
Lightening Deals on all your Pet's Needs
Download the Supertails app now
Download Now

বাউফলে যুবলীগ নেতাকে কুপিয়ে খুন

Published : Monday, 27 January, 2025 at 9:50 PM

অবজারভার সংবাদদাতা



dailyobserver
English | Friday | 18 April 2025 | Epaper

অবজারভার সংবাদদাতা



পটুয়াখালীর বাউফলে সুজন হাওলাদার (৩০) নামের এক যুবলীগ নেতাকে কুপিয়ে খুন করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় কনকদিয়া ইউনিয়নের আমিরাবাদ বাজার সংলগ্ন ছোট ব্রিজের পাশে এ ঘটনা ঘটেছে। পেশায় সুজন একজন অটো চালক। তিনি মদনপুরা ইউনিয়নের দ্বিপাশা গ্রামের নবী আলী হাওলাদারের ছেলে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, অটো রিক্সায় যাত্রী নেওয়ার জন্য আমিরাবাদ বাজারে অপেক্ষা করছিলেন সুজন। এসময় ৪/৫ জন দুর্বৃত্ত ধারালো অস্ত্র দিয়ে তাকে এলোপাতাড়িভাবে কুপিয়ে জখম করে পালিয়ে যায়। পরে আহত সুজনকে বাউফল স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

dailyobserver
English | Friday | 18 April 2025 | Epaper

পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

নিহত সুজনের চাচা আবদুল মান্নান হাওলাদার বলেন, সুজন মদনপুরা ইউনিয়নের ১নং ওয়ার্ডের যুবলীগের সদস্য ছিলেন। স্থানীয় পীরজাদা মশিউর রহমানের দরবারে যাতায়াত ছিল সুজনের। ওই দরবারে যাতায়াতের বিষয়টি স্থানীয় একটি মহল মেনে নিতে পারছেন না। তাই পরিকল্পিতভাবে সুজনকে খুন করা হতে পারে। তবে এ কারনেই যে সুজনকে খুন করা হয়েছে তা নিশ্চিত নয়। খুনের অন্য মোটিভও থাকতে পারে বলে ধারনা করছেন তিনি।

নিহতের বাবা নবী আলী হাওলাদার অভিযোগ করেছেন, উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. মিরাজের (৩০) নেতৃত্বে তার ছেলে সুজনকে পিটিয়ে ও কুপিয়ে খুন করা হয়েছে। এ ঘটনার দ্রুত বিচার দাবী করেন তিনি।

Latest news of The Daily Observer now in Google News

অবশ্য এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগ অস্বীকার করে ছাত্রদল নেতা মিরাজ বলেন, আমাকে নিয়ে ষড়যন্ত্র চলছে।

বাউফল থানার এসআই মো. মফিজুল ইসলাম বলেন, সুজনের শরীরের একাধিক স্থানে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে।

সময়

শুক্রবার, ১৮ এপ্রিল ২০২৫, ৫ বৈশাখ ১৪৩২

সর্বশেষ EN LIVE

ANNEX-64

সম্পূর্ণ নিউজ সময়

বাংলাদেশ

২৩ টা ৪ মিনিট, ১৪ ফেব্রুয়ারি ২০২৫

গাইবান্ধায় ছাত্রলীগ নেতা হত্যার ঘটনায় ইউপি চেয়াম্যানের নামে মামলা

গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলার ধাপেরহাট ইউনিয়নের সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল মামুন (২৯) হত্যার ঘটনায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলাম শিপনসহ ২৭ জনের নাম উল্লেখ করে মামলা করা হয়েছে হয়েছে।



সাদুল্লাপুর থানা। ইনসেটে নিহত আব্দুল্লাহ আল মামুন। ছবি: সংগৃহীত

মো. বিপ্লব ইসলাম

১ মিনিটে পড়ুন

শুক্রবার (১৪ ফেব্রুয়ারি) সাদুল্লাপুর থানায় মামলাটি দায়ের করেন নিহত মামুনের বাবা আব্দুল মান্নান মন্ডল। মামলায় আরও ২০ থেকে ২২ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়।

মামলার বিষয়টি নিশ্চিত করেন সাদুল্লাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজউদ্দিন খন্দকার।

মামলায় উল্লেখ করা হয়, বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) বিকেলে অজ্ঞাত এক ব্যক্তি ফোন করে মামুনকে ডেকে নেয়। পরে জামদানি ঘাটের পাশে ধাপেরহাট বন্দর সড়কে আসামিরা তাকে মারপিট করে ফেলে রেখে যায়। পরে স্বজনরা গুরুতর আহত অবস্থায় মামুনকে উদ্ধার করে পীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আরও পড়ুন: গাইবান্ধায় দুর্বৃত্তদের হামলায় ছাত্রলীগ নেতা নিহত

ওসি তাজউদ্দিন খন্দকার বলেন, 'আব্দুল্লাহ আল মামুন হত্যার ঘটনায় একটি হত্যা মামলা দায়ের হয়েছে। আসামিদের গ্রেফতারে অভিযান চলছে।'

ছাত্রলীগ নেতা | হত্যা মামলা | ইউপি চেয়ারম্যান

সমকাল

ANNEX-65

» সারাদেশ » রংপুর

» রেললাইনে পড়ে ছিল আওয়ামী লীগ নেতার মরদেহ, রশিতে বাঁধা ছিল দু'হাত

রেললাইনে পড়ে ছিল আওয়ামী লীগ নেতার মরদেহ, রশিতে বাঁধা ছিল দু'হাত



ছবি: সমকাল

সমকাল

পার্বতীপুর (দিনাজপুর) প্রতিনিধি

প্রকাশ: ১৮ ফেব্রুয়ারি ২০২৫ | ১৭:৩৩ | আপডেট: ১৮ ফেব্রুয়ারি ২০২৫ | ১৭:৪৪

পার্বতীপুর-ফুলবাড়ী রেলপথের হলদীবাড়ী এলাকা থেকে ট্রেনে কাটা অবস্থায় ভরত চন্দ্র রায় (৪৮) নামে এক আওয়ামী লীগ নেতার মরদেহ উদ্ধার করেছে রেলওয়ে থানা পুলিশ।

মঙ্গলবার দুপুরে তার মরদেহ উদ্ধার করে রেলওয়ে থানা পুলিশ। এসময় তার দুই হাত প্লাস্টিকের রশি দিয়ে বাঁধা অবস্থায় ছিল।

সমকাল

নিহত ভরত চন্দ্র রায় চন্ডিপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন। তার বাড়ি চন্ডিপুর ইউনিয়নের কালিকাবাড়ী কুমার পাড়া গ্রামে।

প্রত্যক্ষদর্শীদের ধারণা, তাকে হত্যা করে অথবা হাত বেঁধে রেললাইনে ফেলে রাখা হয়েছিল। পরে ঢাকা থেকে পার্বতীপুরগামী কোনো এক ট্রেনে দেহ থেকে তার মাথা বিচ্ছিন্ন হয়ে যায়।

এ ঘটনায় দিনাজপুর সিআইডির এএসপি ফারুক আহম্মেদ, এএসপি সার্কেল জিন্নাহ আল মামুন, ডিবির ওসি সোহেল রানা, রেলওয়ে থানার ওসি ফকরুল ইসলাম ও মডেল থানার ওসি আব্দুস সালাম ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

সমকাল

নিহতের ছোট ছেলে রিপন চন্দ্র জানান, তার বাবা ভরত চন্দ্র রায় রেলওয়েতে খালাসি পদে চুক্তিভিত্তিক চাকরি করতেন। তিনি ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন। সোমবার সকালে অফিসের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হন। প্রতিদিন সন্ধ্যার মধ্যে বাড়ি ফিরলেও সেদিন রাত ৭টার দিক থেকে তার ফোন আমরা বন্ধ পাই। সারারাত বাড়িতে না ফেরায় সকালে খুঁজতে এসে জানতে পারি বাবাকে কে বা কারা রশি দিয়ে হাত বেঁধে হত্যা করে রেললাইনে ফেলে রেখে গেছে।

তিনি আরো জানান, তার বাবার দেড় লাখ টাকা বকেয়া বেতন পাওয়ার কথা ছিল সোমবার। ওই টাকা দিয়ে আজ মঙ্গলবার চাচাতো বোনের বিয়ের জন্য মোটরসাইকেল কিনতে যাওয়ার কথা ছিল।

ভরত চন্দ্রের স্ত্রী ভারতী বানী জানান, আমার স্বামীর কোনো শত্রু আছে বলে আমার জানা নেই। কী কারণে তাকে এভাবে হত্যা করা হয়েছে তা বুঝতে পারছি না। আমার প্রয়াত দেবরের মেয়ে সোনামনির বিয়ে আগামী বৃহস্পতিবার। আজ মঙ্গলবার মোটরসাইকেল কিনতে যাওয়ার কথা। এখন সব চুরমার হয়ে গেল।

The Daily Star বাংলা English



ANNEX-66

রাজনীতি

নরসিংদীতে আ. লীগ-বিএনপি সংঘর্ষ: স্থানীয়রা বলছেন নিহত ২, পুলিশের দাবি এক

নিজস্ব সংবাদদাতা, ব্রাহ্মণবাড়িয়া ও নরসিংদী

শুক্রবার মার্চ ২১, ২০২৫ ১২:৫৮ অপরাহ্ন সর্বশেষ আপডেট: শুক্রবার মার্চ ২১, ২০২৫ ১২:৫৮ অপরাহ্ন



সংঘর্ষে আহতরা রায়পুরা হাসপাতালে চিকিৎসা নিতে এসেছেন। ছবি: সংগৃহীত

সমর্থকদের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে দুজন নিহত হয়েছেন বলে জানা গেছে।



তবে জেলা পুলিশের কর্মকর্তারা একজন নিহতের তথ্য দ্য ডেইলি স্টারকে নিশ্চিত করেছেন।

নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) সুজন চন্দ্র সরকার জানান, সংঘর্ষে আমিন নামের একজন গুলিবিদ্ধ হয়ে মারা গেছেন।

স্থানীয়দের বরাতে জানা গেছে, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে স্থানীয় আওয়ামী লীগ নেতা আব্দুস সালাম মিয়া ও চাঁনপুর ইউনিয়ন পরিষদের সদস্য বিএনপি সমর্থক শামসু মিয়ার মধ্যে দ্বন্দ্ব চলে আসছিল। এই দ্বন্দ্বের জেরে শামসু ও তার সমর্থকদের এলাকা ছাড়া করেছিলেন সালাম মিয়ার লোকজন। গত ৫ আগস্ট সরকার পতনের পর শামসু ও তার সমর্থকরা এলাকায় ফিরে এসে সালাম মিয়ার সমর্থকদের এলাকা ছাড়া করেন। শুক্রবার ভোরে সালাম মিয়া ও তার সমর্থকরা এলাকায় ফিরলে শামসুর পক্ষের লোকেরা বাঁধা দেয়। একপর্যায়ে উভয় পক্ষের লোকেরা দেশীয় অস্ত্র, দা, ছুরি ও ককটেল নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে প্রতিপক্ষের ছোড়া গুলি ও ছুরিকাঘাতে দুজন ঘটনাস্থলেই নিহত হন। এছাড়া উভয় পক্ষের অন্তত ১০-১২ জন আহত হন।

হাসপাতালে চিকিৎসা নিতে আসা আহতরা ডেইলি স্টারকে জানান, সংঘর্ষে দুজন নিহত হয়েছেন। তারা হলেন, মোহিনীপুর গ্রামের খোরশেদ মিয়ার ছেলে আমিন (২৩) ও একই গ্রামের বারেক হাজীর ছেলে বাশার (৩৫)।



তারা দুজনই আওয়ামী লীগ নেতা সালাম মিয়ার সমর্থক বলে দাবি করেছেন স্থানীয়রা।

এদিকে সংঘর্ষে নিহত হওয়ার ঘটনায় পুরো এলাকাজুড়ে আতঙ্ক ও উত্তেজনা বিরাজ করছে। খবর পেয়ে রায়পুরা থানার পুলিশ ঘটনাস্থলে গেছে।

সম্পর্কিত বিষয়: নরসিংদী আওয়ামী লীগ বিএনপি সংঘর্ষ

7. List of the Awami League leaders killed in custody

Call for Independent Investigation into Deaths of 21 Awami League Leaders and Activists in Custody

Published on May 8, 2025

1676



The current interim government of Bangladesh must ensure full, transparent, and independent investigations into the reported custodial deaths of at least 21 members of the Awami League since Dr. Muhammad Yunus seized power. The killings, which allegedly occurred inside jails and under police custody—environments that should be among the safest in any civilized society—are a grave violation of both national laws and international human rights standards.

Since August 5, 2024, Awami League activists have reportedly been subjected to targeted violence by paramilitary forces loyal to the de facto regime of Dr. Yunus. Disturbingly, some of the victims were in good health at the time of their arrest but were allegedly tortured in custody, leading to severe health deterioration or death. In many cases, families were not informed about the victims' condition, nor were proper medical treatments provided despite urgent requests. Several detainees were implicated in questionable or fabricated charges either before or after arrest—raising serious concerns about the use of the judicial system to justify political persecution.

The systematic nature of these deaths within state-controlled facilities bears disturbing resemblance to historic atrocities in Bangladesh, including the 1950 Khapra Ward massacre and the targeted political killings of November 3, 1975.

Under domestic and international law, the state has a legal obligation to protect the rights of detainees, including their right to life, health, and due process. The failure to uphold these responsibilities, and the apparent impunity enjoyed by those responsible, represents a flagrant breach of fundamental human rights.


Despite the dire situation, we remain committed to the pursuit of justice. Every life lost in custody must be accounted for, and those responsible—no matter how powerful—must face legal consequences. The culture of impunity must end.

We call on the international community, human rights organizations, and all defenders of justice to stand with the families of the victims and demand independent investigations into these deaths in custody.

List of the 21 Awami League Leaders and Activists Who Died in Custody:
1. Elahi Sikder (19) – Gopalganj, died 7 Sept 2024
2. Shafiqul Islam (45) – Gaibandha, died 10 Sept 2024
3. Sohrab Hossain Apel (35) – Gaibandha, died 10 Sept 2024
4. Alimuzzaman Chowdhury (58) – Gopalganj, died 14 Oct 2024
5. Shahidul Islam Raton (58) – Bogura, died 11 Nov 2024
6. Abdul Latif (67) – Chapainawabganj, died 25 Nov 2024
7. Principal Shahadat Alam Jhunu (57) – Bogura, died 26 Nov 2024
8. Hazrat Ali (30) – Brahmanbaria, died 6 Dec 2024
9. Abdul Matin Mithu (65) – Bogura, died 9 Dec 2024
10. Ataur Rahman Angur (55) – Sirajganj, died 10 Dec 2024
11. Nitya Sarkar (44) – Manikganj, died 4 Jan 2025
12. Sheikh Zahirul Islam – Gazipur, died 10 Jan 2025
13. Mominur Islam (50) – Nilphamari, died 14 Jan 2025
14. Akhtar Sikder – Khulna, died 9 Feb 2025
15. Abdur Razzak (50) – Dhaka, died 13 Feb 2025
16. Siddiq Hossain Molla (45) – Naogaon, died 18 Feb 2025
17. Zahidul Islam Shipu – Tangail, died 23 Feb 2025
18. Emdadul Haque Bhutto (51) – Bogura, died 11 Mar 2025
19. Sujit Chandra Dey (40) – Kishoreganj, died 2 Apr 2025
20. Riyazul Islam alias Raizul (74) – Sunamganj, died 9 Apr 2025
21. Forjad Hossain Sojib – Chattogram, died 25 Apr 2025

Mohammad Ali Arafat
Member, Central Executive Committee
Bangladesh Awami League
Member of Parliament and Former State Minister for Information

TAGS:



The Rights & Risks Analysis Group (RRAG) is an independent think-tank based in New Delhi. It conducts risks analysis to prevent violations of human rights and fundamental freedoms with a specific focus on the threats to the rule of law and democracy. It provides early warnings on impending conflicts and analysis of policies and programmes of the State and non-State actors contributing to the proliferation or perpetuation of conflicts. Its special focus remains to change the current narrative on counter-terrorism.

The RRAG believes that risks to rights can be addressed through effective engagement with the stakeholders and independent and incisive analysis of the issues and situations for their effective interventions for the prevention of violations of human rights and fundamental freedoms.

RIGHTS AND RISKS ANALYSIS GROUP
C-3/441, Janakpuri, New Delhi-110058, India
Phone: +91 11 25628583
Email: director@rightsrisks.org
Website: www.rightsrisks.org